Notification to issue when water is to be applied for public purposes.

6 Whenever it appears expedient to the Lieutenant Governor that the water of any river or stream flowing in a natural channel or of any lake or other natural collection of still water should be applied or used by the Government for the purpose of any existing or projected canal

the Lieutenant Governor may by notification in the official Gazette declare that the said water will be so applied or used after a day to be named in the said notification, not being earlier than three months from the date thereof

Powers of Canal Officers.

7 At any time after the day so named, any Canal Officer, acting under the orders of the Lieutenant Governor in this behalf may enter on any land and remove any obstructions and may close any channels and do any other thing necessary for such application or use of the said water

Notice as to claims for compensation.

8 As soon as is practicable after the issue of such notification, the Collector shall cause public notice to be given at convenient places stating that the Government intends to apply or use the said water as aforesaid, and that claims for compensation in respect of the matters mentioned in section nine may be made before him

Damage for which no compensation shall be awarded.

9 No compensation shall be awarded for any damage caused by—

(*a*) stoppage or diminution of percolation or floods

(*b*) deterioration of climate or soil

(*c*) stoppage of navigation, or of the means of drifting timber or watering cattle

Matters in respect of which compensation may be awarded.

But compensation may be awarded in respect of any of the following matters —

(*d*) Stoppage or diminution of supply of water through any natural channel to any defined artificial channel, whether above or under ground in use at the date of the said notification

দ্বিতীয় অধ্যায় ।

সাধারণের হিতজনক কার্য্যে জল প্রয়োগের কথা ।

সাধারণের হিতজনক কার্য্যে জল যোগাইতে হইলে জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা ।

৬ ধারা । যে খাল আছে কিম্বা যে খাল করিবার কল্পনা থাকে সেই খালের কার্য্যের নিমিত্তে কোন নদীর কিম্বা স্বাভাবিক নালার স্রোতের জল, কিম্বা কোন হ্রদের কি স্বাভাবিক অন্য জলাশয়ের স্থির জল গবর্ণমেন্টের প্রয়োগ কি ব্যবহার করা বিহিত, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইহা জানিতে পাইলে,

কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া জানাইবেন যে, ঐ জ্ঞাপনপত্রের তারিখঅবধি তিন মাসের অন্যূন যে তারিখ নির্দ্ধারিত হয়, সেই তারিখ অবধি ঐ জল তদ্রূপে প্রয়োগ হইবে কিম্বা ঐ জলের তদ্রূপ ব্যবহার হইবে ইতি ।

খালের কর্ত্তৃপক্ষদের ক্ষমতার কথা ।

৭ ধারা । উক্তরূপে নির্দ্ধারিত দিনের পর কোন সময়ে, খালের কোন কর্ত্তৃপক্ষ শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞাধীনে কর্ম্ম করিয়া, কোন ভূমিতে গমনপূর্ব্বক উক্ত প্রকারে জল প্রয়োগ কি ব্যবহার হইবার অবরোধক কোন বিষয় স্থানান্তর করিতে কিম্বা কোন নাল বন্ধ করিতে ও অন্য যে কার্য্য আবশ্যক তাহা করিতে পারিবেন ইতি ।

হানিপূরণের দাওয়া করা গেলে তাহার নোটিসের কথা ।

৮ ধারা । ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার পর যত শীঘ্র হয়, কালেক্টর সাহেব উপযুক্ত নানা স্থানে এই মর্ম্মের নোটিস লটকাইয়া দিবেন যে গবর্ণমেন্ট পূর্ব্বোক্তমতে উক্ত জল প্রয়োগ কি ব্যবহার করিতে মনস্থ করিয়াছেন অতএব ৯ ধারার উল্লিখিত কোন বিষয়ে কোন ব্যক্তির হানিপূরণের দাওয়া থাকিলে ঐ কালেক্টর সাহেবকে জানাইবেন ইতি ।

যে২ বিষয়ের হানিপূরণ করিয়া দেওয়া না যাইবে তাহার কথা ।

৯ ধারা । নিম্নলিখিত কোন কার্য্যদ্বারা হানি হইলেও সেই হানিপূরণ করিয়া দিবার আজ্ঞা হইবে না,—

(ক) জলক্ষরণ কি বন্যা বন্ধ হওন কি কমিয়া পড়ন ।

(খ) জলবায়ুর কি মৃত্তিকার গুণের অপকৃষ্ট হওন ।

(গ) নৌকাদি গমনের কি বাহাদুরী কাষ্ঠ ভাসাইয়া লওনের কি গোমেষাদির জলপানের উপায় বন্ধ হওন ।

যে২ বিষয়ের হানিপূরণের আজ্ঞা হইতে পারে তাহার কথা ।

কিন্তু নিম্নলিখিত কোন বিষয়ের নিমিত্তে হানিপূরণ পাওয়া যাইতে পারিবে —

(ঘ) উক্ত জ্ঞাপনপত্রের তারিখে মাটির উপর কি নীচে নির্দ্দিষ্ট যে কৃত্রিম নালার ব্যবহার হয় তাহাতে স্বাভাবিক কোন নালা দিয়া যে জল আইসে তাহা বন্ধ হওন কি কমিয়া যাওন ।

(*e*) Stoppage or diminution of supply of water to any work erected for purposes of profit on any channel, whether natural or artificial in use at the date of the said notification

(*f*) Stoppage or diminution of supply of water through any natural channel which has been used for purposes of irrigation within the five years next before the date of the said notification

(*g*) Damage done in respect of any right to a village channel or the use of any water to which any person is entitled under the Indian Limitation Act, 1871 Part IV

(*h*) Any other substantial damage not falling under any of the above clauses (*a*) (*b*) or (*c*) and caused by the exercise of the powers conferred by this Act which is capable of being ascertained and estimated at the time of awarding such compensation

In determining the amount of such compensation regard shall be had to the diminution in the market value at the time of awarding compensation, of the property in respect of which compensation is claimed and where such market value is not ascertainable the amount shall be reckoned at twelve times the amount of the diminution of the annual net profits of such property, caused by the exercise of the powers conferred by this Act

No right to any such supply of water as is referred to in clauses (*d*) ( ) or (*f*) of this section in respect of a work or channel not in use at the date of the notification shall be acquired as against the Government except by grant or under the Indian Limitation Act 1871 Part IV

10 No claim for compensation for any such stoppage diminution or damage shall be made after the expiration of one year from such stoppage diminution or damage unless the Collector is satisfied that the claimant had sufficient cause for not making the claim within such period

Limitation of claims

11 The Collector shall proceed to enquire into any such claim and to determine the amount of compensation, if any which should be given to the claimant, and sections nine to twelve (inclusive) fourteen and fifteen eighteen

Enquiry into claim and amount of compensation

(চ) উক্ত জ্ঞাপনপত্রের তারিখে স্বাভাবিক কি কৃত্রিম যে নালার ব্যবহার হয় সেই নালায় লভ্যের নিমিত্ত যে বিষয় নির্ম্মিত হয় সেই বিষয়ের জলসম্পোষ্য বন্ধ হওন কি কমিয়া যাওন।

(ছ) উক্ত জ্ঞাপনপত্রের তারিখের পূর্ব্ব পাঁচ বৎসরের মধ্যে যে জল স্বাভাবিক কোন নালা দিয়া গিয়া ক্ষেত্রাদিতে সেঁচিবার নিমিত্ত ব্যবহার হইত কিন্তু তাহার বন্ধ হওন কি কমিয়া যাওন।

(জ) গ্রামীয় জলনালার স্বত্ব পক্ষে কিম্বা মিয়াদ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইনের ৪ অধ্যায়মতে কোন ব্যক্তির যে জল পাইবার অধিকার থাকে তাঁহার সেই অধিকার পক্ষে যে হানি করা গেল তাহা।

(ঝ) গুরুতর অন্য যে হানি উক্ত (ক) (খ) বা (গ) প্রকরণের মধ্যে না আইসে ও এই আইনক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করণদ্বারা হইল কিন্তু হানিপূরণের আজ্ঞা করণ সময়ে নিশ্চয়মতে জানা যাইতে ও গণনা হইতে পারে সেই হানি।

হানিপূরণস্বরূপ যত টাকা দেওয়া উচিত ইহা নিরূপণ করিতে গেলে যে সম্পত্তির উপলক্ষে ঐ হানিপূরণের দাওয়া হয় হানিপূরণের আজ্ঞা করণসময়ে বাজারে ঐ সম্পত্তির মূল্য কমিয়া গেলে তাহারও বিবেচনা করিতে হইবে। বাজারে তাহার মূল্য নিশ্চয়মতে জানা যাইতে না পারিলে এই আইনক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য হওনদ্বারা ঐ সম্পত্তির নিট লভ্য বৎসরে যত টাকা পর্য্যন্ত কমিয়া গেল তাহার দ্বাদশগুণ বাজারের ভাও বলিয়া ধরিতে হইবে।

জ্ঞাপনপত্রের তারিখে যে কার্য্যের কি নালার ব্যবহার না ছিল তদুপলক্ষে এই ধারার (ঘ) (চ) কি (ছ) প্রকরণে জল পাইবার যে অধিকারের উল্লেখ হইয়াছে তাহার প্রদান না করা গেলে কিম্বা মিয়াদবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইনের ৪ অধ্যায়মতে প্রাপ্ত না হইলে গবর্ণমেণ্টের বিপক্ষে সেই অধিকার পাওয়া যাইতে পারিবে না ইতি।

১০ ধারা। জল বন্ধ হওনের কি কমিয়া যাওনের কিম্বা হানির নিমিত্ত হানিপূরণের যে দাওয়া হয়, এক বৎসরের মধ্যে দাওয়াদারের সেই দাওয়া উপস্থিত না করিবার বিশিষ্ট কারণ ছিল, কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে না জানিলে এক বৎসরের পর ঐ দাওয়া করা যাইতে পারিবে না ইতি।

দাওয়া করিবার মিয়াদের কথা।

১১ ধারা। তদ্রূপ যে কোন দাওয়া করা যায়, কালেক্টর সাহেব ঐ দাওয়ার তদন্ত লইতে প্রবর্ত্ত হইবেন ও দাওয়াদারের হানিপূরণ দিতে হইলে কত টাকা দিতে হইবে ইহা স্থির করিবেন।

দাওয়ার ও হানিপূরণার্থ যত টাকা দেওয়া উচিত ইহার অনুসন্ধান লওয়ার কথা।

to twenty three (inclusive) twenty six to forty (inclusive) fifty one, fifty seven, fifty eight and fifty nine of the Land Acquisition Act, 1870 shall apply to such enquiries

ও তদ্রূপ তদন্ত লওয়ার কার্য্যপক্ষে ভূমিগ্রহণবিষয়ক ১৮৭০ সালের আইনের ৯ অবধি ১২ পর্য্যন্ত ধারা, ও ১৪ ও ১৫ ধারা ও ১৮ অবধি ২৩ পর্য্যন্ত ধারা, ও ২৬ অবধি ৪০ পর্য্যন্ত ধারা ও ৫১, ৫৭, ৫৮, ও ৫৯ ধারা খাটিবে।

Provided that instead of the last clause of the said section twenty six, the following shall be read The provisions of this section and of section nine of the Bengal Irrigation Act 1875 shall be read to every assessor in a language which he understands before he gives his opinion as to the amount of compensation to be awarded

কিন্তু উক্ত ২৬ ধারার শেষ প্রকরণের পরিবর্ত্তে এই প্রকরণ পাঠ করিতে হইবে।— 'এই আইনমতে হানি পূরণের কত টাকা নিরূপণ করিতে হইবে এই বিষয়ে আসেসরের মত জ্ঞাত করিবার পূর্ব্বে তিনি যে ভাষা বুঝেন এই ধারার ও বঙ্গদেশীয় জলসেচন বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৯ ধারার বিধান সেই ভাষায় তাঁহার নিকট পাঠ করা যাইবে ইতি'।

Abatement of rent on interruption of supply

12 Every tenant holding under an unexpired lease or having a right of occupancy who is in occupation of any land at the time when any stoppage or diminution of water supply in respect of which compensation is allowed under section nine takes place may claim an abatement of the rent previously payable by him for the said land on the ground that the interruption reduces the value of the holding

জলসম্পোষের আটক হইলে খাজানা কমাইয়া দিবার কথা।

১২ ধারা। কোন ভূমি সম্পার্কীয় জল বন্ধ হইলে কি কমিয়া গেলে, যদি ৯ ধারামতে তজ্জন্যে হানি-পূরণ পাইতে পারা যায় তবে যে সময়ে ঐ জল বন্ধ হয় কি কমিয়া যায় সেই সময়ে পাট্টার মিয়াদ গত না হওয়া প্রযুক্ত কিম্বা ভোগদখলের স্বত্ব থাকাতে ঐ ভূমি যে প্রজার ভোগদখলে থাকে তিনি ঐ জমির যত খাজানা দিতেন জলের বাধাপ্রযুক্ত তাহার যোতের মূল্য কমিয়াছে বলিয়া সেই খাজানা কমাইয়া দিবার দাওয়া করিতে পারিবেন ইতি।

Enhancement of rent on restoration of water supply

13 If a water supply increasing the value of such holding is afterwards restored to the said land the rent of the tenant may be enhanced, in respect of the increased value of such land due to the restored water supply to an amount not exceeding that at which it stood immediately before the abatement

জলসম্পোষ পুনর্ব্বার করিয়া দেওয়া গেলে খাজানা বৃদ্ধি করিবার কথা।

১৩ ধারা। সেই জমীতে পুনর্ব্বার জলসম্পোষ করিয়া দেওয়া যাওয়াতে যদি যোতের মূল্য বৃদ্ধি হইয়া যায় তবে জলসম্পোষদ্বারা ঐ ভূমির মূল্য যত দূর বৃদ্ধি হইয়া উঠিল তদনুসারে প্রজার খাজানা বৃদ্ধি হইতে পারিবে। কিন্তু খাজানা ন্যূন করিবার পূর্ব্বেই যত খাজানা দেওয়া যাইত তাহার অধিক বৃদ্ধি হইবে না।

Such enhancement shall be on account only of the restored water supply and shall not affect the liability of the tenant to enhancement of rent on any other grounds

ঐ রূপ যে খাজানা বৃদ্ধি করা যায় তাহা কেবল পুনর্ব্বার জলসম্পোষ করিয়া দেওয়া হেতুক। অন্য কোন কারণে প্রজার খাজানা বৃদ্ধি হইতে পারিলে ইহাতে ব্যাঘাত হইবে না ইতি।

Compensation when due

14 All sums of money payable for compensation under this Act shall become due three months after the claim for such compensation is made in respect of the stoppage diminution or damage complained of and simple interest at the rate of six per cent per annum shall be allowed on any such sum remaining unpaid after the said three months, except where the non payment of such sum is caused by the wilful neglect or refusal of the claimant to receive the same

Interest

হানিপূরণের টাকা যে সময়ে দেনা হয় তাহার কথা।

১৪ ধারা। এই অধ্যায়মতে হানিপূরণের টাকা দেনা হইলে জল বন্ধ হওন কি কমাইয়া দেওন প্রযুক্ত কিম্বা অন্য যে হানির নালিশ হয় তন্নিমিত্তক ঐ হানিপূরণের দাওয়া হইবার তারিখ-অবধি তিন মাস গত হইলে ঐ টাকা দেনা হইবে। ও উক্ত তিন মাসের পর তাহার যত টাকা শোধ না হইয়া থাকে তাহার উপর বৎসর শতকরা ৬ টাকার হিসাবে সামান্য সুদ দেওয়া যাইবে। কিন্তু দাওয়াদার ইচ্ছাপূর্ব্বক ঐ টাকা লইতে শৈথিল্য করণ কি অসম্মত হওনপ্রযুক্ত ঐ টাকা শোধ না হইলে ঐ সুদ চলিবে না ইতি।

সুদের কথা।

PART III

OF THE MAINTENANCE OF CANALS

15 Whenever it shall be necessary to make any enquiry or examination in connection with a projected canal or with the maintenance of an existing canal any Canal Officer or other person acting under the general or special orders of a Canal Officer may enter upon any lands adjacent to a canal, and may exercise all powers and do all things in respect of such lands as he might exercise and do if the Government had issued a notification under the provisions of section four of the Land Acquisition Act, 1870 to the effect that land in that locality is likely to be needed for a public purpose

Entry for enquiry

16 Such Canal Officer or other person may also enter upon any land building or watercourse on account of which any water rate is chargeable, for the purpose of inspecting or regulating the use of the water supplied, or of measuring the lands irrigated thereby or chargeable with a water rate, and of doing all things necessary for the proper regulation and management of such canal

Power to inspect and regulate water supply

17 In case of any accident being apprehended or happening to a canal, any Canal Officer or any person acting under his general or special orders in this behalf may enter upon any lands adjacent to such canal, and may execute all works which may be necessary for the purpose of preventing such accident, or repairing any damage done

Power to enter for repairs and to prevent accidents

18 When such Canal Officer or person proposes, under the provisions of either of the two sections last preceding to enter into any building or enclosed court or garden attached to a dwelling house not supplied with water flowing from any canal, he shall previously give to the occupier of such building court or garden such reasonable notice as the urgency of the case may allow

Notice to occupier of building &c

19 In every case of entry upon any land or building under section seven section fifteen, section sixteen, or section seventeen, the Canal Officer or person making the entry shall ascertain and record the nature of any crop, tree,

Compensation for damage to land

তৃতীয় অধ্যায়।

খাল সারাইয়া রাখিবার কথা।

১৫ ধারা। প্রস্তাবিত খালের সম্পর্কে কিম্বা যে খাল আছে তাহা সারাইয়া রাখণ বিষয়ে কোন অনুসন্ধান কি তদন্ত লওয়া আবশ্যক হইলে, খালের কোন কর্ত্তৃপক্ষ, কিম্বা অন্য যে ব্যক্তি খালের কর্ত্তৃপক্ষের সাধারণ কি বিশেষ আজ্ঞা ক্রমে কর্ম্ম করেন তিনি খালের নিকট কোন জমাতে যাইতে পারিবেন, এবং সাধারণের হিতজনক কার্য্যের নিমিত্ত তৎস্থানের জমার প্রয়োজন থাকার সম্ভাবনা গবর্ণমেণ্ট ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের ৪ ধারার বিধানমতে এই মর্ম্মের জ্ঞাপনপত্র প্রকাশ করিলে তিনি যে সকল ক্ষমতামতে যে২ কার্য্য করিতে পারিতেন, সেই ভূমি সম্পর্কেও সেই সকল ক্ষমতামতে সেই২ কার্য্য করিতে পারিবেন ইতি।

অনুসন্ধান লইবার জন্যে যাওয়ার কথা।

১৬ ধারা। যে ভূমির কি ঘরের কি জল প্রণালীর নিমিত্ত কোন জলকর লওয়া যাইতে পারে তাহাতে যে জল যোগাইয়া দেওয়া যায় খালের ঐ কর্ত্তৃপক্ষ কি ঐ অন্য ব্যক্তি তাহা দেখিবার ও তাহার ব্যবহারের বিধান করিবার নিমিত্তে কিম্বা যে ভূমিতে ঐ জল সেচিয়া দেওয়া যায় কিম্বা যে ভূমির উপর জলের কর লাগে তাহা মাপিবার নিমিত্তে এবং ঐ খালের সুবিধান করিবার ও তৎসম্পর্কীয় কার্য্য উপযুক্তমতে চালাইবার জন্যে আবশ্যক সকল কার্য্য করিবার নিমিত্ত ঐ ভূম্যাদিতে প্রবেশ করিতে পারিবেন ইতি।

যে জল যোগাইয়া দেওয়া যায় তাহা দেখিয়া তাহার বিধান করণের কথা।

১৭ ধারা। খালের কোন দুর্ঘটনা ঘটিলে কি ঘটিবার সম্ভাবনা থাকিলে খালের কোন কর্ত্তৃপক্ষ কিম্বা এতৎপক্ষে তাহার সাধারণ কি বিশেষ আজ্ঞাক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তি ঐ খালের লাগাও কোন জমাতে গিয়া ঐ দুর্ঘটনা নিবারণ করিবার কিম্বা হানি সারাইয়া দিবার নিমিত্ত যে কর্ম্ম আবশ্যক হয় তাহা করিয়া দিতে পারিবেন ইতি।

সারাইয়া দিবার ও দুর্ঘটনা নিবারণের জন্যে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

১৮ ধারা। কোন খালের জল যে বাটীতে কিম্বা ঘেরা প্রাঙ্গণে কিম্বা বসতবাটী সংযুক্ত বাগানে যোগাইয়া না দেওয়া যায় খালের উক্ত কর্ত্তৃপক্ষ কি উক্ত অন্য ব্যক্তি ইহার পূর্ব্ব দুই ধারার কোন এক ধারার বিধানমতে ঐ বাটীতে কি প্রাঙ্গণে কি বাগানে যাইতে মনস্থ করিলে তিনি কর্ম্মের আবশ্যক বিবেচনায় উপযুক্ত সময় থাকিতে ঐ বাটীর কি প্রাঙ্গণের কি বাগানের দখিলকারকে আপনার সেই মনস্থের নোটিস দিবেন ইতি।

গৃহাদির প্রজাকে নোটিস দিবার কথা।

১৯ ধারা। ৭, ১৫ ১৬ কি ১৭ ধারামতে খালের কর্ত্তৃপক্ষ কি অন্য ব্যক্তি কোন ভূমিতে কি ঘরে প্রবেশ করিলে, যে ফসলের কি বৃক্ষের কি ঘরের কি অন্য সম্পত্তির কোন হানি হইয়া থাকে তিনি তাহা নিশ্চয়মতে জানিয়া তাহার

ভূম্যাদির হানি হইলে সেই হানিপূরণের কথা।

building or other property to which damage has been done and the extent of the damage done to any such property and shall tender compensation to the proprietors or occupiers for all damage done to the same by the entry or by any works executed If such tender is not accepted the Canal Officer shall refer the matter to the Collector who shall thereupon give notice in writing to the persons interested in such land and to the Canal Officer requiring them to attend before him on a date to be fixed in the notification for the purpose of settling the amount of compensation

On the date so specified the Collector shall proceed to determine the amount of compensation and to pay the same to the persons entitled to it

In case the Collector and the persons interested differ as to the sufficiency of the compensation the Collector shall refer such difference for the final order of the Civil Court

ভাব ও তদ্রূপ কোন সম্পত্তির যত দূর হানি হইয়াছে ইহা লিপিবদ্ধ করিয়া, প্রবেশ করণদ্বারা কিম্বা যে কার্য্য করা গেল তদ্দ্বারা যত হানি হইয়াছে অধিকারিদের কি প্রজাদের সেই হানিপূরণ করিবার প্রস্তাব করিবেন। সেই প্রস্তাব গ্রাহ্য না হইলে খালের কর্তৃপক্ষ কালেক্টর সাহেবের প্রতি সেই বিষয় অর্পণ করিবেন। তাহা হইলে, ঐ ভূমিতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তিনি তাঁহাদের নামে ও খালের কর্তৃপক্ষের নামে নোটিস লিখিয়া দিয়া ঐ হানিপূরণের টাকা নির্দ্ধার্য্য করিবার নিমিত্ত ঐ নোটিসের নির্দ্দিষ্ট তারিখে তাঁহাদিগকে আপনার সম্মুখে উপস্থিত হইতে আজ্ঞা দিবেন।

সেই তারিখে কালেক্টর সাহেব হানিপূরণের টাকা নির্দ্ধার্য্য করিয়া যাহাদের অধিকার থাকে তাঁহাদিগকে ঐ টাকা দিতে প্রবর্ত্ত হইবেন।

হানিপূরণের টাকা যথোপযুক্ত হয় নাই বলিয়া কালেক্টর সাহেবের ও সেই সম্পর্কযুক্ত ব্যক্তিদের অনৈক্য হইলে কালেক্টর সাহেব চূড়ান্ত আজ্ঞা হওয়ার নিমিত্ত দেওয়ানী আদালতে ঐ বিবাদ অর্পণ করিবেন ইতি।

20 Suitable means of crossing canals constructed or maintained at the cost of Government shall be provided at such places as the Lieutenant Governor thinks necessary for the reasonable convenience of the inhabitants of the adjacent lands and suitable bridges culverts or other works shall be constructed to prevent the drainage of the adjacent lands being obstructed by any canal

Government to provide means of crossing and drainage. [side-note, largely illegible]

On receiving a statement in writing, signed by not less than five of the owners of such lands, to the effect that suitable crossings or means of drainage have not been provided on any canal the Collector shall cause inquiry to be made into the circumstances of the case and if the statement is established shall report his opinion thereon for the consideration of the Lieutenant Governor and the Lieutenant Governor shall cause such measures in reference thereto to be taken as he thinks proper

২০ ধারা। গবর্ণমেণ্টের খরচে যে২ খাল প্রস্তুত করা কি সারাইয়া রাখা যায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই২ খালের সন্নিকট ভূমিবাসিদের যুক্তিমত সুবিধার জন্যে যে২ স্থানে পারাবার হইবার উপযুক্ত উপায় করা আবশ্যক বোধ করেন সেই২ স্থানে সেই২ প্রকারের উপায় করাইয়া দেওয়া যাইবে। এবং কোন খালের দ্বারা নিকটস্থ জমীর জলবাহির হইবার কোন বাধা না হয় এই কারণে উপযুক্ত সাঁকো কি কলবর্ট কি অন্য বিষয় প্রস্তুত করাইয়া দেওয়া যাইবে।

খালের পারাবার হইবার উপায় গবর্ণমেণ্টের করিতে হইবার কথা।

কোন খাল পারাবার হইবার কিম্বা জলবাহির হইবার উপযুক্ত উপায় করা যায় নাই ঐ ভূমির স্বামিদের মধ্যে অন্যূন পাঁচ জন এই মর্ম্মের পত্র লিখিয়া স্বাক্ষর করিয়া কালেক্টর সাহেবকে দিলে তিনি ঐ পত্র পাইয়া সেই বিষয়ের বৃত্তান্তের অনুসন্ধান লইবেন ও সেই কথা ঠিক জানিতে পাইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের বিবেচনার্থে আপনার অভিমতের রিপোর্ট করিবেন। তাহা হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তদ্বিষয়ের যে বিধান বিহিত বোধ করেন করাইয়া দিবেন ইতি।

PART IV

OF VILLAGE CHANNELS

21 Person in this part includes any number of persons acting jointly

Definition of person.

22 The Canal Officer shall keep a register of all village channels connected with a canal, whether already existing or constructed under this Act and of the owners of such channels

Register of village channels to be kept up.

[*Government Gazette* 13th July 1875]

চতুর্থ অধ্যায়।

গ্রামীয় জলনালার কথা।

২১ ধারা। এই অধ্যায়ে 'ব্যক্তি' শব্দের মধ্যে যাহারা যৌতায় কর্ম্ম করেন তাহারাও গণ্য ইতি।

ব্যক্তি শব্দের অর্থের কথা।

২২ ধারা। কোন খালের সঙ্গে গ্রামীয় যে জলনালার সংযোগ থাকে, সেই খাল পূর্ব্বাবধি থাকিলে কি এই আইনমতে প্রস্তুত করিয়া দেওয়া গেলেও, খালের কর্তৃপক্ষ সেই সকল জলনালার ও তাহার স্বামিদের রেজিষ্টর রাখিবেন।

গ্রামীয় জলনালার রেজিষ্টর রাখিতে হইবার কথা।

A village-channel made as an extension of, or a branch to, an existing village channel shall be registered as a separate village channel and for greater convenience in determining the rights and liabilities of all persons under this Act, so much of the length of any village channel as lies within the limits of any one village or mouzah shall ordinarily be entered on the register as a separate village channel Every section of a village channel so separately borne on the register shall be deemed to be a separate village channel in respect to all rights and liabilities imposed by this Act

Provided always that whenever it shall seem fit to the Canal Officer for any special reason to enter upon his register as one village channel a section of a village channel which includes portions lying within two or more villages or mouzahs, the Canal Officer may, with the consent of the collector obtained in writing register such section as one village channel, and all rights and liabilities in respect of the channel so registered shall attach jointly and severally to all the owners of such channel

23 Any person may acquire the property in an existing village channel for the purpose of improving or maintaining it—

Any person may acquire an existing village channel by agreement

(*a*) By taking over, with the consent of a Canal Officer, any village channel belonging to Government

(*b*) By transfer of a village channel from the owner thereof by private agreement

24 Any person may, with the permission of a Canal Officer construct a new village channel by private arrangement with the owners or occupiers of the land affected

Any person may construct a new village channel by agreement

25 Any person desiring the construction of a new village channel but being unable or unwilling to construct it by private agreement, may apply in writing to a Canal Officer stating—

Any person may construct village channel by applying to Canal Officer

(*a*) that he desires the said Canal Officer, in his behalf and at his cost, to do all things necessary for constructing such channel

গ্রামীয় যে জলনালা আছে তাহা বাড়াইয়া কিম্বা তাহার শাখাস্বরূপ গ্রামীয় জলনালা করা গেলে তাহাও স্বতন্ত্র গ্রামীয় জলনালা বলিয়া রেজিস্টরী করা যাইবে। এবং এই আইনমতে সকল ব্যক্তির যে অধিকার ও দায় থাকে তাহা নির্ণয় করিবার সুবিধা হয় এই কারণে গ্রামীয় কোন নালার লম্বাইর যে অংশটি কোন এক গ্রামের কি মৌজার সীমার মধ্যে থাকে সচরাচর তাহা স্বতন্ত্র গ্রামীয় জলনালা বলিয়া রেজিস্টরে লেখা যাইবে। রেজিস্টরে গ্রামীয় একি জলনালার যেং অংশটি তদ্রূপে স্বতন্ত্র করিয়া লেখা যায় এই আইনক্রমে যে অধিকার ও দায় অবধারিত হয় তৎসম্পর্কে সেইং অংশ স্বতন্ত্র গ্রামীয় জলনালা বলিয়া জ্ঞান হইবে।

পরন্তু গ্রামীয় জলনালার যে অংশের মধ্যে দুই কি তদধিক গ্রামের কি মৌজার অন্তর্গত অংশ থাকে খালের কর্তৃপক্ষ বিশেষ কোন কারণে গ্রামীয় একি জলনালা বলিয়া তাহা রেজিস্টরে লেখা উচিত বোধ করিলে তিনি কালেক্টর সাহেবের লিখিত অনুমতি পাইয়া গ্রামীয় একি জলনালা বলিয়া সেই অংশটি রেজিস্টরী করিতে পারেন ও তদ্রূপে যে জলনালা রেজিস্টরী করা যায় তৎসম্পর্কীয় সকল অধিকার ও দায় একত্র ও স্বতন্ত্র ঐ জলনালার সকল স্বামির প্রতি বর্ত্তিবে ইতি।

২৩ ধারা। গ্রামীয় যে জলনালা বর্ত্তমান থাকে কোন ব্যক্তি তাহা উৎকৃষ্ট করিবার কি সারাইয়া রাখিবার অভিপ্রায়ে এইং প্রকারে তাহার স্বামিত্ব পাইতে পারিবেন

কোন ব্যক্তির করার করিয়া গ্রামীয় জলনালা পাইতে পারিবার কথা।

(ক) গ্রামীয় জলনালা গবর্ণমেণ্টের হইলে খালের কর্তৃপক্ষের সম্মতিক্রমে তাহা লওনের দ্বারা।

(খ) গ্রামীয় জলনালার স্বামির সঙ্গে আপোসে বন্দোবস্ত করিয়া তাহা হস্তান্তর করণ দ্বারা ইতি।

২৪ ধারা। যে জমীর লভ্যাদি জন্মিতে পারে কোন ব্যক্তি সেই জমীর স্বামিদের কি প্রজাদের সঙ্গে আপোসে বন্দোবস্ত করিয়া খালের কর্তৃপক্ষের অনুমতি লইয়া গ্রামীয় নূতন জলনালা প্রস্তুত করিতে পারিবেন ইতি।

বন্দোবস্ত করিয়া কোন ব্যক্তির গ্রামীয় নূতন জলনালা প্রস্তুত করিতে পারিবার কথা।

২৫ ধারা। কোন ব্যক্তি গ্রামীয় নূতন জলনালা প্রস্তুত করাইতে ইচ্ছা করিলে, ও আপোসে বন্দোবস্ত করিয়া তাহা করিতে না পারিলে কি অনিচ্ছুক হইলে তিনি খালের কর্তৃপক্ষের নিকট দরখাস্ত লিখিয়া এইং কথা জানাইতে পারিবেন

খালের কর্তৃপক্ষের নিকট দরখাস্ত করিয়া কোন ব্যক্তির গ্রামীয় জলনালা প্রস্তুত করিতে পারিবার কথা।

(ক) ঐ নালা প্রস্তুত করিবার জন্যে যেং কর্ম্ম করা আবশ্যক, খালের কর্তৃপক্ষ আমার পক্ষে ও আমার খরচে সেই সকল কর্ম্ম করেন আমার এই প্রার্থনা।

(b) that he is ready to defray all costs necessary for acquiring the land and constructing the channel

If the Canal Officer considers the construction of such village channel expedient he may call upon the applicant to deposit any part of the expense such Officer may consider necessary,

and upon such deposit being made shall cause inquiry to be made into the most suitable alignment for the said village channel,

and shall mark out the land which, in his opinion it will be necessary to occupy for the construction thereof

and shall forthwith publish a notification in every village through which the village channel is proposed to be taken, that so much of such land as is situated within such village has been so marked out

and shall send a copy of such notice to the Collector of every district in which any part of such land is situate

Such notification shall also call upon any person who wishes to be admitted a joint owner of such village channel to state his claim within thirty days of the publication of such notification If any claimant appears and his claim is admitted he shall be liable to pay his share in the construction of the village channel and in the cost of acquiring the land and shall be an owner of the village channel when constructed

26 On receipt of copy of such notification, the Collector shall proceed to acquire the land required under the provisions of the Land Acquisition Act, 1870 as if a declaration had been issued by the Government for the acquisition of the land under the provisions of section six of that Act and as if the Government had thereupon directed the Collector to take order for the acquisition of the land under section seven of the said Act

27 On being put in possession of the land, the Canal Officer shall construct the required village channel and on its completion shall give to the applicant notice thereof and of any balance payable by him on account of the cost of acquiring the land and construction of the work On such notice being given such balance shall be due from the applicant to the Canal Officer On receipt of payment in full of all such expenses, the canal officer shall make over possession of such channel to such applicant

[*Government Gazette*, 13*th July* 1870]

(খ) ভূমি পাইবার ও ঐ জলনালা প্রস্তুত করিবার যত খরচ লাগে আমি তাহা দিতে উদ্যত আছি।

গ্রামীয় সেই জলনালা প্রস্তুত করা বিহিত, খালের কর্ত্তৃপক্ষের এমত বিবেচনা থাকিলে, তিনি খরচের যত টাকা আবশ্যক জ্ঞান করেন দরখাস্তকারিকে তাঁহার কোন অংশ গচ্ছিত করিতে আজ্ঞা দিতে পারিবেন,

এবং ঐ টাকা গচ্ছিত করা গেলে, তিনি গ্রামীয় ঐ জল নালা করিবার অতি উপযুক্ত স্থানের অনুসন্ধান লইবেন,

ও তাঁহার বিবেচনায় ঐ জলনালা করিবার নিমিত্ত যে ভূমি লওয়া আবশ্যক তিনি সেই ভূমির চিহ্ন দিয়া,

যেং গ্রামের মধ্য দিয়া ঐ জলনালা চালাইবার অভিপ্রায় থাকে, সেইং গ্রামে ঐ ভূমির চিহ্ন দেওয়া গিয়াছে, প্রত্যেক গ্রামে এই মর্ম্মের নোটিস প্রচার করিয়া,

ঐ ভূমির কোন অংশ যেং জিলার মধ্যে থাকে সেইং জিলার কালেক্টর সাহেবের নিকট ঐ নোটিসের নকল পাঠাইবেন।

আরো কোন ব্যক্তি গ্রামীয় ঐ জলনালার সহস্বামী বলিয়া গ্রাহ্য হইতে ইচ্ছা করিলে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার পর ত্রিশ দিনের মধ্যে তাঁহার দাওয়া প্রকাশ করিতে ঐ জ্ঞাপনপত্রে আদেশ থাকিবে। কোন দাওয়াদার উপস্থিত হইলে ও তাঁহার দাওয়া গ্রাহ্য হইলে, গ্রামীয় ঐ জলনালা প্রস্তুত করণে ও ভূমি গ্রহণ করণে যত টাকা খরচ লাগে সেই খরচের একাংশ তাহার দিতে হইবে, ও গ্রামীয় সেই জলনালা প্রস্তুত করা গেলে তিনি তাহার এক জন স্বামী হইবেন ইতি।

২৬ ধারা। কালেক্টর সাহেব ঐ জ্ঞাপনপত্রের নকল পাইলে, ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের ৬ ধারার বিধানমতে ঐ জমী লওন বিষয়ক জ্ঞাপনপত্র গবর্ণমেণ্টহইতে প্রকাশ করা গেলে ও গবর্ণমেণ্ট কালেক্টর সাহেবের প্রতি ঐ আইনের ৭ ধারামতে ভূমি গ্রহণ করিবার বিধান করিতে আদেশ করিলে তিনি যদ্রূপে কর্ম্ম করিতেন, তদ্রূপেই ঐ আইনের বিধানমতে ভূমি গ্রহণ করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

কালেক্টর সাহেবের ভূমি গ্রহণ করিবার কথা।

২৭ ধারা। খালের কর্ত্তৃপক্ষকে ভূমির অধিকার দেওয়া গেলে পর, তিনি গ্রামীয় প্রস্তাবিত জলনালা প্রস্তুত করিবেন। সমাপ্ত হইলে দরখাস্তকারিকে সেই কথার নোটিস দিবেন, এবং ভূমি লওনের ও ঐ বিষয় প্রস্তুত করণের কার্য্যে তাঁহার বাকী দেনা থাকিলে তাহাও তাঁহাকে জানাইবেন। তদ্রূপে নোটিস দেওয়া গেলে দরখাস্তকারির স্থানে খালের কর্ত্তৃপক্ষের সেই বাকী পাওনা হইবে। ঐ খরচের সমুদয় টাকা পাইলে পর খালের কর্ত্তৃপক্ষ দরখাস্তকারিকে ঐ জলনালার অধিকার দেওয়াইবেন ইতি।

গ্রামীয় জলনালা প্রস্তুত হইবার পর কার্য্যপ্রণালীর কথা।

28 Whenever a Canal Officer considers that the transfer of a village channel from the owner is necessary for the proper management of the irrigation from such village channel, he may cause a notice to be served on the registered owner to appear on a certain day not less that fifteen days after service of notice, and to prefer any objection to such transfer After hearing such objection the Canal Officer may, with the consent of the Collector previously obtained, order that such village channel shall be transferred to such person as he may think fit, and that such person be registered as owner of the said village channel,

Canal Officer may direct transfer of a village channel

Provided that no person shall be registered as the owner of a village channel under this section, unless he has expressed in writing his willingness to be so registered, and until he has paid to the Canal Officer such sum as may be fixed by the Canal Officer under section thirty

29 Any person wishing to become the joint owner of an existing village channel may petition the Canal Officer to that effect, and on receipt of such petition the Canal Officer may, if he think fit, issue a notice as in the last section provided upon the registered owner and after hearing any objection which the registered owner may prefer against the admission of such applicant to be a joint owner, may direct that the applicant shall be registered as such joint owner

A person may be admitted joint owner of an existing village-channel

30 When deciding the question of transfer or of admission to joint ownership under either of the two sections last preceding the Canal Officer shall also determine what amount shall be paid—

Canal Officer shall determine compensation to be paid for transfer or acquisition of joint ownership

(a) As the costs of the proceedings,

(b) As compensation to the previous owners

and the amount so determined shall be due by the transferee or the person admitted to registry as a joint owner, as the case may be, and on payment of such amount, the village channel shall be transferred or the applicant shall be registered as a joint owner thereof, as the case may be

২৮ ধারা। গ্রামীয কোন জলনালা দ্বারা জল সেচনেব কার্য্য উপযুক্তমতে চালাইবাব নিমিত্ত স্বামির হাতহইতে তাহা হস্তান্তব কবিযা দেওয়া আবশ্যক, খালেব কর্ত্তৃপক্ষেব এমত বিবেচনা থাকিলে, তিনি বেজিষ্টবী স্বামিব নামে এই মর্ম্মের নোটিস জারী কবাইবেন যে ঐ নোটিস পাইবাব পর পঞ্চদশ দিনেব অন্যূন কোন নির্দ্ধাবিত দিবসে ঐ স্বামী উপস্থিত হইযা, ঐ হস্তান্তব হওন বিষযে আপত্তি থাকিলে সেই আপত্তি জ্ঞাত কবেন। খালেব কর্ত্তৃপক্ষ ঐ আপত্তি শুনিলে পব, কালেক্টব সাহেবেব অনুমতি গ্রহণ পূর্ব্বক যে ব্যক্তিকে উপযুক্ত জ্ঞান কবেন তাঁহারই প্রতি গ্রামীয় ঐ জলনালা হস্তান্তব করিযা দিবার ও গ্রামীয উক্ত জলনালাব স্বামী বলিয়া ঐ ব্যক্তিব রেজিষ্টবী হইবার আজ্ঞা করিবেন।

গ্রামীয় জলনালা হস্তান্তর করিতে খালের কর্ত্তৃপক্ষেব আজ্ঞা করিতে পারিবার কথা।

কিন্তু কোন ব্যক্তি গ্রামীয জলনালাব স্বামী বলিযা বেজিষ্টবী হইতে সম্মত আছেন এই কথা লিখিযা না জানাইলে, এবং খালেব কর্ত্তৃপক্ষ ৩০ ধাবামতে যত টাকা নির্দ্ধার্য্য কবেন তাঁহাকে তত টাকা না দিলে, তাঁহাব নাম এই ধারামতে তদ্রূপে বেজিষ্টরী কবা যাইবে না ইতি।

২৯ ধারা। গ্রামীয যে জলনালা বর্ত্তমান থাকে কোন ব্যক্তি তাহাব সহস্বামী হইতে ইচ্ছুক হইলে, খালেব কর্ত্তৃপক্ষেব নিকট সেই মর্ম্মেব দবখাস্ত করিবেন। খালেব কর্ত্তৃপক্ষ সেই দরখাস্ত পাইলে পব উচিত বোধ করিলে ইহাব পূর্ব্ব ধারার বিধানমতে বেজিষ্টবী স্বামিব নামে নোটিস জাবী কবিবেন। ও দবখাস্তকাবিব সহস্বামী বলিযা গ্রাহ্য হইবাব বিষযে রেজিষ্টবী স্বামী যে আপত্তি করেন তাহা শুনিলে পব দবখাস্তকাবিব সহস্বামী বলিয়া রেজিষ্টবী হইবাব আজ্ঞা দিতে পাবিবেন ইতি।

গ্রামীয় যে জলনালা আছে কোন ব্যক্তির সহস্বামী বলিয়া গ্রাহ্য হইবাব কথা।

৩০ ধাবা। খালের কর্ত্তৃপক্ষ ইহার পূর্ব্ব দুই ধারাব কোন এক ধাবামতে হস্তান্তব কবণেব কিম্বা সহস্বামী স্বরূপ গ্রাহ্য হওযার কথা নিষ্পত্তি কবিতে গেলে,

হস্তান্তর করিয়া দিবার কি সহস্বামিত্ব পাইবার জন্যে হানিপূরণের যত টাকা দিতে হইবে খালের কর্ত্তৃপক্ষেব ইহা নির্ণয় করিবার কথা।

(ক) আনুষ্ঠানিক কার্য্যেব খবচা বলিযা, ও

(খ) পূর্ব্ব স্বামিদের হানিপূরণ বলিযা,

কত টাকা দিতে হইবে, ইহাও নির্ণয় কবিবেন। তদ্রূপে যত টাকা নির্ণয কবেন যাহাব প্রতি হস্তান্তর করিয়া দেওয়া যায়, কিম্বা বিষযবিশেষে সহস্বামী বলিয় যে ব্যক্তিব নাম বেজিষ্টবী হইবাব নিমিত্ত গ্রাহ্য হয তাঁহাবই তত টাকা দেনা হইবে। সেই টাকা দিলে পব গ্রামীয জলনালা তাঁহাব প্রতি হস্তান্তব করিয়া দেওযা যাইবে, কিম্বা বিষযবিশেষে সেই দবখাস্তকারির নাম সহস্বামী বলিযা বেজিষ্টরী কবা যাইবে ইতি।

31 Instead of awarding payment of compensation under the section last preceding, the Canal Officer may fix an amount of rent to be paid annually to the previous owners by the persons to whom the village channel is transferred

Canal Officer may fix rent f a village-channel transferred

32 Every person

(*a*) acquiring a village channel as provided in section twenty three or

(*b*) constructing a village channel as provided in section twenty four or

(*c*) receiving possession of a village channel as provided in section twenty seven or

(*d*) acquiring a village channel by transfer, or being admitted to registration as joint owner in a village channel as provided in section thirty,

shall be deemed to be owner of such village channel

33 Every owner of a village channel shall be bound—

Obl gat n l gl t cf owner of illag t n l

(*a*) To construct and maintain all works necessary for the passage across such village channel of village channels existing previous to its construction, and of the drainage intercepted by it or for affording proper communications across it for the convenience of the occupants of neighbouring lands

(*b*) To maintain such village channel in a fit state of repair for the conveyance of water

(*c*) To allow the use of it to others on such terms as may be declared equitable by the Canal Officer as hereinafter prescribed

and shall be entitled—

(*d*) To have a supply of water by such village channel at such rates and on such terms as are prescribed under the rules made by the Lieutenant Governor

(*e*) To receive such rent for the use of the village channel by other persons as the Canal Officer may award him

34 If the owner of a village channel fail to fulfil the obligations described above, the Canal Officer may either—

Penalty f r n gl t to carry out necessary repairs

(*a*) Require him by notice to execute the necessary repairs within fifteen days,

৩১ ধারা। খালের কর্ত্তৃপক্ষ ইহার পূর্ব্ব ধারামতে হানিপূরণস্বরূপ টাকা দিবার আজ্ঞা না করিয়া, খাজানা ধার্য্য করিয়া, গ্রামীয় জলনালা যাঁহার প্রতি হস্তান্তর করিয়া দেওয়া গেল, পূর্ব্ব স্বামিদিগকে তাঁহার বৎসর২ সেই খাজানা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

গ্রামীয় জলনালা হস্তান্তর করিয়া দেওয়া গেলে খালের কর্ত্তৃপক্ষের খাজানা ধার্য্য করিতে পারিবার কথা।

৩২ ধারা। কোন ব্যক্তি

(ক) ২৩ ধারার বিধানমতে গ্রামীয় জলনালা প্রাপ্ত হইলে, কিম্বা

(খ) ২৪ ধারার বিধানমতে গ্রামীয় জলনালা প্রস্তুত করিলে, কিম্বা

(গ) ২৭ ধারার বিধানমতে গ্রামীয় জলনালার অধিকার পাইলে, কিম্বা

(ঘ) ৩০ ধারার বিধানমতে হস্তান্তর করণদ্বারা গ্রামীয় জলনালা পাইলে, কিম্বা গ্রামীয় জলনালার সহ স্বামী বলিয়া রেজিষ্টরী হইবার নিমিত্ত গ্রাহ্য হইলে,

তাঁহাকে গ্রামীয় জলনালার স্বামী বলিয়া জ্ঞান হইবে ইতি।

৩৩ ধারা। গ্রামীয় জলনালার প্রত্যেক জন স্বামির এই২ কর্ম্ম করিতেই হইবে,—

গ্রামীয় জলনালার স্বামির দায়ের ও স্বত্বের কথা।

(ক) গ্রামীয় জলনালা প্রস্তুত করিবার পূর্ব্বে গ্রামীয় যে জলনালা ছিল তাহা পার হইবার জন্যে ও তদ্দ্বারা জলনির্গমনের যে পয়নালা ভেদ করিয়া তাহা চলিবার জন্যে ও নিকটস্থ ভূমি বাসিদের সুবিধামতে পারাপার হইবার উপযুক্ত উপায় করিবার জন্যে যে সকল কার্য্য করা আবশ্যক তাহা তাঁহার প্রস্তুত করিতে ও সারাইয়া রাখিতে হইবে।

(খ) গ্রামীয় ঐ জলনালা দিয়া জল যাইতে পারে এই নিমিত্তে তাহা উপযুক্তমতে সারাইয়া রাখিতে হইবে।

(গ) খালের কর্ত্তৃপক্ষ পশ্চাৎ বিধানানুসারে যে২ নিয়ম ন্যায্য বলিয়া প্রকাশ করেন সেই২ নিয়মমতে অন্য ব্যক্তিদিগকেও সেই জলের ব্যবহার করিবার অনুমতি দিতে হইবে।

ও তাঁহার এই২ স্বত্ব থাকিবে,

(ঘ) শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রণীত বিধিতে যে২ হার ও যে২ নিয়ম নির্দ্দিষ্ট হইল তদনুসারে গ্রামীয় ঐ জলনালাদ্বারা তিনি জলসম্পোষ্য পাইতে পারিবেন।

(ঙ) অন্য যে লোকেরা ঐ জলনালা ব্যবহার করেন তাঁহাদের স্থানে ঐ জলের ব্যবহারের নিমিত্ত খালের কর্ত্তৃপক্ষ যত খাজানা নিরূপণ করেন তত পাইতে পারিবেন ইতি।

৩৪ ধারা। উপরিভাগে গ্রামীয় জলনালার স্বামির কর্ত্তব্য বলিয়া যে২ কর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে, তাঁহার সেই২ কর্ম্ম করিতে শৈথিল্য হইলে খালের কর্ত্তৃপক্ষ—

প্রয়োজনমতে মেরামৎ না করিলে দণ্ডের কথা।

(ক) তাঁহাকে পঞ্চদশ দিনের মধ্যে প্রয়োজনমতে ঐ জলনালা সারাইয়া দিতে নোটিস দিবেন

and in the event of failure, perform them on his behalf and all expenses incurred by the execution of such repairs shall be a sum due by such owner to the Government

ও সেই কর্ম্ম না করিলে আপনি তাঁহার পক্ষে করিয়া দিবেন। ও তদ্রূপে সারাইয়া দিবার কার্য্যদ্বারা যত খরচ হয় তাহা গবর্ণমেণ্টের নিকট ঐ স্বামির দেনা হইবে। কিম্বা

(b) Strike such village channel off the register, and thereby disqualify it to be any longer a medium for the conveyance of canal water

(খ) গ্রামীয় ঐ জলনালা রেজিষ্টরীহইতে উঠাইয়া দিতে পারিবেন, তাহা হইলে ঐ নালাদিয়া খালের জল আর চলিয়া যাইতে পারিবে না ইতি।

Resignation and transfer of ownership

35 Any owner may resign his interest in a village channel

৩৫ ধারা। গ্রামীয় জলনালার স্বামির যে স্বার্থ থাকে তিনি তাহা ত্যাগ করিতে পারিবেন।

স্বামিত্ব ত্যাগ করণের ও হস্তান্তর করণের কথা।

Any owner of a village channel may with the consent of the Canal Officer transfer his interest to any other person provided that liabilities of the person so transferring shall not cease till such transfer is registered

গ্রামীয় জলনালার কোন স্বামী খালের কর্ত্তৃপক্ষের অনুমতি লইয়া অন্য ব্যক্তির প্রতি আপনার স্বার্থ হস্তান্তর করিয়া দিতে পারিবেন। কিন্তু ঐ হস্তান্তর করণকার্য্য যত দিন রেজিষ্টরী করা না যায় তত দিন হস্তান্তরকারীর দায় রহিত হইবে না।

If any owner of a village channel dies his heir or representative may apply for registration in his stead If no such application for registry be made within fifteen days the remaining registered owners of the village channel if any, shall be deemed to be owners of the entire interest in the village channel until some other person shall have established his claim to be registered as owner in place of the deceased If the deceased shall have been the sole registered owner the Canal Officer shall be deemed to be the representative of the deceased and shall exercise all rights and be bound by all liabilities which attached to the deceased in respect of his ownership of the village channel until some person shall have established his right to be registered as owner in place of the deceased and the Canal Officer shall account to such person for all sums received and expended in the exercise of the rights and discharge of the liabilities which attached to the deceased

গ্রামীয় জলনালার স্বামী মরিলে তৎপরিবর্ত্তে তাঁহার উত্তরাধিকারী কি স্থলাভিষিক্ত ব্যক্তি রেজিষ্টরী হইবার জন্যে প্রার্থনা করিতে পারিবেন। পঞ্চদশ দিনের মধ্যে তদ্রূপে রেজিষ্টরী হইবার প্রার্থনা না করা গেলে মৃত ব্যক্তির পরিবর্ত্তে অন্য কোন ব্যক্তি যত দিন স্বামী বলিয়া রেজিষ্টরী হইবার দাওয়া স্থাপন না করেন ঐ জলনালার রেজিষ্টরী করা অন্য স্বামির থাকিলে তাঁহারাই তত দিন গ্রামীয় ঐ জলনালার সম্পূর্ণ স্বার্থের স্বামী বলিয়া জ্ঞান হইবেন। মৃত ব্যক্তিভিন্ন যদি আর কোন স্বামির নাম রেজিষ্টরী না হইয়া থাকে তবে খালের কর্ত্তৃপক্ষকে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত বলিয়া জ্ঞান হইবে ও মৃত ব্যক্তির পরিবর্ত্তে অন্য ব্যক্তি যত দিন স্বামীস্বরূপে রেজিষ্টরী হইবার দাওয়া স্থাপন না করেন তত দিন খালের কর্ত্তৃপক্ষ গ্রামীয় জলনালার স্বামিত্ব উপলক্ষে মৃত ব্যক্তির সকল স্বত্বানুসারে কর্ম্ম করিবেন ও তাঁহার কর্ত্তব্য সকল কর্ম্ম করিতে বদ্ধ থাকিবেন। অন্য ব্যক্তি উক্ত প্রকারে আপনার দাওয়া স্থাপন করিলে খালের কর্ত্তৃপক্ষ মৃত ব্যক্তির স্বত্বানুসারে কার্য্য করায় ও তাঁহার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিয়া যত টাকা পাইলেন ও খরচ করিলেন তাঁহাকে তাহার হিসাব দিবেন।

When any person applies for registration under the last two clauses the Canal Officer shall serve notice on the other registered owners to prefer any objection to the transfer or succession within fifteen days and if no such objection shall be made or if the objections made be deemed invalid shall order such transfer or succession to be registered

কোন ব্যক্তি ইহার পূর্ব্ব দুই প্রকরণানুসারে রেজিষ্টরী হইবার প্রার্থনা করিলে খালের কর্ত্তৃপক্ষ রেজিষ্টরী করা অন্য স্বামিদের নামে পঞ্চদশ দিনের মধ্যে ঐ হস্তান্তর করণের কি উত্তরাধিকারিত্বের আপত্তি জানাইতে নোটিস দিবেন। তদ্রূপ কোন আপত্তি না করা গেলে, কিম্বা করা গেলেও অসিদ্ধ জ্ঞান হইলে তিনি সেই হস্তান্তর কার্য্য কি সেই উত্তরাধিকারিত্ব রেজিষ্টরী করিতে আজ্ঞা করিবেন ইতি।

36 All joint owners of a village channel shall be held to have an equal interest in it unless, and with the permission of the Canal Officer they register specific unequal interests

Joint owners to have equal interest unless unequal interest registered

৩৬ ধারা। কোন গ্রামীয় জলনালার সহস্বামিরা খালের কর্ত্তৃপক্ষের অনুমতিক্রমে আপনাদের বিশেষ২ অসমান স্বার্থ রেজিষ্টরী না করাইলে তাঁহাদের সকলের সমান স্বার্থ আছে এমত জ্ঞান হইবে ইতি।

স্বামিদের ন্যূনাধিক স্বার্থ রেজিষ্টরী না করা গেলে সকল স্বামির সমান স্বার্থ থাকার কথা।

37 Any person not an owner of a village channel desiring to have a supply of water through such village channel may make a private arrangement with the owners for the conveyance of water or may apply to the Canal Officer for authority to use such village channel.

[illegible]

৩৭ ধারা। কোন ব্যক্তি গ্রামীয় জলনালার স্বামী না হইয়া ঐ জলনালা দ্বারা জলসম্পোষ্য পাইতে ইচ্ছা করিলে তিনি জলপাইবার জন্যে স্বামিদের সঙ্গে আপোসে বন্দোবস্ত করিতে পারিবেন, কিম্বা খালের কর্তৃপক্ষের নিকট ঐ গ্রামীয় জলনালার ব্যবহার করিবার অনুমতি প্রার্থনা করিতে পারিবেন ইতি।

কোন২ নিয়মমতে স্বামীভিন্ন কোন ব্যক্তির গ্রামীয় জলনালার দ্বারা জলসম্পোষ্য পাইবার কথা।

38 On receipt of an application as mentioned in the section last preceding the Canal Officer shall serve notice on the owners to show cause why such permission should not be granted and if no objection be raised or if raised be found invalid shall authorize the conveyance of such supply on such conditions as may appear equitable.

[illegible]

৩৮ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে প্রার্থনার কথা লেখা আছে খালের কর্তৃপক্ষ সেইপ্রকারের প্রার্থনা-পত্র পাইলে, স্বামিদের নামে সেই অনুমতি না দিবার কারণ দর্শাইতে নোটিস দিবেন, ও আপত্তি না করা গেলে কিম্বা করা গেলেও অসিদ্ধ বলিয়া জানা গেলে তিনি যে নিয়ম ন্যায্য বোধ করেন সেই নিয়মানুসারে ঐ জলসম্পোষ্যের অনুমতি দিবেন ইতি।

জলসম্পোষ্যের অনুমতি দিতে খালের কর্তৃপক্ষের ক্ষমতার কথা।

39 Such Canal Officer shall also fix a sum as rent to be paid for the use of such village channel to be paid to the owner. Such rent may be in the form of a percentage on the water rate of the person using the village channel or otherwise as may be fixed by the Canal Officer.

[illegible]

৩৯ ধারা। ঐ গ্রামীয় জলনালার ব্যবহারের জন্যে খাজানা বলিয়া স্বামিকে যত টাকা দিতে হইবে খালের কর্তৃপক্ষ তাহা নির্দ্ধার্য্য করিবেন। যে ব্যক্তি গ্রামীয় জলনালার ব্যবহার করেন, তাঁহার জলের করের উপর শতকরা হিসাবে কিম্বা খালের কর্তৃপক্ষ অন্য যে প্রকারে ধার্য্য করেন ঐ খাজানা সেই প্রকারে দেওয়া যাইবে ইতি।

গ্রামীয় জলনালার খাজানা খালের কর্তৃপক্ষের ধার্য্য করিবার কথা।

40 The owner of a village channel which receives its water through another village channel may either be declared a joint owner of such other village channel or may be required to pay rent for the use of the same to the owner thereof, as provided in the two sections last preceding.

[illegible]

৪০ ধারা। যদি গ্রামীয় এক জলনালার জল অন্য গ্রামীয় জলনালা দ্বারা পাওয়া গিয়া থাকে তবে প্রথমোক্ত জলনালার স্বামিকে ঐ অন্য জলনালার সহস্বামী বলিয়া প্রকাশ করা যাইতে পারিবে অথবা ইহার পূর্ব্ব দুই ধারার বিধানমতে শেষোক্ত জলনালার জলের ব্যবহারের নিমিত্তে তাহার স্বামির নিকট তাঁহার খাজানা দিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

গ্রামীয় এক জলনালার স্বামী গ্রামীয় অন্য জলনালা দ্বারা জল পাইলে তাহার কথা।

41 All rent payable under either of the two sections last preceding shall be deemed to be due in the same instalments and at the same periods as the water rate is due or in such other instalments and at such other dates as the Canal Officer may direct.

[illegible]

৪১ ধারা। জলের কর যে২ কিস্তিমতে ও যে২ সময়ে দেনা হয় ইহার পূর্ব্ব দুই ধারামতে যে খাজানা দিতে হইবে তাহাও সেই২ কিস্তিমতে সেই২ সময়ে অথবা খালের কর্তৃপক্ষ অন্য যে২ কিস্তি ও অন্য যে২ তারিখ ধার্য্য করেন সেই২ কিস্তিমতে সেই২ তারিখে দেনা হইবে ইতি।

যে প্রকারের কিস্তি করিয়া খাজানা দিতে হইবে তাহার কথা।

42 No land acquired under this Part for a village channel shall be used for any other purpose without the consent of the Canal Officer previously obtained.

[illegible]

৪২ ধারা। এই অধ্যায়মতে গ্রামীয় জলনালার নিমিত্ত যে জমী লওয়া যায় খালের কর্তৃপক্ষের অনুমতি না পাওয়া গেলে অন্য কোন কর্ম্মে ঐ ভূমির ব্যবহার হইবে না ইতি।

গ্রামীয় জলনালার নিমিত্ত যে ভূমি লওয়া যায় অন্য কার্য্যে তাহার ব্যবহার না হইবার কথা।

43 Every sum declared to be due under this Part shall be recoverable by the Canal Officer on behalf of the Government or of the person entitled to receive the same and shall be held to be a demand under the provisions of section one Act VII (B C), 1868 (*an Act to make further provision for the recovery of arrears of land revenue and public demands recoverable as arrears of revenue*)

Dues how to be recovered

৪৩ ধারা। এই অধ্যায়মতে দেনা বলিয়া যে টাকা প্রকাশ হয় খালের কর্তৃপক্ষ গবর্ণমেণ্টের পক্ষে কিম্বা যে ব্যক্তির সেই টাকা পাইবার স্বত্ব থাকে তাঁহার পক্ষে তাহা আদায় করিতে পারিবেন এবং সেই টাকা বাকী মালগুজারী এবং রাজকীয় অন্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইতে পারে সেই দাওয়া আদায় করিবার আর কএক বিধান করণার্থ ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১ ধারামতের দাওয়া বলিয়া জ্ঞান হইবে ইতি।

পাওনা টাকা যেরূপে আদায় হইবে তাহার কথা।

PART V

OF THE SUPPLY OF WATER

44 Every person desiring that water shall be supplied to his land from a Canal shall present a written application to that effect to the Canal Officer, in the form given in Schedule B hereto annexed or in a similar form binding himself by the rules made by the Lieutenant Governor under the powers vested in him by this Act and no person shall be liable to pay any rate or due whatever on account of water supplied to his land with the permission of the Canal Officer otherwise than on such application

W t t l ppl l n w tt ll l ly

পঞ্চম অধ্যায়।

জলসম্পোষ্যের কথা।

৪৪ ধারা। কোন খালহইতে কোন ব্যক্তির নিজের জমীতে জল আনাইবার বাসনা থাকিলে তিনি এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে কিম্বা তদনুরূপ অন্য পাঠে দরখাস্ত লিখিয়া খালের কর্তৃপক্ষের নিকট আপনার বাসনা জানাইবেন এবং এই আইনক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল সেই ক্ষমতানুসারে তিনি যে বিধি করেন ঐ ব্যক্তি সেই বিধি মানিতে প্রতিজ্ঞা করিবেন। এবং তদ্রূপ দরখাস্ত না দিয়া খালের কর্তৃপক্ষের অনুমতিমতে কোন ব্যক্তির জমীতে যে জল যোগাইয়া দেওয়া যায় তাহার জন্যে সেই ব্যক্তি জলের রেটের কি অন্য দাবির দায়ী হইবেন না ইতি।

কেবল দরখাস্ত লিখিয়া দেওয়া গেলে জল যোগাইবার কথা।

45 If the application mentioned in the section last preceding be granted by the Canal Officer the Canal Officer shall cause his permission to be recorded in the form given in Schedule C hereto annexed, or in some similar Part shall be recoverable by the Canal Officer on behalf form binding himself by the rules made by the Lieutenant Governor as aforesaid

W tte t h ... Di l wt b reco d

৪৫ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে দরখাস্তের কথা লেখা আছে খালের কর্তৃপক্ষ সেই দরখাস্ত গ্রাহ্য করিলে, তিনি এই আইনের C তফসীলের পাঠে কিম্বা তদনুরূপ অন্য পাঠে আপনার অনুমতি লিপিবদ্ধ করাইবেন। ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব পূর্ব্বোক্তমতে যে বিধি করেন সেই বিধি মানিতে প্রতিজ্ঞাবদ্ধ থাকিবেন ইতি।

অনুমতি লিখিয়া দিবার কথা।

46 All rules made by the Lieutenant Governor under section sixty six of this Act shall be consistent with the following conditions —

l l t b l t t c t lt n

৫৬ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আইনের ৬৬ ধারামতে যে সকল বিধি করেন তাহা নিম্নলিখিত নিয়মের সহিত সঙ্গত থাকিবে —

বিধি সকল কোনং নিয়মাধীনে থাকার কথা।

(a) The Canal Officer may not stop the supply of water to any water course or to any person except in the following cases —

l w t t t l ly

(ক) খালের কর্তৃপক্ষ নিম্নলিখিত স্থল ছাড়া কোন জলপ্রণালীর কিম্বা কোন ব্যক্তির ব্যবহারার্থ জল বন্ধ করিতে পারিবেন না।

জলবন্ধ করিবার ক্ষমতার কথা।

(i) whenever and so long as it is necessary to stop such supply for the purpose of executing any work ordered by competent authority and with the previous sanction of the Lieutenant Governor

( ) উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কর্তৃপক্ষ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক কোন কর্ম্ম চালাইবার আজ্ঞা করিলে তন্নিমিত্তে যখন ও যত দিন আবশ্যক তখন ও তত দিন জলবন্ধ হইবে।

(ii) whenever and so long as any village channel is not maintained in such proper

(২) গ্রামীয় জলনালীহইতে অপব্যয়ে জল বাহির হইয়া নষ্ট না হয় এই নিমিত্তে যখন ও যত দিন সেই

customary repair as to prevent the wasteful escape of water therefrom

(iii) whenever and so long as it is necessary to do so in rotation to supply the legitimate demands of other persons entitled to water

(iv) within periods fixed from time to time by the Canal Officer

(b) No claim shall be made against the Government for compensation in respect of loss caused by the failure or stoppage of the water in a canal by reason of any cause beyond the control of the Government or of any repairs alterations or additions to the canal or of any measures taken for regulating the proper flow of water therein or for maintaining the established course of irrigation which the Canal Officer considers necessary but the person suffering such loss shall be entitled to such remission of the ordinary charges payable for the use of the water as is authorized by the Lieutenant Governor

(চ) তিনি উক্ত তারিখে কি তৎপূর্ব্বে পূর্ব্বোক্ত তালুকের নির্ঘণ্টপত্র না দিলে এই আইনের ২৬ ধারামতে তাঁহাকে যত টাকার দায়ী বলিয়া প্রকাশ করা গেল তালুকদারদের স্থানে তাহার কোন অংশ ফিরিয়া পাইবার দাওয়া ত্যাগ করিলেন বলিয়া জ্ঞান হইবে তাঁহাকে সতর্ক করিয়া এই কথাও জ্ঞাত করা যাইবে ইতি।

২৬ ধারা। উক্ত যত টাকা অংশাংশ করিয়া আপাততঃ নিরূপণ করা গেল, কালেক্টর সাহেব ঐ নোটিসের নির্দ্দিষ্ট তারিখে তদ্বিষয়ের সকল আপত্তি বিবেচনা করিতে ও শেষে অংশাংশমতে যত টাকা ধার্য্য করা উচিত বোধ করেন তাহা নির্দ্ধারিত করিতে প্রবর্ত্ত হইবেন। এক২ মহালের সীমার চিহ্ন স্থাপন করিবার খরচের যে অংশ ধরা যাইবে তাহা নির্দ্ধার্য্য করা সময়ে ২৫ ধারামতে নোটিস জারী করিবার খরচও সে অংশাংশ অনুসারে ঐ২ মহালের পক্ষে ভাগ করিয়া ধরা যাইবে। এতদ্রূপে অংশাংশমতে এক২ মহালের দেনা বলিয়া শেষে যত টাকা নিৰ্দ্ধারিত হয় ও পূর্ব্বোক্ত নোটিস

কালেক্টর সাহেবের অংশাংশ নির্দ্ধারিত করিবার কথা।

estate, together with the costs of serving notices rateably distributed as aforesaid shall be due to the Collector from the zemindars of such estates.

জারী করিবার যত টাকা হারাহারিমতে ধরা যায়, কালেক্টর সাহেবের নিকট ঐ২ মহালের জমীদারদের তত টাকা দেনা হইবে ইতি।

Collector may postpone final apportionment.

27. Notwithstanding anything contained in the last preceding section the Collector may postpone the final apportionment if it shall appear to him that a notice under section twenty-five has not been served on the zemindar of any estate which should be made liable for a portion of the expenses or for any other sufficient reason.

গৌণে অংশাংশ নির্দ্ধারিত করিবার কথা।

২৭ ধারা। যে মহাল খরচের একাংশের দায়ী হইতে পারে এমত কোন মহালের জমীদারকে ২৫ ধারামতে নোটিস দেওয়া যায় নাই, কালেকটর সাহেব ইহা জানিতে পাইলে ইহার পূর্ব্ব ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও, তিনি সেই কারণে কিম্বা উপযুক্ত অন্য কারণে অংশাংশ নির্দ্ধারিত করিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন ইতি।

Zemindar failing to appear on date fixed to be held to have waived all objection.

28. Any zemindar failing to appear on the date fixed in the notice served on him under section twenty-five will be deemed to have waived all objections to the payment of the amount apportioned to his estate and will not be entitled to prefer any objections thereto on any subsequent date; and any zemindar failing to give in a list of tenures (when called upon under section twenty-five to give in such list) on or before such date will be deemed to have given up all claim to recover from the tenure-holders any part of the amount which may have been apportioned as payable in respect of his estate under section twenty-six.

জমীদার উপস্থিত না হইলে আপত্তি ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান হইবার কথা।

২৮ ধারা। ২৫ ধারামতে জমীদারকে যে নোটিস দেওয়া যায়, তিনি ঐ নোটিসের নির্দ্ধারিত তারিখে উপস্থিত না হইলে তাঁহার মহালের পক্ষে ঐ খরচের যে অংশ নিরূপণ হইয়াছে, সেই অংশ দিবার বিষয়ে তিনি সকল আপত্তি ত্যাগ করিয়াছেন বলিয়া জ্ঞান হইবে ও তাহার পর কোন দিনে তাঁহার কোন আপত্তি করিবার অধিকার থাকিবে না। ও ২৫ ধারামতে কোন জমীদারের প্রতি তালুকের নির্ঘণ্টপত্র দিবার আদেশ থাকিলেও তিনি সেই তারিখে কি তৎপূর্ব্বে ঐ নির্ঘণ্টপত্র না দিলে, ২৬ ধারামতে তাঁহার মহালের পক্ষে দেনা বলিয়া যত টাকা ধরা গেল তিনি তালুকদারদের স্থানে সেই টাকার কোন অংশ ফিরিয়া পাইবার দাওয়া ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান হইবে ইতি।

Collector to issue notice of payment of amount finally apportioned.

29. So soon as the expenses shall have been finally apportioned under section twenty-six among the estates concerned as hereinbefore provided, the Collector shall issue a notice in respect of every estate specifying the amount finally apportioned as payable in respect of the estate and requiring the zemindar to pay such amount to the Collector together with the costs of serving such notice within one month of the issue of the notice. If such amount be not paid to the Collector within such period the same with interest at such rate not exceeding six per centum per annum as the Lieutenant Governor may from time to time determine may be levied as provided in section fifty-seven.

শেষে যত টাকা অংশাংশমতে নির্দ্ধারিত হয় তাহার নোটিস কালেক্টর সাহেবের জারী করিতে হইবার কথা।

২৯ ধারা। পূর্ব্ব বিধানানুসারে যে২ মহালের সম্পর্ক থাকে ২৬ ধারামতে সেই২ মহালের খরচ শেষে নির্দ্ধারিত হইলে পর, কালেক্টর সাহেব প্রত্যেক মহালের উপলক্ষে একং খানি নোটিস জারী করিয়া ঐ মহালের পক্ষে যত খরচ নির্দ্ধারিত হইল তাহা বিশেষ করিয়া লিখিয়া জমীদারের প্রতি ঐ নোটিস জারী হইবার পর এক মাসের মধ্যে ঐ নোটিস জারী করিবার খরচ সুদ্ধ সেই টাকা কালেক্টর সাহেবকে দিতে আদেশ করিবেন। সেই সময়ের মধ্যে ঐ টাকা কালেক্টর সাহেবকে না দেওয়া গেলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সময়ে২ বৎসর শতকরা ৬৲ টাকার অনধিক যে সুদ ধরেন ৫৭ ধারার বিধানমতে ঐ সুদসুদ্ধ ঐ টাকা আদায় হইবে।

The notice issued under this section shall assign to the zemindar or to the zemindar jointly with tenure-holders the boundary marks which they are legally bound to preserve under the provisions of section nineteen and in respect of which they will be held liable to pay the costs of re-erection, maintenance, and repair, under the provisions of section twenty.

৯ ধারার বিধানমতে জমীদার কিম্বা তালুকদারদের সঙ্গে২ জমীদার আইনমতে সীমার যে২ চিহ্ন রাখিতে বদ্ধ হন ও ২০ ধারামতে যাহার পুনঃ স্থাপনের ও সারাইয়া রাখিবার ও মেরামত করিবার জন্যে তাঁহাদিগকে দায়ি বলিয়া জ্ঞান হয়, এই ধারামতে যে নোটিস জারী হয় সেই নোটিসে ঐ জমীদারের কিম্বা জমীদার সহিত ঐ তালুকদারদের প্রতি সেই২ চিহ্ন নিরূপণ করিয়া দেওয়া যাইবে ইতি।

30 If the zemindar of any estate shall give in a list of tenures, as referred to in section twenty five, with an application to the Collector to apportion between his estate and the tenures the amount which has been apportioned as payable in respect of his estate as aforesaid, the Collector shall proceed to make a provisional apportionment of the said amount between the zemindar and the tenure holders to serve notices on the said tenure holders in the manner provided in section twenty five and to make a final apportionment among the said zemindar and tenure holders in the manner provided in sections twenty six and twenty seven and the provisions of section twenty eight shall be applicable to such tenure holders

Collector to apport between zemindar and tenure holders

৩০ ধারা। ২৫ ধারায় তালুকাদির যে ফর্দ্দের কথা আছে কোন মহালের জমীদার সেই ফর্দ্দ দিয়া পূর্ব্বোক্তমতে তাঁহার মহালের যত টাকা দেনা বলিয়া নির্ণয় হইয়াছে কালেক্টর সাহেবের নিকট আপন মহালের ও সে২ তালুকের মধ্যে ঐ টাকা অংশাংশমতে নিরূপণ করিয়া দিতে প্রার্থনা করিলে কালেক্টর সাহেব জমিদারের ও তালুকদারদের মধ্যে আপাততঃ ঐ খরচ ভাগ করিয়া দিতে প্রবর্ত্ত হ্ন ও ২৫ ধারার বিধানমতে উক্ত তালুকদারদের নামে নোটিস জারী করিয়া ২৬ ও ২৭ ধারার বিধানমতে চূড়ান্তরূপে উক্ত জমীদারের ও তালুকদারদের মধ্যে ঐ টাকা অংশাংশমতে নিষ্পন্ন করিবেন। ও সেই তালুকদারদের প্রতি ২৮ ধারার বিধান খাটিবে।

জমীদারদের ও তালুকদারদের মধ্যে কালেক্টর সাহেবের অংশাংশ নিরূপণ করিবার কথা।

Provided that no separate notice shall be served under this section in respect of the provisional or final apportionment of the sum payable in respect of any tenure if such sum be less than two rupees but in respect of all such sums it shall be sufficient to publish a list showing the sums apportioned as payable Such list shall be published by being posted at the office of the Sub divisional Officer and at a conspicuous place in some village within which lands appertaining to the tenure are situate

কিন্তু কোন তালুকের উপলক্ষে অংশাংশ করিয়া যত টাকা দেনা হয় তাহা দুই টাকার কম হইলে তাহা কিয়ৎকালের নিমিত্ত কি চূড়ান্তরূপে নিরূপণ হইলেও এই ধারামতে তাহার কোন স্বতন্ত্র নোটিস দেওয়া যাইবে না। তদ্রূপ অল্প টাকা হইলে অংশাংশ করিয়া যত টাকা দেনা হয় তাহার নির্ঘণ্টপত্র প্রকাশ করিলেই চলিতে পারিবে। ঐ নির্ঘণ্টপত্র মহকুমার কর্তৃপক্ষের কাছারীঘরে ও তালুকের জমী যে গ্রামে থাকে সেই গ্রামের কোন প্রকাশ স্থানে লটকাইয়া প্রকাশ করা যাইবে ইতি।

31 Notwithstanding any thing in this Part contained whenever the Collector may consider that he has sufficient information (whether derived from papers compiled for the purposes of the road cess from enquiries made in the course of proceedings under this Act or otherwise) to enable him in a summary way to make an apportionment of any expenses recoverable under this Act in respect of any estate between the zemindars of and the holders of tenures in such estate the Collector may as soon as possible after he shall have made a provisional apportionment under section twenty four of the sum payable in respect of such estate and without calling on the zemindar to give in any list of tenures as provided in clause (c) of section twenty five proceed to make a provisional apportionment between the zemindars and the tenure holders of such estates of the sum which has been provisionally apportioned under section twenty four as payable in respect of the estate

[illegible marginal note]

৩১ ধারা। এই অধ্যায়ে ভাবান্তরের কথা থাকিলেও কোন মহালের উপলক্ষে এই আইনমতে যে খরচ ফিরিয়া পাওয়া যাইতে পারে পথকরের কার্য্যোপলক্ষে যে কাগজপত্র প্রস্তুত করা যায় কালেক্টর সাহেব তাহা দেখিয়া কিম্বা এই আইনমতে কার্য্যানুষ্ঠান করিয় যে অনুসন্ধান হয় তদ্দ্বারা কিম্বা অন্য কোন প্রকারে মহালের জমীদারের ও তালুকদারদের মধ্যে অংশাংশ করিয়া সেই খরচ স্থূলমতে ধরিবার উপযুক্ত সন্ধান পাইলেন তাঁহার এমত বিবেচনা হইলে ঐ মহালের উপলক্ষে যত টাকা দেনা হয় তিনি ২৪ ধারামতে আপাততঃ তাহার অংশাংশ নিরূপণ করিলে পর যথাসাধ্য ত্বরায় ও ২৫ ধারার (চ) প্রকরণের বিধানমতে জমীদারকে তালুকের নির্ঘণ্টপত্র দিতে আজ্ঞা না করিয়া, ২৪ ধারামতে মহালের উপলক্ষে দেনা বলিয়া যত টাকা আপাততঃ অংশাংশ করিয়া নিরূপণ করা গেল স্থূলমতে জমীদারদের ও তালুকদারদের তত টাকা করিয়া নিরূপণ করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

জমীদারের ও তালুকদারের মধ্যে স্থূলমতে অংশাংশ করিবার কথা।

32 Whenever any provisional apportionment of the sum payable between the zemindars and the tenure holders may have been made summarily as provided in the last preceding section

Notice to be served on zemindar when provisional apportionment has been made summarily.

the notice to be served on the zemindar under section twenty five shall inform the zemindar in addition to the particulars specified in clauses (a), (b), (c) and (d) of the said section and instead of those specified in clauses (e) and (f)

that under this Act he is entitled to recover a portion of the amount which shall be finally apportioned as payable in respect of his estate under section twenty six from the tenure holders on his estate and

that the Collector has made a provisional apportionment of the said sum between the zemindar and tenure holders according to a list which shall be annexed to the said notice

and shall warn him

that if he fails to prefer any objection to such provisional apportionment on or before the date specified he will be deemed to have given up all right to prefer any such objection at any future time and

that the Collector will proceed to make such apportionment final or to make any modifications in it which he may think fit provided that the sum finally made payable by the zemindar shall not exceed the sum apportioned upon him in the said provisional apportionment between the zemindars and the tenure holders

33 As soon as a provisional apportionment between the zemindar and the tenure holders shall have been made summarily as provided in section thirty one the Collector shall proceed to serve notices on the tenure holders concerned in the manner provided in section thirty and to do all other things as if the said provisional apportionment upon tenure holders had been made on a list given in by the zemindar under section thirty

[illegible]

34 In apportioning the amount among the zemindar and the tenure holders the Collector shall first deduct such sum as he shall consider to be fairly payable by the zemindar in respect of lands not included in any tenure, and in respect of his interest in lands which are included in tenures and in apportioning the remainder among the tenures he shall take into consideration the numbers of pillars erected

Mode of apportionment among tenures.

[*Government Gazette 24th August* 1875]

৩২ ধারা। জমীদারদের ও তালুকদারদের মধ্যে আপাততঃ ভাগ করিয়া যাহার যত টাকা দিতে হইবে ইহা ইহার পূর্ব্ব ধারানুসারে সরাসরীমতে নিরূপণ করা গেলে, ২৫ ধারামতে জমীদারকে যে নোটিস দেওয় যায় তন্মধ্যে ঐ ধারার (ক) (খ) (গ) (ঘ) প্রকরণের নির্দ্দিষ্ট কথার অতিরিক্ত এবং (চ) ও (ছ) প্রকরণের নির্দ্দিষ্ট কথার পরিবর্ত্তে জমীদারকে এই২ কথা জানাইতে হইবে।—

অংশাংশ করিয়া আপাতত যাহা নিরূপণ করা যায় তাহা সরাসরী মতে করা গেলে জমীদারকে নোটিস দিবার কথা।

২৬ ধারামতে তাঁহার মহালের উপলক্ষে শেষে যত টাকা দেনা বলিয়া নির্দ্ধারিত হইবে এই আইনমতে আপন মহালের তালুকদারদের স্থানে তাঁহার সেই টাকার একাংশ ফিরিয়া পাইবার অধিকার আছে।

এবং ঐ নোটিসের সঙ্গে নিঘণ্টপত্রখানিও দেওয়া যাবে ও কালেক্টর সাহেব সেই নিঘণ্টপত্র অনুসারে জমীদারের ও তালুকদারদের মধ্যে আপাতত ঐ টাকা ভাগ করিয়া ধরিলেন এই কথাও জানাইবেন।

এবং সতর্ক করিয়া তাহাকে এই২ কথা জ্ঞাত করা যাইবে—

উক্ত প্রকারে আপাতত অংশাংশ করিয়া যত ধরা গেল তদ্বিষয়ে নির্দ্ধারিত তারিখে কি তৎপূর্ব্বে কোন আপত্তি উপস্থিত না করিলে তিনি ভাবি কালে তদ্রূপ কোন আপত্তি উপস্থিত করিবার অধিকার ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান হইবে।

ও অংশাংশ করিয়া যত টাকা ধরা গেল কালেক্টর সাহেব তাহা চূড়ান্তরূপে স্থির করিতে অথবা যদ্রূপে মতান্তর করা বিহিত বোধ করেন তদ্রূপে মতান্তর করিতে প্রবর্ত্ত হইবেন। কিন্তু জমীদারদের ও তালুকদারদের মধ্যে ভাগ করিয়া আপাতত যাহার যত টাকা ধরা গিয়াছে জমীদারদের যত ধরা গেল শেষে তাঁহার পক্ষে তাহার অধিক নিরূপণ হইতে পারিবে না ইতি।

৩৩ ধারা। জমীদারের ও তালুকদারদের মধ্যে যাহার যত দিতে হইবে ৩১ ধারার বিধানানুসারে তাহা আপাতত নিরূপণ করা গেলে পর সেই বিষয়ে যে তালুকদারদের সম্পর্ক থাকে কালেক্টর সাহেব তাঁহাদের নামে ৩০ ধারার বিধানমতে নোটিস জারী করিবেন এবং জমীদার ৩০ ধারামতে নিঘণ্টপত্র লিখিয়া দেওয়াতে তালুকদারদের পক্ষে অংশাংশমতে ঐ টাকা আপাতত নিরূপণ করা গেলে যেং কার্য্য করিতেন সেই২ কার্য্য করিবেন ইতি।—

অংশাংশ করিয়া স্থূলমতে ধরা গেলে পর কার্য্যপ্রণালীর কথা।

৩৪ ধারা। জমীদারের ও তালুকদারদের মধ্যে ঐ খরচ ভাগ২ করিয়া নির্ণয় করিতে গেলে, কোন তালুকের মধ্যে যে জমা ধরা যায় নাই তৎসম্পর্কে ও তালুকের মধ্যে যে জমা ধরা গিয়াছে সেই জমীতে জমীদারের স্বার্থসম্পর্কে তাহার ন্যায্যমতে যত টাকা দেনা হইতে পারে কালেক্টর সাহেব প্রথমে তাহা বাদ দিবেন। অবশিষ্ট খরচ নানা তালুকের মধ্যে ভাগ করিতে গেলে, প্রত্যেক তালুকের মধ্যে কি তাহার সীমানায় কত থাম গাঁথা গিয়াছে তাহা ও

নানা তালুকের মধ্যে খরচ ভাগ২ করিয়া ধরিবার কথা।

within or on the boundary of each tenure the extent of each tenure and the distance at which it is situated from the boundary marks, but no tenure shall be made liable for any portion of the sum so apportioned, unless some part of it be situated within fifteen hundred feet from some boundary mark

ঐ প্রত্যেক তালুকের আয়তন, ও সীমার চিহ্ন হইতে ঐ তালুক কত দূর, এই সকল বিষয় তাঁহার বিবেচনা করিতে হইবে। কিন্তু সীমার কোন চিহ্নহইতে তালুকের কোন অংশ দেড় সহস্র ফুটের মধ্যে না থাকিলে ঐ তালুক অংশাংশমতে নিরূপণ করা ঐ খরচের কোন অংশের দায়ী হইবে না ইতি।

Notice of apportionment in respect of tenures

35 So soon as the final apportionment among tenure holders under section thirty shall be completed the Collector shall cause to be issued notices to each of the said tenure holders stating the amount payable in respect of each of their tenures, with interest (if any) calculated at the annual rate of six per centum from the date on which the zemindar paid to the Collector the sum which was apportioned on his estate under section twenty six and the cost of serving upon the tenure holder the notice under this section and calling upon him to pay the total amount so due to the zemindar of the estate of which the tenure is a part within one month of the date of the notice

নানা তালুকের মধ্যে খরচের অংশাংশে ধরিবার নোটিস দিবার কথা।

৩৫ ধারা। নানা তালুকদারদের মধ্যে ৩০ ধারামতে খরচের অংশাংশ নির্দ্ধার্য্য করা সমাপ্ত হইলে, কালেক্টর সাহেব ঐ২ তালুকদারদের নামে নোটিস জারী করাইবে, প্রত্যেক জনের তালুকের পক্ষে যত টাকা দেনা হয় তাহা ও তাহার উপর সুদও ধরা গেলে ২৬ ধারামতে জমীদার আপন মহালের উপর অবধারিত টাকা যে তারিখে দিলেন সেই তারিখঅবধি বৎসর শতকরা ৬ টাকার হিসাবে ঐ সুদ, এবং এই ধারামতে তালুকদারের নামে নোটিস জারী করিবার খরচ ও তালুক যে মহালের একাংশ হয় নোটিসের তারিখ অবধি এক মাসের মধ্যে সেই মহালের জমীদারকে তালুকদারের সুদসুদ্ধ ঐ টাকা দিতে হইবে, নোটিসে এই কথা লেখা থাকিবে।

Provided that no separate notice shall be served under this section on any tenure holder who is required to pay a sum of less than two rupees as his share of the expenses apportioned under this Act but in respect of such sums it shall be sufficient to publish a list in the manner prescribed by section thirty and no costs incurred in respect of the publication of any such list shall be recoverable from any person mentioned therein as liable to pay less than two rupees

কিন্তু এই আইনমতে খরচ ভাগ করিয়া যত টাকা ধরা যায় তন্মধ্যে কোন তালুকদারের অংশ বলিয়া ২ টাকার কম দিতে হইলে, এই ধারামতে তাহার নামে স্বতন্ত্র নোটিস দেওয়া যাইবে না, তদ্রূপ অল্প২ টাকার উপলক্ষে ৩০ ধারার নির্দ্দিষ্টমতে নির্ঘণ্টপত্র প্রকাশ করা গেলেই চলিতে পারিবে। ও সেই নির্ঘণ্টপত্রে দুই টাকার কম দিবার যোগ্য বলিয়া যে ব্যক্তির নাম থাকে ঐ নির্ঘণ্টপত্র প্রকাশ করিবার খরচের কোন অংশ তাঁহার নিকট লওয়া যাইবে না ইতি।

Collector not to issue notice to tenure holders until zemindars have deposited costs

36 Notwithstanding anything contained in section thirty five the Collector shall not issue the notices therein mentioned to the tenure holders until the zemindars concerned shall have deposited with the Collector the full amount of the costs of serving all the notices and of publishing the lists as required by that section

জমীদারেরা যত দিন খরচা আমানত না করে তত দিন তালুকদারদের নামে কালেক্টর সাহেবের নোটিস জারী না করিবার কথা।

৩৬ ধারা। ৩৫ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও সকল নোটিস জারী করিবার এবং ঐ ধারায় যে নির্ঘণ্টপত্রের কথা আছে তাহা প্রকাশ করিবার যত টাকা খরচ লাগে ঐ বিষয়ে যে জমীদারদের সম্পর্ক থাকে তাঁহারা কালেক্টর সাহেবের নিকট সেই টাকা গচ্ছিত না করিলে কালেক্টর সাহেব তালুকদারদের নামে ঐ ধারার উল্লিখিত নোটিস জারী করিবেন না, ইতি।

Apportionment between tenure holder and holder of subordinate tenure

37 The provisions of sections twenty five, twenty six, twenty seven, twenty eight twenty nine thirty thirty four and thirty five shall be applicable as far as possible to every case in which any tenure holder who has been made liable for the payment of any share of expenses under this Act may apply to the Collector to apportion the amount for which he has been made liable between himself and the holders of subordinate tenures direct from himself

তালুকদার ও পেটাও তালুকদারের মধ্যে খরচের অংশাংশ নিরূপণের কথা।

৩৭ ধারা। এই আইনমতে যত টাকা খরচ হয় কোন তালুকদারকে সেই খরচের একাংশের দায়ী করা গেলে তিনি যে অংশের দায়ী হন নিজ তাঁহার স্থানে যাহারা পেটাও তালুক ভোগ করেন কালেক্টর সাহেব তাঁহাদের ও তাঁহার মধ্যে খরচের সেই অংশ ভাগ২ করিয়া নিরূপণ করেন এই মর্ম্মের দরখাস্ত করিলে, ২৫, ২৬ ২৭, ২৮ ২৯, ৩০, ৩৪, ও ৩৫ ধারার বিধান যত দূর খাটিতে পারে খাটিবে।

and the provisions of sections thirty one thirty two, and thirty three regarding the procedure for making a provisional apportionment in a summary way between zemindar and the tenure holders on his estate shall be applicable as far as possible to the provisional apportionment of expenses between the holder of a tenure and the holders of under tenures within his tenure

provided always that no such apportionment shall be made in respect of ryots who have a right of occupancy only and whose rent is not fixed in perpetuity

38 Every zemindar or tenure holder to whom any sum is payable under the preceding sections may recover the same with interest as aforesaid in the manner provided by any law for the time being in force for the recovery of arrears of rent in respect of the tenure for which the sum is due

Recovery of sums payable to zemindar

39 The provisions of this Part shall apply to all sums expended by the Government since the first day of November one thousand eight hundred and seventy four in erecting boundary marks

Recovery of sums paid by Government since 1st November 1874

PART V

BOUNDARY DISPUTES

40 If it shall come to the notice of the Collector in the course of a survey under this Act that a dispute exists as to any boundary which should be surveyed the Collector after holding such enquiry as he may deem necessary may determine such boundary as hereinafter provided

Procedure in case of dispute as to boundary

41 The Collector shall determine the boundary according to actual possession and cause it to be secured by boundary marks and the order of the Collector under this section shall until it be reversed or modified by competent authority have the force of an order of any Civil Court declaring the parties to be in possession of the land in accordance with the boundary as determined by the Collector

Power of Collector when [illegible]

এবং জমীদারের ও তাঁহার মহালের তালুকদারদের মধ্যে সরাসরি মতে খরচ অংশাংশ করিয়া আপাতত নিরূপণ করিবার কার্য্যপ্রণালী বিষয়ে ৩১ ও ৩২ ও ৩৩ ধারার যে বিধান আছে, তালুকদারদের ও তাঁহাদের তালুকের পেটাও তালুকদারদের মধ্যে অংশাংশ করিয়া আপাতত খরচ নিরূপণ করিতে হইলে যত দুর হইতে পারে ঐ২ ধারার বিধান তত দুর খাটিবে।

কিন্তু কোন প্রজার কেবল দখলিস্বত্ব থাকিলে ও তাহার খাজানা মোকররীরূপে ধার্য্য না হইলে, তাহার পক্ষে ঐ খরচের কোন অংশ ধরিতে হইবে না ইতি।

৩৮ ধারা। পূর্ব্বোক্ত নানাধারামতে যে জমীদারের কি তালুকদারের নিকট যত টাকা দেনা হয় যে তালুকের জন্যে ঐ টাকা পাওনা থাকে তাহার বাকী খাজনা আদায় করিবার জন্যে যৎকালে যে আইন প্রবল থাকে তিনি সেই আইন অনুসারে পূর্ব্বোক্ত সুদসুদ্ধ ঐ টাকা আদায় করিতে পারিবেন ইতি।

জমিদারের পাওনা টাকা আদায়ের কথা।

৩৯ ধারা। গবর্ণমেণ্ট সীমার চিহ্ন স্থাপন করণে ১৮৭৪ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি যত টাকা খরচ করিয়াছেন তদ্বিষয়ে এই অধ্যায়ের বিধান খাটিবে ইতি।

১৮৭৪ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি গবর্ণমেণ্ট যে টাকা খরচ করিলেন তাহা আদায় করিবার কথা।

পঞ্চম অধ্যায়।

সীমাবিবাদের কথা।

৪০ ধারা। কোন ভূমিখণ্ড জরীপ করিতে হইলে এই আইনমতে ঐ ভূমি জরীপ করিবার সময়ে সীমার বিষয়ে বিবাদ চলিতেছে কালেক্টর সাহেব ইহা জানিতে পাইলে, তাহার যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক বোধ করেন তিনি তদ্রূপ অনুসন্ধান লইয়া পশ্চাৎ লিখিত বিধানমতে ঐ সীমা নির্ণয় করিতে পারিবেন ইতি।

কোন সীমার বিষয়ে বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৪১ ধারা। কালেকটর সাহেব ঐ জমীর অধিকারানুসারে সীমা নির্ণয় করিয়া সীমার চিহ্ন দিয়া তাহা অবধারণ করিবেন। আর সেই ভূমি যে ব্যক্তিদের দখলে আছে, তাঁহারা কালেক্টর সাহেবের নির্ণীত সেই সীমা অনুসারে তাহা দখল করিতেছেন, কোন দেওয়ানী আদালতের এই মর্ম্মের আজ্ঞা হইলে তাহা যদ্রূপে প্রবল হইত কালেকটর সাহেব এই ধারামতে যে আজ্ঞা করেন তাহা যত দিন উপযুক্ত ক্ষমতাপন্ন কর্তৃপক্ষের দ্বারা অসিদ্ধ কি মতান্তর না করা যায়, তত দিন তদ্রূপেই প্রবল থাকিবে ইতি।

আদালতকর্ত্তৃক সীমা নির্ণীত না হইলে কিম্বা রেভিনিউ সরবেকর্ত্তৃক ধার্য্য না হইলে কালেকটর সাহেবের ক্ষমতার কথা।

[Government Gazette 24th August 1875]

42 If, after holding the necessary enquiry, the Collector is unable to discover which party was in possession of the disputed land when he instituted the enquiry under this section, the Collector may take possession of the land in dispute and retain possession thereof until some party shall have established his right to the said land

Power of Collector to take possession of land in dispute

৪২ ধারা। কালেক্টর সাহেব যে সময়ে এই ধারা মতে অনুসন্ধান লন সেই সময়ে বিবাদীয় সম্পত্তি কাহার অধিকারে ছিল কালেকটর সাহেব প্রয়োজনমতে অনুসন্ধান লওয়ার পর ইহা জানিতে না পারিলে, তিনি ঐ বিবাদীয় জমী অধিকার করিয়া কোন ব্যক্তি যত কাল আপন স্বত্ব স্থাপন না করেন তত কাল তাহা স্বীয় অধিকারে রাখিতে পারিবেন ইতি।

বিবাদীয় জমীর অধিকার করিতে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

43 Whenever the Collector thinks it necessary to decide a dispute as to any boundary under the last preceding section he may with the consent of the parties concerned refer the same to arbitration

Power to refer to arbitration

৪৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে কালেকটর সাহেবের কোন সীমার বিবাদ নিষ্পত্তি করা প্রয়োজন বোধ হইলে, ঐ বিষয়ে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে তিনি তাঁহাদের সম্মতিমতে ঐ বিষয় সালিসীতে অর্পণ করিতে পারিবেন।

সালিসীতে অর্পণ করিবার ক্ষমতার কথা।

The procedure laid down in Chapter VI of Act VIII of 1859 (*the Code of Civil Procedure*) shall so far as may be practicable be applicable to disputes so referred to arbitration

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধান বিষয়ক ১৮৫৯ সালের ৮ আইনের ষষ্ঠ অধ্যায়ে যে প্রণালীর বিধান আছে তাহা যত দূর খাটিতে পারে সালীসীতে অর্পিত সেই বিবাদের পক্ষে তত দূর খাটিবে ইতি।

44 If the boundary regarding which the dispute exists as mentioned in section forty shall at any previous time have been determined by any Court of competent jurisdiction, or shall have been laid down and shown on a map in the course of any previous Revenue Survey or Settlement and no objection to the boundary as then laid down and mapped shall have been preferred before any authority competent to decide on such objection

Powers of a Collector when boundaries determined by Court or by Recent Survey

whenever the dispute relates to the boundary of an estate which is liable for revenue or to any other boundary by which the interests of the Government may be affected the Collector shall

and whenever the dispute relates to any other boundary, the Collector may if he thinks fit

relay as nearly as may be possible, the boundary as previously determined or laid down and shown on the map, and cause such boundary to be shown on the survey map, with an explanatory note to the same

provided that the relaying and record of a boundary by the Collector under this section shall not affect the possession of any land by any party and shall be in addition to the determination and record of the boundary according to actual possession required by section forty one

Nothing in this section contained shall be understood to prohibit the Collector from deviating from a boundary as held by actual possession or as shown on a former map, and laying down a

৪৪ ধারা। ৪০ ধারায় যে বিবাদের কথা আছে যে সীমার বিষয়ে সেই বিবাদ হইয়া থাকে পূর্ব্বে কোন সময়ে যদি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতের দ্বারা সেই সীমা নির্ণয় হইয়া থাকে, কিম্বা পূর্ব্বে রাজস্বসংক্রান্ত কোন জরীপী কি বন্দোবস্তী কার্য্য চলন সময়ে যদি সেই সীমা নির্ণীত হইয়া নকশায় লেখা গিয়া থাকে এবং তদ্রূপে নির্ণীত ও নকশায় লেখা সীমা বিষয়ক আপত্তি যে কর্তৃপক্ষ নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন এমত কোন কর্তৃপক্ষের সম্মুখে যদি কোন আপত্তি করা না গিয়া থাকে,

আদালতের কি রেবিনিউ সরবের দ্বারা সীমা নির্ণয় হইলে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

তবে যে মহাল মালগুজারীর নিমিত্ত দায়ী হয় সেই মহালের সীমার বিষয়ে ঐ বিবাদ হইয়া থাকিলে, কিম্বা যাহাতে গবর্ণমেণ্টের স্বার্থের লাভ কি হানি হয় এমত অন্য সীমার বিষয়ে বিবাদ হইয়া থাকিলে, কালেক্টর সাহেব পূর্ব্ব নির্ণীতমতে কিম্বা নির্ণীত হইয়া নকশায় লিখনমতে সাধ্যানুসারে সেই সীমা পুনশ্চ ধরিয়া সরবের ম্যাপে সেই সীমার চিহ্ন দিয়া তাহা অবধারণ করিবেন ও তাহার ভাব প্রকাশ করণার্থে নোট দিবেন

অন্য কোন সীমার বিষয়ে ঐ বিবাদ হইলে কালেক্টর সাহেব বিহিত বোধ করিলে পূর্ব্বোক্তমতে যতদূর কার্য্য করিতে পারেন করিবেন।

কিন্তু কালেক্টর সাহেব এই ধারামতে সীমা নির্ণয় ও লিপিবদ্ধ করিলেও কোন ব্যক্তির কোন ভূমি দখলের হানি হইবে না এবং ৪১ ধারামতে অধিকারানুসারে যে সীমা নির্ণয় ও লিপিবদ্ধ হয় এই কার্য্য তদতিরিক্ত হইবে।

যে সীমা কাহারও অধিকারগত থাকে কিম্বা পূর্ব্ব নকশায় যাহা লেখা গেল সেই বিষয়ের সম্পর্কযুক্ত সকল ব্যক্তি তাহা অশুদ্ধ বলিয়া নূতন করিয়া সীমা ধরিতে হইলে, এবং কালেক্টর সাহেব সেই নূতন সীমা ধার্য্য

new boundary, if all the parties concerned agree to such new boundary, on the ground that the boundary held by actual possession, or as shown on the former map was incorrect and if it appears to the Collector that there is no objection to the adoption of such new boundary

The reason for every such deviation shall be recorded in the Collector's proceedings

45 If it shall come to the notice of the Collector at any time or in any manner that a doubt or dispute exists in respect to any boundary

Pow f C ll t t ny ti e when l ubt › di p t x ts t y b und ry

(*a*) which has at any time been determined by a competent Court or

(*b*) which has been laid down and shown on a map in the course of a previous Revenue Survey or Settlement or other proceeding of a revenue officer for any special purpose, and against which no objection has been preferred to any authority competent to decide upon such objection, or

(*c*) which has been laid down by a Survey under this Act

the Collector may if he thinks it desirable for any reason that the boundary so determined or laid down shall be relaid proceed to relay the boundary in the manner prescribed in section forty four of this Act

and for the purpose of so relaying the boundary he may make any enquiries and surveys which may be necessary and such enquiries and surveys shall be deemed to be proceedings under section six and the Collector shall exercise in respect thereof all powers which he may exercise in respect of enquiries and surveys under that section

46 Whenever the Collector shall have determined a boundary which was in dispute and the order shall have become final and whenever a boundary which has been supplied by the survey officers or has been determined under this Act has been altered by a decree of any Civil Court which has become final

I c ta nce C llector v ju ucp t f t n o sl d t r ct m rk

and whenever it shall come to the notice of the Collector that any boundary has been determined by a competent Court or authority

করণের কোন আপত্তি দেখিতে না পাইলে, তাঁহার প্রতি অধিকারানুযায়ি ঐ সীমা কিম্বা পূর্ব্ব নক্সার লেখা সীমা ব্যতিক্রম করিয়া নূতন সীমা ধার্য্য করিতে যে নিষেধ হইল এই ধারার কোন কথার এমত অর্থ করিতে হইবে না।

তদ্রূপে সীমার ব্যতিক্রম করা গেলে, কালেক্টর সাহেবের রুবকারীতে তাহার কারণ লিখিতে হইবে ইতি।

৪৫ ধারা। (ক) কোন সময়ে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতকর্তৃক যে সীমা নির্ণয় করা গিয়াছে, কিম্বা

কোন সময়ে কোন সীমার বিষয়ে সন্দেহ কি বিবাদ থাকিলে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

(খ) পূর্ব্বে রাজস্বসংক্রান্ত কোন জরীপী কি বন্দোবস্তী কার্য্য করণ সময়ে কিম্বা কোন বিশেষ কার্য্যের নিমিত্তে রাজস্বসংক্রান্ত কার্য্যকারকের অন্য কার্য্যানুষ্ঠান করণসময়ে, যে সীমা ধার্য্য হইয়া নকশায় লেখা গিয়াছে তদ্বিষয়ের আপত্তি থাকিলে যে কর্ত্তৃপক্ষ সেই আপত্তি নিষ্পত্তি করিতে সক্ষম হন তাঁহার নিকট আপত্তি উপস্থিত না করা গেলে কিম্বা

(গ) এই আইনমতে জরীপ হইয়া যে সীমা ধার্য্য হইল,

সেই সীমা বিষয়ে কোন সন্দেহ কি বিবাদ হইতেছে কালেক্টর সাহেব কোন সময়ে কোন প্রকারে ইহা জানিতে পাইলে

তিনি তদ্রূপে নির্ণীত কি লেখা সীমা কোন কারণে পুনশ্চ নিষ্কাষ্য করা বহিত বোধ করিলে, এই আইনের ৪৪ ধারার নির্দ্দিষ্ট বিধানমত ঐ সীমা পুনশ্চ ধার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন।

এবং ঐ সীমা পুনশ্চ ধার্য্য করিবার জন্যে যে কোন অনুসন্ধান লওয়া ও যে রূপে জরীপ করা আবশ্যক হয় তাহা করিতে পারিবেন। ও সেই অনুসন্ধান লওয়া ও সেই জরীপী কার্য্য ৬ ধারামত অনুষ্ঠানিক কার্য্য বলিয়া জ্ঞান হইবে। এবং ঐ ধারামতে অনুসন্ধান লইতে ও জরীপ করিতে গেলে কালেক্টর সাহেব যেং ক্ষমতামতে কার্য্য করিতে পারেন এই কার্য্যও সেইং ক্ষমতামতে করিতে পারিবেন ইতি।

৪৬ ধারা। যে সীমার বিষয়ে বিবাদ ছিল কালেক্টর সাহেব তাহার সীমা নির্ণয় করিলে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইলে,

স্থানবিশেষে সন্নিকট জমির দখিলকারকে চিহ্ন স্থাপন করিতে কালেক্টর সাহেবের আজ্ঞা দিতে পারিবার কথা।

এবং সরবের কার্য্যকারকদের দ্বারা যে সীমা নিরূপণ করা গেল কিম্বা এই আইনমতে যে সীমা নির্ণয় হইল দেওয়ানী আদালতের কোন ডিক্রীক্রমে তাহা পরিবর্ত্তন করা গেলে, ও সেই ডিক্রী চূড়ান্ত হইলে,

এবং উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতের কি কর্ত্তৃপক্ষের দ্বারা কোন সীমা নির্ণয় করা গিয়াছে কালেক্টর সাহেব এই কথা জানিতে পাইলে,

the Collector may cause such marks as he may think fit to be erected in order to secure the boundary permanently and the provisions of Parts III and IV shall, so far as is possible be applicable to boundary marks which are erected under this section, and to the apportionment of the cost thereof

সেই সীমা চিরকালের নিমিত্তে নির্দ্ধার্য্য করণার্থে তাঁহার বিবেচনায় যে চিহ্ন স্থাপন করা বিহিত তিনি সেই চিহ্ন দেওয়াইতে পারিবেন। এই ধারামতে সীমার যে চিহ্ন স্থাপন করা যায় তাহার প্রতি ও তৎসম্পর্কীয় খরচের অংশাংশ নিরূপণ করিবার প্রতি তৃতীয় ও চতুর্থ অধ্যায়ের বিধান যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

PART VI

MISCELLANEOUS

ষষ্ঠ অধ্যায়।

বিবিধ বিধি।

Joint zemindars to be subject to every liability imposed on single zemindars

47 Whenever any estate or tenure is held jointly by two or more zemindars or tenure holders, all such zemindars and tenure holders shall be jointly and severally liable in respect of every liability imposed on zemindars or tenure holders respectively by this Act

একক কোন জমীদারের প্রতি যে দায় বর্ত্তে একমালী জমীদারদের প্রতিও তাহাই বর্ত্তিবার কথা।

৪৭ ধারা। দুই কি তদধিক জন জমিদার কি তালুকদার একত্র কোন মহাল কি তালুক ভোগ করিলে, এই আইন দ্বারা জমিদারদের কি তালুকদারদের প্রতি যেং দায় বর্ত্তান গেল তৎসম্পর্কে উক্ত সকল জমাদার ও তালুকদার একত্র ও স্বতন্ত্র দায়ী হইবেন

And any shareholder in any estate or tenure who may have paid the amount finally apportioned to such estate or tenure may recover from his co sharers such sums as may be payable in respect of their shares as arrears of rent or may take credit for such sums in any adjustment of accounts between himself and his co sharers

ও শেষে কোন মহালের কি তালুকের পক্ষে অংশাংশমতে যত খরচ অবধারিত হয়, যদি মহালের কি তালুকের কোন অংশী তাহা দিয়া থাকেন তবে সহ অংশীদের নানা অংশমতে যত টাকা দেনা হয়, তিনি তাঁহাদের স্থানে বাকী রাজস্বের ন্যায় তাহা আদায় করিতে পারিবেন, কিম্বা আপনার ও সহ-অংশিদের মধ্যে কোন হিসাব নিষ্পত্তি করণ সময়ে তিনি ঐ টাকা জমা করিয়া লইতে পারিবেন ইতি।

Service of notice

48 Every notice in and by this Act required to be served on any person may be served—

(1) by delivering the same to the person to whom it is directed or on failure of such service by posting the same on some conspicuous part of the house in which the said person resides or by delivering the said notice to a general agent of the person to whom such notice is directed or

(2) by the sending a registered letter containing such notice directed to the said person at his usual place of abode or to the place where he may be known to reside or

(3) by posting a copy of the notice at any mal cutcherry of the estate or tenure of the person to whom the notice is directed or if no such mal cutcherry be found on some conspicuous place on the said estate or tenure to which such notice relates and by delivering in the case of estates paying their annual revenue by four instalments another copy thereof to any agent who shall

নোটিস জারী করিবার কথা।

৪৮ ধারা। এই আইনমতে কোন ব্যক্তিকে যে সকল নোটিস দিবার আজ্ঞা থাকে তাহা এইং প্রকারে জারী হইতে পারিবে —

(১) যে ব্যক্তির নামে দেওয়া যায় তাঁহাকেই দিয়া কিম্বা সেই প্রকারে জারী হইতে না পারিলে ঐ ব্যক্তি যে ঘরে বাস করেন তাহার কোন প্রকাশ স্থানে লাগাইয়া কিম্বা যাঁহার নামে নোটিস দেওয়া যায় তাঁহার আমমোক্তারকে দিয়া, কিম্বা

(২) সেই নোটিস খামে দিয়া শিরোনামায় তাঁহার নিয়ত বাসস্থানের কিম্বা যে স্থানে বাস করেন বলিয়া জানা যায় সেই বাসস্থানের ঠিকানা লিখিয়া রেজিষ্টরী করিয়া পাঠাইয়া, কিম্বা

( ) যে ব্যক্তির নামে নোটিস দেওয়া যায় তাঁহার মহালের কি তালুকের কোন মালকাছারী ঘরে নোটিসের এক কেতা নকল লাগাইয়া দিয়া, ও তদ্রূপ মালকাছারী পাওয়া না গেলে উক্ত যে মহাল কি তালুক সম্পর্কীয় ঐ নোটিস দেওয়া যায় তাহার কোন প্রকাশ স্থানে ঐ নোটিসের এক কেতা নকল লাগাইয়া, ও মহালের বার্ষিক জমা চারি কিস্তিতে দেওয়া গিয়া থাকিলে ঐ নোটিস প্রস্তুত হইবার পর যে মোক্তার ঐ জমার কিস্তি দিয়া

have paid an instalment of revenue next after the preparation of such notice In all cases where two or more persons are holders of an estate or tenure, service of notice under this clause shall be deemed to be good and sufficient service on each and all of such persons

থাকেন তাঁহাকে ঐ নোটিসের অন্য এক কেত নকল দিয়া, ঐ নোটিস জারী হইতে পারিবে। দুই কি তদধিক ব্যক্তি ঐ মহালের কি তালুকের ভোগি হইলে, এই প্রকরণমতে নোটিস জারী করা গেলেই উক্ত প্রত্যেক ও সকল ব্যক্তির উপর উত্তম ও উপযুক্তরূপে জারী হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

49 No proceedings under this Act shall be affected by reason of any mistake in the name of any person thereby rendered liable to pay any sum of money or in the description of any estate or tenure or land in respect of which he is rendered liable to pay or by reason of any other informality provided the directions of this Act be in substance and effect complied with and no proceedings under this Act shall be affected by reason of the omission to serve any notice on any zemindar whose name is not recorded on the Collector's registers as owner of the estate in respect of which the notice is required to be served

No proceedings under this Act to be affected by mistakes or informalities.

৪৯ ধারা। এই আইনমতে আনুষ্ঠানিক কোন কার্য্য দ্বারা কোন ব্যক্তি টাকার দায়ী হইলে, তাঁহার নাম লিখিবার, কিম্বা যে মহাল কি তালুক কি ভূমি সম্পর্কে তিনি টাকার দায়ী হন তাহার বর্ণনা লিখিবার কোন ভুল থাকিলেও, কিম্বা দাড়ার কোন ব্যতিক্রম হইলেও যদি আইনের বিধানের মর্ম্ম ও তাৎপর্য্যানুসারে কার্য্য হইয়া থাকে তবে ঐ আনুষ্ঠানিক কার্য্যের ব্যাঘাত হইবে না। ও যে মহালের বিষয়ে নোটিস জারি করিবার প্রয়োজন থাকে কালেক্টর সাহেবের রেজিষ্টরী বহীতে সেই মহালের স্বামী বলিয়া যে জমাদারের নাম লেখা না থাকে, তাঁহাকে নোটিস দিবার ত্রুটি হইলেও এই আইনমতে আনুষ্ঠানিক কার্য্যের ব্যাঘাত হইবে না ইতি।

ভুল কি অশুদ্ধবর্ণনা হেতুক এই আইনমত কার্য্যপ্রণালীর হানি না হইবার কথা।

50 For the purpose of any enquiry under this Act, the Collector shall in addition to every power conferred specially by this Act have power to summon and enforce the attendance of witnesses and compel the production of documents by the same means (as far as may be) and in the same manner as is provided in the case of a Court under the Code of Civil Procedure

Power to collect to enforce attendance of witnesses.

৫০ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে কোন আদালতে যে উপায় দ্বারা ও যে প্রকারে সাক্ষিদিগকে ও দলীল উপস্থিত করান যাইতে পারে এই আইনমতে তদন্ত লইবার জন্যে কালেক্টর সাহেবের প্রতি এই আইনমতে বিশেষরূপে যে ক্ষমতা প্রদান করা গেল তদ্ভিন্ন যত দূর হইতে পারে তত দূর তিনি সেই উপায় দ্বারা ও সেই প্রকারে সাক্ষিদিগকে সমন করিয়া বলপূর্ব্বক উপস্থিত করাইতে ও দলীল আনাইতে পারিবেন ইতি।

সাক্ষিদিগকে কালেক্টর সাহেবের বলক্রমে উপস্থিত করাইবার ক্ষমতার কথা।

51 If any person shall fail to comply with a requisition contained in any special notice served under section seven of this Act or in any notice served for the purpose of any inquiry under Part V of this Act within the time specified in such notice the Collector may impose upon him such daily fine as he may think fit not exceeding fifty rupees and such fine shall be payable daily until the requisition is complied with and the Collector may proceed from time to time to levy any amount which has become due in respect of any such fine notwithstanding that an appeal against the order imposing such fine may be pending

Daily fine for failure to comply with requisition.

৫১ ধারা। এই আইনের ৭ ধারামতে যে বিশেষ নোটিস দেওয়া যায়, কিম্বা এই আইনের ৫ অধ্যায়ানুসারে অনুসন্ধান লওনার্থে যে নোটিস দেওয়া যায় কোন ব্যক্তি সেই নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ নোটিসের উল্লিখিত আদেশমতে কর্ম্ম না করিলে, কালেক্টর সাহেব ৫০৲ টাকার অনধিক যত টাকা উচিত বোধ করেন ঐ ব্যক্তির দিনং তত টাকা অর্থদণ্ড ধার্য্য করিতে পারিবেন, ও যত দিন সেই আজ্ঞামতে কার্য্য না করা যায় তত দিন তাঁহার দিনং সেই দণ্ড দিতে হইবে। ও সেই অর্থদণ্ড ধার্য্য করার আজ্ঞার উপর আপীল উপস্থিত করা গেলেও ঐ অর্থদণ্ডের উপলক্ষে যে টাকা দেনা হয় কালেক্টর সাহেব সময়েং সেই টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন।

নোটিসে যে আদেশ থাকে তদনুসারে কার্য্য না করা গেলে দৈনিক অর্থদণ্ডের কথা।

Provided that whenever the amount levied under any such order shall have exceeded five hundred rupees the Collector shall report the case specially to the Commissioner of the Division and

কিন্তু সেই প্রকারের আজ্ঞামতে যে টাকা আদায় করা যায়, তাহা পাঁচ শত টাকার অধিক হইয়া উঠিলে কালেক্টর সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট সেই কথার বিশেষ রিপোর্ট করিবেন ও উক্ত

no further levy in respect of such fine shall be made otherwise than by authority of the said Commissioner

কমিশ্যনব সাহেবের অনুমতিক্রমে ন হইলে ঐ অর্থ দণ্ডের আর টাকা আদায় হ‹বে না ইতি।

Penalty for failing to give notice of injury to boundary mark

52 Any person being bound by the provisions of section nineteen to give notice to the Collector in respect of any boundary mark having been injured destroyed or removed or requiring repairs who shall fail to give such notice shall be liable to a fine not exceeding one hundred rupees to be imposed by order of the Collector

সীমার চিহ্নের অপকার করা গেলে তাহার নোটিস না দিবার দণ্ডের কথা।

৫২ ধারা। সীমাব কোন চিহ্নের হা ন কব গেলে কি তাহা নষ্ট হইলে কি স্থানান্তর কবা গেলে কিম্বা মেবামৎ ক'বনাব প্রযোজন হইলে ৯ ধারার বিধানমতে কালেকুটব সাহেবকে যে ব্যক্তি নোটিস দিতে আবদ্ধ হন, তিনি তদ্রূপ নোটিস ন দিলে তাঁহার এক শত টাকাব অনধিক দণ্ড হইতে পাবিবে। কালেকুটব সাহেবের আজ্ঞামতে সেই দণ্ড ধার্য্য হইবে ইতি।

Penalty for removing boundary mark

53 Any person convicted before a Collector of wilfully erasing removing or damaging any boundary mark (not being a landmark fixed by the authority of a public servant within the meaning of section four hundred and thirty four of the Indian Penal Code) which has been lawfully erected may be ordered by the convicting officer to pay such sum not exceeding two hundred rupees for each mark so erased, removed or damaged as the said officer may think fit in addition to such sum as may be necessary to defray the expense of restoring the boundary mark so erased removed, or damaged

সীমার চিহ্ন সরাইযা লই- বার দণ্ডের কথা।

৫৩ ধারা। ভারতবর্ষীব দণ্ডবিধির আইনের ৪৩৪ ধারাব অর্থানুসারে কোন রাজকীয় কার্য্যকারকের অনুমতিক্রমে ভুমিব যে চিহ্ন দেওযা যায তাহা ছাডা যে সীমাব চিহ্ন আইনমতে স্থাপন করা গেল কালেকুটর সাহেবের সম্মুখে কোন ব্যক্তির ইচ্ছাপূর্ব্বক সেই চিহ্ন উঠাইয়া ফেলিবাব কি স্থানান্তব ক বার কিম্ব তাহার হানি করিবার অপরাধ নিায় হইলে তদ্রূপ উঠাইয়া ফেলা কি স্থানান্তর কি হানি করা সেই সীমার চিহ্ন পুনরায স্থাপন করিতে যে খবচ লাগে তাহা ছাডা ঐ অপরাধ নির্ণেত কার্য্যকারক উক্ত প্রকারে উঠাইয়া ফেলা কি স্থানান্তব কি হানি করা প্রত্যেক চিহ্নের নিমিত্ত ঐ ব্যক্তির দুই শত টাকাব অনধিক দণ্ড দিবাব আজ্ঞা কবিতে পারিবেন ইতি।

Collector may award portion of fine to informer

54 The Collector may award any portion of a fine imposed under either of the two last preceding sections and which may be realized to any person who may have given information leading to the imposition of the fine

অর্থদণ্ডের এক অংশ গোযেন্দাদিগকে কালেকুটর সাহেবের দিতে পাবিবার কথা।

৫৪ ধারা। ইহাব পূর্ব্ব দুই ধারার কোন এক ধাব মতে যে অর্থদণ্ড ধার্য্য হইযা আদায হইযা থাকে ঐ অর্থদণ্ড যাহাতে ধার্য্য হয এমত সন্ধান যে ব্যক্তি জানাইল কালেকুটব সাহেব তাহাকে সেই অর্থদণ্ডের এক অংশ পাইবার আজ্ঞা কবিতে পারিবেন ইতি।

Levy of fines

55 A fine under sections fifty one fifty two and fifty three may be levied as far as may be practicable in the manner provided in section three hundred and seven of the Code of Criminal Procedure, but if no moveable property belonging to the person from whom the fine is due is found in the district within which the order was passed, then such fine may be levied as if it were an arrear of revenue

অর্থদণ্ড আদাযের কথা।

৫৫ ধারা। ফৌজদাবী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩০৭ ধারায যে বিধান আছে, যত দূর হইতে পারে সেই বিধানমতে ৫১ ৫২ ও ৫৩ ধারামত দণ্ড আদায় হইতে পারিবে, কিন্তু যে ব্যক্তির সেই অর্থ দণ্ড দেন থাকে আজ্ঞা যে জিলাব মধ্যে করা গেল সেই জিলায ঐ ব্যক্তিব কোন অস্থাবব সম্পত্তি পাওযা না গেলে, ঐ অর্থদণ্ডের টাকা বাকী রাজস্বের ন্যায আদায হইতে পাবিবে ইতি।

When person removing boundary mark cannot be found Collector may repair

56 Whenever the person erasing removing or damaging any boundary mark cannot be discovered, or if for any other reason it is found impracticable to recover from him the sum which he has been so ordered to pay the boundary mark shall be restored or repaired by the Collector, and the expenses

যে ব্যক্তি সীমার চিহ্ন স্থানান্তব করে তাহার উদ্দেশ পাওযা না গেলে কালেক্টর সাহেবের সারাইয়া লইতে পারিবার কথা।

৫৬ ধারা। যে ব্যক্তি কোন সীমাব চিহ্ন উঠাইযা ফেলে কি স্থানান্তর করে কি তাহাব হানি করে সেই ব্যক্তির উদ্দেশ পাওযা যাইতে না পারিলে কিম্বা উক্ত প্রকারে যত টাকা দিবার আজ্ঞা হয অন্য কোন কারণে তাঁহার স্থানে সেই টাকা আদায় করা

thereby incurred shall be recovered from the occupants of such of the conterminous lands and in such proportions as to the Collector may seem fit

যাইতে না পারিলে, কালেক্টর সাহেব সেই চিহ্ন পুনরায় স্থাপন করাইয়া কি সারাইয়া দিবেন ও তাহা করিতে যত টাকা খরচ লাগে কালেক্টর সাহেব সন্নিকট জমির যে২ দখিলকারদের যে২ অংশানুসারে তাহা দেওয়া উচিত জ্ঞান করেন তাঁহাদের স্থানে সেইং অংশানুসারে সেই খরচ আদায় করা যাইবে ইতি।

57 Every amount which may become due to the Collector under the provisions of this Act in respect of any expenses incurred or of any notices served or of any costs payable by any party in an appeal shall be deemed to be a demand under section two of Bengal Act VII of 1868 *(an Act to make further provision for the recovery of arrears of Land Revenue and Public Demands recoverable as arrears of Land Revenue)* and shall be leviable as such

Every amount due to be a demand under Bengal Act VII of 1868

৫৭ ধারা। এই আইনের বিধানমতে যে খরচ লাগে কি যে নোটিস জারী হয় কিম্বা আপীল হইয়া কোন পক্ষের যে খরচ দেনা হয় তদুপলক্ষে কালেক্টর সাহেবের নিকট যে টাকা দেনা থাকে তাহা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের (অর্থাৎ ভূমির বাকী রাজস্ব এবং রাজকীয় অন্য যে দাওয়া ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে তাহা আদায় করণার্থ আইনের) ২ ধারামত দাওয়া বলিয়া জ্ঞান হইবে ও তদ্রূপে আদায় করা যাইতে পারিবে ইতি।

দেনা সকল টাকা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে দাওয়া বলিয়া জ্ঞান হইবার কথা।

58 Except as provided in sections fifty nine and sixty, no appeal shall lie as of right against any order passed under this Act by any officer but the proceedings and orders of Assistant Superintendents and of Deputy Collectors under this Act shall be subject to the supervision and control of the Superintendent of Survey or Collector the proceedings and orders of the Superintendent of Survey and of the Collector to the supervision and control of the Commissioner of the Division and the proceedings and orders of all officers to the supervision and control of the Board of Revenue

No appeal to lie under this Act

৫৮ ধারা। কোন কার্য্যকারক এই আইনমতে যে আজ্ঞা করেন ৫৯ ও ৬০ ধারায় যে২ স্থলের বিধান হইয়াছে সেইং স্থল ছাড়া, উক্ত কোন আজ্ঞার উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া কেহ আপীল করিতে পারিবে না। কিন্তু আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টেরা ও ডেপুটী কালেক্টরেরা এইআইনমতে যে কার্য্যানুষ্ঠান ও যে আজ্ঞা করেন তাহার উপর জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কি কালেক্টর সাহেবের তত্ত্ব ও কর্ত্তৃত্ব থাকিবে জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ও কালেক্টর সাহেব যে কার্য্যানুষ্ঠান ও যে আজ্ঞা করেন তাহার উপর দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের তত্ত্ব ও কর্ত্তৃত্ব থাকিবে, ও সকল কার্য্যকারকের আনুষ্ঠানিক কার্য্যের ও আজ্ঞার উপর রেবিনিউ বোর্ডের তত্ত্ব ও কর্ত্তৃত্ব থাকিবে ইতি।

এই আইনমতে যে কোন আজ্ঞা করা যায় তাহার উপর আপীল হইতে না পারিবার কথা।

59 An appeal if presented within one month of the date of the order appealed against shall lie to the Collector or Superintendent of Survey against every order of a Deputy Collector or of an Assistant Superintendent

Appeal to lie to the Collector or Superintendent of Survey

৫৯ ধারা। আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের ও ডেপুটী কালেক্টরের নিম্নলিখিত প্রত্যেক আজ্ঞার উপর জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ও কালেক্টর সাহেবের নিকট আপীল হইতে পারিবে কিন্তু সেই আজ্ঞা করিবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে আপীল উপস্থিত করিতে হইবে।

জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ও কালেক্টর সাহেবের ও আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের ও ডেপুটী কালেক্টরের আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবার কথা।

(*a*) determining under section eight the amount to be paid as the price of materials or labor supplied

(ক) ৮ ধারামতে সরঞ্জামের মূল্য ও মজুরী বলিয়া যত টাকা নির্দ্ধার্য্য হয় তাহার উপর।

(*b*) determining under section ten the amount to be paid as compensation

(খ) ১০ ধারামতে হানিপূরণ বলিয়া যত টাকা নির্দ্ধার্য্য হয় তাহার উপর।

(*c*) deciding a boundary dispute

(গ) বিবাদের নিষ্পত্তির উপর।

(*d*) imposing a fine under this Act

(ঘ) এই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞার উপর ইতি।

60 An appeal if presented within one month of the date of the order appealed against, shall lie to the Commissioner of the Division against every order of the Collector or Superintendent of Survey

Appeal to Commissioner against order of Collector or Superintendent of Survey

(a) determining under section eight the amount to be paid as value of materials or labor supplied,

(b) determining under section ten the amount to be paid as compensation

(c) determining a disputed boundary

(d) imposing a fine of more than fifty rupees on any person

provided that the order appealed against under clause (a) (b) (c) shall not have been passed by the Collector or Superintendent of Survey on an appeal preferred against the order of a subordinate officer

61 The Commissioner Collector or Superintendent of Survey may pass such orders as they shall think fit in respect of the payment of costs incurred by any party in an appeal

Orders as to costs on appeal

62 No suit shall be brought to set aside an order of a Superintendent of Survey Collector Assistant Superintendent or Deputy Collector deciding a boundary dispute unless an appeal shall have been first preferred under section fifty nine or section sixty or unless the person suing was at the time when such order was passed a minor or insane or an idiot

No suit to lie against ... unless appeal first preferred to the Commission

63 With the sanction of the Lieutenant Governor the Board of Revenue may lay down rules, not being inconsistent with this Act

Board of Revenue may lay down rules with sanction of Lieutenant Governor

to provide for the preparation of maps and registers, and for the collection and record of any information in respect of any land to be surveyed under this Act

৬০ ধারা। কালেক্টর সাহেব কিম্বা জরীপীকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব নিম্ন লিখিত বিষয়ের যে আজ্ঞা করেন তাহার উপর দেশ খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে, কিন্তু যে আজ্ঞার উপর আপীল হয় তাহার তারিখঅবধি এক মাসের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে,—

কালেক্টর কি জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হওয়ার কথা।

(ক) ৮ ধারামতে যে সরঞ্জাম কি যে মজুরী যোগাইয়া দেওয়া যায় তাহার মূল্য বলিয়া যত টাকা নিদ্ধার্য্য হয় তাহার আজ্ঞার উপর।

(খ) ১০ ধারামতে হানিপূরণ বলিয়া যত টাকা নিদ্ধার্য্য হয় তদ্বিষয়ের আজ্ঞার উপর।

(গ) বিবাদীয় সীমা নির্ণয়ের আজ্ঞার উপর

(ঘ) কোন ব্যক্তির ৫০ টাকার অধিক অর্থদণ্ডের আজ্ঞার উপর।

কিন্তু অধীন কোন কর্ম্মকারক (ক) (খ) ও (গ) প্রকরণমতে যে আজ্ঞা করেন তাহার উপর আপীল হইয়া কালেক্টর সাহেব কিম্বা জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে আজ্ঞা করেন তাহার উপর উক্ত আপীল হইতে পারিবে না ইতি।

৬১ ধারা। আপীলী মোকদ্দমায় কোন ব্যক্তির যত টাকা খরচ লাগে সেই খরচ দিবার বিষয়ে কমিশ্যনর সাহেব কি কালেক্টর কি জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

খরচার বিষয়ে আজ্ঞার কথা।

৬২ ধারা। জরীপীকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কিম্বা কালেক্টর সাহেব কিম্বা আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট কি ডেপুটী কালেক্টর সীমার বিবাদ নিষ্পত্তিকরণসূচক যে আজ্ঞা করেন তাহার উপর ৫৯ কি ৬০ ধারামতে আপীল উপস্থিত করা না গেলে কিম্বা যে ব্যক্তি মোকদ্দমা উপস্থিত করেন তিনি সেই আজ্ঞা হওন সময়ে নাবালগ কি ক্ষিপ্তমনা কি জড় না হইলে, সেই আজ্ঞা অসিদ্ধ করিবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না ইতি।

(*a*) Any Civil or Military Officer in the service of the Government may hold the

দ্বিতীয় পরিচ্ছেদ।—সমাবাযিত সমাজের কার্য্যকারকদের কথা।

জষ্টিসদের সভাপতির নিযোগ ও অবসর হওনের কথা।

৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ উক্ত শান্তিরক্ষার্থ জষ্টিসদের এক ব্যক্তিকে জষ্টিসদের সভাপতি পদে নিযুক্ত করিবেন।

শান্তিরক্ষার্থ জষ্টিসদের বিশেষ সাধারণ সভায় তাঁহাদের যত জন বর্ত্তমান থাকেন, তাহাদের তিন অংশের অন্যূন দুই অংশ ব্যক্তি আপনাদের মত জ্ঞাপন করিয়া ঐ সভাপতির অবসর হওনের পরামর্শ দিতে নির্দ্ধারণ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ সভাপতিকে স্বীয় পদ হইতে অবসর করিতে পারিবেন নতুবা নয় ইতি।

প্রতিনিধি সভাপতির মনোনীত ও নিযুক্ত হওয়ার কথা।

৮ ধারা। জষ্টিসেরা প্রতিনিধি সভাপতিকে নিযুক্ত করিবার নিমিত্ত বিশেষ সাধারণ সভা করিয়া সময়ে২ জষ্টিসদের প্রতিনিধি সভাপতি হওনার্থে উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

তাঁহার নিয়োগের পক্ষে স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতির অপেক্ষা থাকিবে ইতি।

সেক্রেটারী ইঞ্জিনিয়র সরবেয়র স্বাস্থ্যরক্ষক টাক্সের কার্য্যেরক্ষক ও আসেসরপ্রভৃতি কর্ম্মকারকদের নিয়োগ।

৯ ধারা। জষ্টিসেরা সময়ে২ বিশেষ সাধারণ সভা করিয়া যতদিন উচিত বোধ করেন তত দিনের নিমিত্ত ঐ২ পদে অর্থাৎ সেক্রেটারীর ও ইঞ্জিনিয়রের ও সরবেয়রের ও নগরের স্বাস্থ্যরক্ষকের, ও টাক্স আদায়কারির, ও টাক্স ধার্য্যকারির পদে উপযুক্ত ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে কিম্বা উক্ত কোন দুই কি অধিক পদে কিম্বা একি পদে উপযুক্ত এক২ ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

যে২ ব্যক্তিকে তদ্রূপে নিযুক্ত করা যায় তাঁহারা এবং প্রতিনিধি সভাপতিও সর্ব্ববিষয়ে নিজ সভাপতির আজ্ঞাধীনে থাকিবেন, ও তিনি যে২ কর্ম্ম নিরূপণ করেন তাঁহারা সেই২ কর্ম্ম করিবেন, এবং শান্তিরক্ষার্থ জষ্টিসদের বিশেষ সাধারণ সভায় যত জন বর্ত্তমান থাকেন তাহাদের তিন অংশের অন্যূন দুই অংশ ব্যক্তি আপনাদের মত জ্ঞাপন করিয়া উক্ত কর্ম্মকারকদের মধ্যে কোন ব্যক্তিকে অবসর হওনের সপক্ষে নির্দ্ধারণ করিলে সেই ব্যক্তিকে অবসর করা যাইতে ও তাঁহার স্থানে অন্য ব্যক্তিকে নিযুক্ত করা যাইতে পারিবে ইতি।

সভাপতির ও প্রতিনিধি সভাপতির কলিকাতায় বাস করিতে হইবার ও অন্য কর্ম্মে কি ব্যবসায়াদিতে লিপ্ত না থাকার কথা।

১০ ধারা। সভাপতি ও প্রতিনিধি সভাপতি নগরের মধ্যে বাস করিবেন। ও তাহারা প্রত্যেক জন আপন২ পদের কর্ম্মে আপনার সমস্ত সময় ক্ষেপণ করিবেন। সভাপতির কি প্রতিনিধি সভাপতির অন্য কোন কর্ম্ম কি বাণিজ্য ব্যাপার কি ব্যবসায় থাকিবে না ও তাঁহারা অন্য কর্ম্মে কি বাণিজ্যব্যাপারে কি ব্যবসায়ে লিপ্ত থাকিবেন না।

পরন্তু—

(ক) গবর্ণমেণ্ট সরবিসের দেওয়ানী কি সৈনিক কোন কর্ম্মকারক এই ধারার নির্দ্দিষ্ট পদভিন্ন

office of Chairman or Vice Chairman, so long as such Officer shall fill no other appointment than those specified in this section

(*b*) The Chairman may also hold the office of Commissioner of Police, or of Commissioner as interpreted in section one of Bengal Act No V of 1870 (*to appoint Commissioners for making Improvements in the Port of Calcutta*)

(*c*) The Chairman may also be a member of the Council of the Lieutenant Governor of Bengal for making Laws and Regulations

(*d*) The Vice Chairman may be appointed to and may hold any other office in the employ of the Justices to which he may be appointed at a special general meeting

11 The Chairman and the Vice Chairman respectively may receive such allowances out of the Municipal Fund as shall be from time to time fixed by the Justices at a special general meeting

Allowances for Chairman and Vice Chairman

Such allowance shall not exceed—

(*a*) for the Chairman three thousand rupees a month (exclusive of house rent which may or may not in the discretion of the Justices be allowed)

(*b*) for the Vice Chairman twelve hundred rupees a month

12 Every Secretary Engineer Surveyor Health Officer Collector of Taxes and Assessor appointed as hereinbefore provided may receive such allowance out of the Municipal Fund as shall be from time to time fixed by the Justices at a special general meeting

Salaries of Secretary Engineer &c

13 The Chairman may from time to time appoint all such Overseers Clerks Subordinate Officers and servants as he shall think necessary and proper to assist in carrying out this Act and may from time to time remove any of such persons and appoint others in their place

Appointment of Overseers Clerks and servants

and may with the sanction of the Justices in meeting other than an ordinary meeting pay out

অন্য কোন পদে নিযুক্ত না থাকিলে সভাপতির কি প্রতিনিধি সভাপতির পদ ধারণ করিতে পারিবেন।

(খ) সভাপতি পোলীস কমিশ্যনরেরও পদ কিম্বা (কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থে কমিশ্যনরদিগকে নিযুক্তকরণ বিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ১ ধারায় কমিশ্যনর শব্দের যে অর্থ করা গিয়াছে সেই অর্থানুসারে কমিশ্যনরেরও পদধারণ করিতে পারিবেন।

(গ) সভাপতি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের • শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের মন্ত্রি সভার অন্তর্গত মেম্বর ও হইতে পারিবেন।

(ঘ) বিশেষ সাধারণ সভায় প্রতিনিধি সভাপতিকে জষ্টিসদের কর্ম্মের মধ্যে অন্য কোন পদে নিযুক্ত করা গেলে তিনি সেই পদে নিযুক্ত হইতে ও সেই পদ ধারণ করিতে পারিবেন ইতি।

১১ ধারা। জষ্টিসেরা অধিবিষ্ট হইয়া সময়েই বিশেষ সাধারণ সভায় সভাপতির ও প্রতিনিধি সভাপতির যত টাকা বেতন নিদ্ধার্য্য করেন তাঁহারা মুনিসিপল ফণ্ডহইতে তত টাকা পাইতে পারিবেন।

সভাপতির ও প্রতিনিধি সভাপতির বেতনের কথা।

(ক) সভাপতি মাসে ৩০০০৲ টাকার অধিক বেতন পাইবেন না। জষ্টিসেরা আপনাদের বিবেচনামতে ঐ বেতন ছাড়া তাঁহার ঘরের ভাড়া দিতে পারিবেন বা নাই দিবেন।

(খ) প্রতিনিধি সভাপতি মাসে ১২০০৲ টাকার অধিক পাইবেন না ইতি।

১২ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে সেক্রেটরী ও ইঞ্জিনিয়র ও সরবেয়র ও স্বাস্থ্যরক্ষক ও টাক্স কালেক্টর ও আসেসর নিযুক্ত হন জষ্টিসেরা সময়েই সাধারণ বিশেষ সভায় অধিবিষ্ট হইয়া তাহাদের যে বেতন নিদ্ধার্য্য করেন তাহারা মুনিসিপল ফণ্ডহইতে সেই বেতন পাইতে পারিবেন ইতি।

সেক্রেটরী ইঞ্জিনিয়র প্রভৃতির বেতনের কথা।

১৩ ধারা। সভাপতি এই আইনমত কার্য্য সম্পাদনের সাহায্য করিবার জন্যে যত জন ওবরসিয়র ও কেরাণী ও অধীন কর্ম্মকারক ও চাকর আবশ্যক ও উচিত জ্ঞান করেন সময়েই তাঁহাদিগকে নিযুক্ত করিতে পারিবেন এবং সময়েই তাহাদের মধ্যে কোন ব্যক্তিকে অবসরও করিতে ও তাঁহার স্থানে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন,

ওবরসিয়রদের ও কেরাণীদের ও অধীন কর্ম্মকারকদের নিয়োগের ও বেতনের কথা।

এবং ঐ ব্যক্তিদের যত টাকা বেতন উপযুক্ত জ্ঞান করেন নিয়মিত সভা ছাড়া অন্য সভাগত জষ্টিস

of the Municipal Fund such allowances to the said persons respectively or in case of absence on leave such portion thereof as he shall think reasonable Provided that the allowances of the offices filled by the said persons shall have been sanctioned in meeting, other than an ordinary meeting

But no person shall be appointed to or removed from any office the monthly salary of which exceeds two hundred rupees, without the sanction of the Justices in meeting other than an ordinary meeting

J t c t g t l ave f al e &c w tl san t n of G v nt

14 The Justices may in meeting other than an ordinary meeting with the sanction of the Local Government grant such leave of absence to the Chairman or any Officer appointed under sections eight and nine and may make such arrangements for the carrying on the duties of his office during his absence on leave as shall to them seem proper

In any case in which leave of absence shall be granted to the Chairman the Local Government shall appoint one of the Justices of the Peace to act as Chairman in his place or shall make such other arrangements for carrying on the duties of the office as to it shall seem proper

Any person appointed under this section to act for the Chairman or any other Officer shall while so acting have all the powers and be liable to all the restrictions, limitations and provisions, which the Chairman or other Officer for whom he may be appointed to act would, under this Act, have or be liable to

Allowances d i g ab se ce (l ave

15 In any case in which leave of absence shall be granted under the last preceding section the Justices may in meeting other than an ordinary meeting by a resolution in favor of which not less than two thirds of the Justices of the Peace present at the meeting shall have voted, with the sanction of the Local Government out of the Municipal Fund pay to the Chairman or other Officer aforesaid such allowance during absence on leave as shall to them seem proper

Ju tices may make r les fo p io is and gratuitie t thei officers and servants

16 The Justices may in meeting, other than an ordinary meeting by a resolution in favor of which not less than two thirds of the Justices of the Peace present at such meeting shall have voted from time to time make rules or pensions and gratuities to be granted and

দের অনুমতি লইয়া, মুনিসিপল ফণ্ডহইতে তাহাদের তত টাকা বেতন দিবেন ও তাঁহাদের মধ্যে কেহ ছুটী লইলে সেই ছুটীর সময়ে বেতনের যে অংশ দেওয়া উচিত বোধ করেন দিতে পারিবেন। কিন্তু উক্ত ব্যক্তিরা যেং পদে থাকেন নিয়মিত সভাভিন্ন কোন সভায় সেইং পদের বেতন নিরূপণ করা আবশ্যক।

কিন্তু যে পদের বেতন মাসে দুই শত টাকার অধিক হয়, নিয়মিত সভা ছাড়া অন্য সভাগত জষ্টিসদের অনুমতি বিনা, সেই পদে কোন ব্যক্তিকে নিযুক্ত করা কিম্বা সেই পদহইতে অবসর করা যাইতে পারিবে না ইতি।

গবর্ণমেণ্টের অনুমতি লইয়া জষ্টিসদের ছুটীপ্রভৃতি দিতে পারিবার কথা।

১৪ ধারা। জষ্টিসেরা নিয়মিত সভাছাড়া অন্য সভায় অধিবিষ্ট হইয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া সভাপতিকে, কিম্বা ৮ ও ৯ ধারামতে নিযুক্ত কোন কর্ম্মকারককে যত দিনের ছুটী দেওয়া উচিত বোধ করেন দিতে পারিবেন, ও তাঁহার অনুপস্থান কালে তাঁহার পদের কর্ম্ম চালাইবার যে নিয়ম উচিত বোধ করেন করিতে পারিবেন।

সভাপতিকে ছুটী দেওয়া গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার স্থানে সভাপতির কর্ম্ম করণার্থে শান্তিরক্ষার্থ জষ্টিসদের কোন এক ব্যক্তিকে নিযুক্ত করিবেন কিম্বা তাঁহার পদের কর্ম্ম চালাইবার যে নিয়ম উচিত বোধ করেন করিবেন।

কোন ব্যক্তি এই ধারামতে সভাপতির কি অন্য কর্ম্মকারকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলে ঐ সভাপতির কি অন্য কর্ম্মকারকের যে সকল ক্ষমতা থাকে ও তাঁহাদের পক্ষে যে সকল নিষেধ ও সীমা ও বিধান বর্ত্তে, ঐ ব্যক্তিরও সেই সকল ক্ষমতা থাকিবে ও তাঁহার প্রতি ঐ সকল নিষেধ ও সীমা ও বিধান বর্ত্তিবে ইতি।

ছুটীর সময়ে বেতনের কথা।

১৫ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে সভাপতিকে কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারককে ছুটী দেওয়া গেলে, জষ্টিসেরা নিয়মিত সভাভিন্ন সভায় অধিবেশন করিয়া, শান্তিরক্ষার্থ যত জন জষ্টিস উপস্থিত থাকেন তাঁহাদের তিন অংশের মধ্যে দুই অংশের অন্যূন ব্যক্তি মত প্রকাশ করণ পূর্ব্বক যে সিদ্ধান্তের সপক্ষ হন, তদনুসারে ছুটীর সময়ে তাঁহার যত বেতন পাওয়া উচিত বোধ করেন, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া মুনিসিপল ফণ্ডহইতে তাঁহাকে তত বেতন দিতে পারিবেন ইতি।

কর্ম্মকারকদের ও চাকরদের পেনশ্যন ও বৃত্তির বিধান জষ্টিসদের করিতে পারিবার কথা।

১৬ ধারা। নিয়মিত সভাভিন্ন কোন সভায় শান্তিরক্ষার্থ যত জন জষ্টিস উপস্থিত থাকেন, তাঁহাদের তিন অংশের মধ্যে দুই অংশের অন্যূন ব্যক্তি মত প্রকাশ করণ পূর্ব্বক যে সিদ্ধান্তের সপক্ষ হন, জষ্টিসেরা তদনুসারে মুনিসিপল ফণ্ড-

to be paid out of the Municipal Fund to their Officers and servants, and may repeal, alter, or add to such rules

No rule, and no repeal, or alteration of, or addition to any rule shall have effect until the same has been confirmed by the Local Govern ment and published in the *Calcutta Gazette*

The Justices may in meeting other than an ordinary meeting from time to time in accordance with such rules for the time being in force grant such pensions or gratuities to any of their officers or servants as to the Justices may seem fit

Offcr & i t t be i t est d c tra ts mad w th tl Ju ti e

17 No Chairman or Vice Chairman or other Officer or servant of the Justices, shall be interested directly or indirectly in any contract made with the Justices and if any such person be so interested he shall become inca pable of continuing in office or in employment as such Chairman Vice-Chairman or other Officer or servant and shall forfeit and pay the sum of five hundred rupees, which may be recovered by suit brought by or on behalf of the Justices

Provided that no person shall by reason of being a shareholder in, or a member of any incor porated or registered Company be deemed interested in any contract entered into between such Company and the Justices

Penalty en Officers &c taking un ut1 u d f e

18 If any person employed under this Act (not being a public servant within the meaning of Sec tion 21 of the Indian Penal Code) shall accept or obtain, or agree to accept or attempt to obtain from any person for himself or for any other person any gratification what ever other than legal remuneration as a reward for doing or forbearing to do, any official act,

or for showing or forbearing to show, in the exercise of his official functions favor or disfavor to any person or for rendering or attempting to render any service or disservice to any person with the Justices or with any public servant, or with the Government as such he shall be pun ished with imprisonment either simple or rigor ous as provided in section 53 of the Indian Penal Code for a term which may extend to three years or with a fine not exceeding five thousand rupees, or with both

হইতে আপনাদেব কর্ম্মকাবকদেব ও চাকবদেব পেনশ্যন ও বৃত্তি পাইবার বিধি কবিতে পাবিবেন, এবং সেই২ বিধি রহিত কি পরিবর্ত্তন কবিতে কিম্বা তাহাতে নূতন বিধি সংযোগ করিয়া দিতে পারিবেন।

স্থানীয গবর্ণমেণ্ট যত দিন অনুমোদন না করেন ও কলিকাতা গেজেটে যত দিন প্রকাশ না কব যায উক্ত কোন বিধি কিম্বা বিধির রহিত কি পবিবর্ত্তন হওযা কিম্বা বিধিতে সংযুক্ত নূতন বিধি তত দিন প্রবল করা যাইবে না।

জষ্টি সবা সময়ে২ নিয় মত সভাভিন্ন কোন সভাগত হইযা যৎকালে যে বিধি প্রবল থাকে সেই বিধি মানিযা আপনাদের যে কার্য্যকাবকদিগকে কি চাকব দিগকে যে পেন্‌শন কি পারিতোষিক দেওযা বিহিত বোধ করেন দিতে পাবিবেন ইতি।

চুক্তিপ্রভৃতিতে কর্ম্মকাবক প্রভৃতিব লিপ্ত না থাকার কথা।

১৭ ধারা। জষ্টিসদেব সঙ্গে যে চুক্তি করা যায তাহাতে সভাপতিব কি প্রতিনিধি সভাপতিব কিম্বা জষ্টিসদের অন্য কর্ম্ম কাবকদেব কি চাকবদেব স্বার্থ পক্ষে স্পষ্ট কি অস্পষ্ট কোন সম্পর্ক থাকিবে না। থাকিলে সভাপতি কি প্রতিনিধি সভাপতি কিম্বা অন্য কর্ম্মকাবক কি চাকবস্বরূপ ঐ পদে কি কর্ম্মে আব থাকিতে পাবিবেন না, ও তাঁহাব পাঁচ শত টাকা দণ্ড দিতে হইবে। জষ্টিসদেব দ্বারা কিম্বা তাঁহাদেব সপক্ষে মোকদ্দমা উপস্থিত হইযা ঐ টাকা আদায কবা যাইতে পারিবে।

পবন্তু সমাবাযিত কি বেজিষ্টবী করা কোন কোম্পানিব সঙ্গে জষ্টিসেবা চুক্তি কবিলে, কোন ব্যক্তি সেই কোম্পানিব অংশী কিম্বা মেম্বব হওযাপ্রযুক্ত ঐ চুক্তিতে স্বার্থযুক্ত বলিয়া জ্ঞান হইবেন না ইতি।

জষ্টিসদের কর্ম্মকারকেরা বিনানুমতির পারিতোষিক-প্রভৃতি গ্রহণ করিলে দণ্ডের কথা।

১৮ ধারা। ভারতবর্ষীয দণ্ডবিধির আইনেব ২১ ধারার মর্ম্মানুসারে যে ব্যক্তি বাজকীয কার্য্যকারক হন তদ্ভিন্ন কোন ব্যক্তি এই আইন অনুসারে কর্ম্মে নিযুক্ত হইযা, সেই কর্ম্ম সম্পর্কে কোন কার্য্য কবণের কি না করণের পুবস্কাবস্বরূপ,

কিম্বা আপন পদেব কর্ম্মসম্পার্কীয কোন কার্য্য করণ কালে কোন ব্যক্তিব প্রতি অনুগ্রহ কবিবার কি না কবি-বাব পুবস্কারস্বরূপ, কিম্বা জষ্টিসদিগকে কি বাজকীয় অন্য কার্য্যকাবককে কিম্বা গবর্ণমেণ্টকে অনুবোধ করিযা কোন ব্যক্তির হিত কি অহিতজনক কার্য্য কবিবাব কি করিতে চেষ্ট কবিবাব নিমিত্তে কাহাব স্থানে আপনাব বৈধ পারিশ্রমিক ছাড়া নিজের কি অন্যেব নিমিত্ত পারিতোষিক গ্রহণ কবিলে কি পাইলে কিম্বা গ্রহণ কবিতে সম্মত হইলে কি পাইবাব উদ্যোগ কবিলে, তাহাব তিন বৎসবেব অনধিক কাল ভারতবর্ষীয দণ্ডবিধির আইনেব ৫৩ ধাবাব নির্দ্দিষ্টমতে সামান্য কি কঠোর কারাদণ্ড কিম্বা পাঁচ সহস্র টাকাব অনধিক অর্থদণ্ড, কি ঐ উভয দণ্ড হইতে পাবিবে ইতি।

PART III.—*Of the Mode of transacting Business and entering into Contracts.*

19. The Justices shall provide and keep an office within the Town and shall at such office, and during all days of business, keep open a book in which shall be entered all reasonable complaints made orally or by letter by any inhabitant, or the owner, or occupier of any land within the Town, of any matter cognizable by the Justices.

Justices to provide an office and keep a book for entry of complaints.

and the proper Officer of the Justices shall forthwith enquire into the truth of all such complaints, and report thereon to the Justices, and such report shall be entered in the said book and such book shall be open at all reasonable times to any inhabitant or owner or occupier of land within the Town.

20. There shall be four quarterly meetings in every year and one ordinary meeting in every month, at which the Justices shall meet for the transaction of general business.

Times for quarterly and ordinary meetings.

The quarterly meetings shall be held in the months of January, April, July and October or in any month to which the quarterly meetings first called for the months of January, April, July and October may be adjourned and the ordinary meetings at such dates as the Justices in meeting may from time to time direct.

Provided that no ordinary meeting need be called if there be no business to be laid before it by the Chairman or by any of the Justices of the Peace.

21. The Justices shall from time to time as occasion may require at a special meeting to be convened for that purpose or at some adjournment thereof, fix and determine the kind of business that may be transacted at the said ordinary and quarterly meetings and no business save such kind of business shall be transacted at such meetings.

Business at ordinary and quarterly meetings.

But the Chairman may postpone the discussion of any question that may be raised at any such meeting, and refer the determination thereof to a special or special general meeting to be convened within fourteen days thereafter.

তৃতীয় পরিচ্ছেদ।—কার্য্যনির্ব্বাহ করিবার ও চুক্তি করিয়া লইবার নিয়মের কথা।

১৯ ধারা। জষ্টিসেরা নগরের মধ্যে আফিস অর্থাৎ কার্য্যালয় নিরূপণ করিয়া রাখিবেন। এবং যে বিষয় জষ্টিসদের বিচার্য্য হয় নগর নিবাসি কোন ব্যক্তি কিম্বা নগরের অন্তর্গত কোন ভূমির স্বামী কি প্রজা বাচনিক কি পত্রদ্বারা এমত কোন বিষয়ে যুক্তিমত্ত যে নালিশ করেন, তাহা লিখিয়া রাখিবার একখানি বহী কার্য্য চলনের প্রতি দিন সেই আফিসে খোলা রাখিবেন।

জষ্টিসদের আফিস করিবার ও নালিশ লিখিবার বহী রাখিবার কথা।

ও জষ্টিসদের উপযুক্ত কর্ম্মকারক তৎক্ষণাৎ ঐ সকল নালিশের সত্যতার তদন্ত লইয়া জষ্টিসদের নিকট তদ্বিষয়ের রিপোর্ট করিবেন। সেই রিপোর্ট উক্ত বহীতে লিখিয়া দেওয়া যাইবে। ও নগরনিবাসি কোন ব্যক্তি কিম্বা নগরের অন্তর্গত কোন ভূমির স্বামী কি প্রজা উপযুক্ত কোন সময়ে ঐ বহী দেখিতে পারিবেন ইতি।

২০ ধারা। জষ্টিসেরা সাধারণ কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে তিন২ মাসান্তর প্রতি বৎসর চারিবার ও মাসে২ নিয়মিত একবার অধিবেশন করিবেন।

ত্রৈমাসিক ও নিয়মিত সভা করিবার সময়ের কথা।

জানুআরি ও আপ্রিল ও জুলাই ও অক্টোবর মাসে, কিম্বা ঐ২ মাসে সভা হইয়াও উপস্থিত কার্য্য নিষ্পাদন না হওয়াতে অন্য কোন মাসে সভা করিতে স্থির করা গেলে সেই২ মাসে ত্রৈমাসিক সভার অধিবেশন হইবে। ও জষ্টিসেরা সভাগত হইয়া সময়ে২ যে২ তারিখের আজ্ঞা করেন সেই২ তারিখে নিয়মিত সভার অধিবেশন হইবে।

পরন্তু অধিবিষ্ট ব্যক্তিদের সম্মুখে অর্পণ করিবার জন্যে সভাপতির কিম্বা শান্তিরক্ষার্থ জষ্টিসদের কোন কার্য্য না থাকিলে নিয়মিত সভার আহ্বান করিবার প্রয়োজন নাই ইতি।

২১ ধারা। উক্ত নিয়মিত ও ত্রৈমাসিক সভায় কি২ প্রকারের কার্য্য করা যাইতে পারিবে, জষ্টিসেরা সময়ে২ প্রয়োজনমতে বিশেষ সভা করিয়া কিম্বা তৎকালে কর্ম্ম স্থগিত রাখিয়া দিনান্তর নিরূপণ করিয়া, ইহা স্থির ও নিষ্কার্য্য করিবেন। ও সেই সভায় অধিবিষ্ট হইলে সেই কার্য্যবিনা অন্য কার্য্য করা যাইবে না।

নিয়মিত ও ত্রৈমাসিক সভায় যে কার্য্য করা যাইবে তাহার কথা।

কিন্তু সেই অধিবেশনকালে কোন প্রশ্ন উত্থিত হইলে, সভাপতি সাহেব তদ্বিষয়ের বাদানুবাদ স্থগিত রাখিয়া তৎপরে চতুর্দ্দশ দিনের মধ্যে বিশেষ কিম্বা বিশেষ সাধারণ সভা করিয়া সমাগত জষ্টিসদের নির্ণয়ার্থে তাহা অর্পণ করিতে পারিবেন ইতি।

Special, and special general meetings may be called

22. The Chairman, or, in his absence, the Vice-Chairman, may whenever he thinks fit, and shall upon a requisition made in writing by any ten Justices of the Peace call a special or special general meeting of the Justices

Previous to any such meeting at least five days clear notice specifying the time and place of such intended meeting, and the purpose for which it is to be held, shall be given by advertisement in at least two of the daily newspapers published within the Town

What business to be transacted at special and special general meetings

23 No business shall be brought before or transacted at, any special or special general meeting other than the business specified in the notice given under the last preceding section

Provided that any Justice of the Peace may submit to a special or special general meeting any resolution beyond the matters mentioned in the notice given of such meeting if he shall have given not less than two clear days' previous notice of his intention so to do by leaving a copy of the resolution at the office of the Justices

All questions to be decided at meeting by majority of votes

24 All acts authorized or required to be done by the Justices and all questions which may come before them for decision shall, save as is herein otherwise provided, be done and decided by a majority of the Justices of the Peace present at the meeting before which the matter may be brought

Who to preside at meetings

25. The Chairman and Vice Chairman shall attend all meetings of the Justices held under this Act, unless prevented by sickness or other reasonable cause, and the Chairman, or in his absence the Vice-Chairman, shall preside at every such meeting, and shall have a second or casting vote in all cases of equality of votes

In the absence of both the Chairman and Vice Chairman, the Justices of the Peace present at any meeting shall choose some one of their number to preside, who shall, in case of equality of votes, have a second or casting vote

The President of any meeting at which a quorum of the Justices of the Peace shall be

বিশেষ ও বিশেষ সাধারণ সভা করিবার কথা।

২২ ধারা। সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি যে সময়ে উচিত বোধ করেন সেই সময়ে জষ্টিসদিগকে বিশেষ কিম্বা বিশেষ সাধারণ সভায় অধিবেশন করিবার জন্যে আহ্বান করিতে পারিবেন ও শান্তিরক্ষার্থ জষ্টিসদের মধ্যে কোন দশ জন আদেশ করিলেই তাহা করিবেন।

প্রস্তাবিত সভা যে সময়ে ও যে স্থানে হইবে ও যে কারণে তাহা করা যাইবে, নগরে দৈনিক যেং সম্বাদপত্র প্রকাশ হইয়া থাকে তাহার মধ্যে কোন দুই পত্রে ন্যূনকল্পে পাঁচ দিন থাকিতে ইহার নোটিস ইস্তিহারস্বরূপ প্রকাশ করা যাইবে ইতি।

বিশেষ ও বিশেষ সাধারণ সভায় যে কার্য্য নির্ব্বাহ হইবে তাহার কথা।

২৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে নোটিস দেওয়া যাইবে, সেই নোটিসে যে কার্য্য নির্দ্দিষ্ট থাকে কোন বিশেষ কি বিশেষ সাধারণ সভায় সেই কার্য্যভিন্ন অন্য কার্য্য অর্পণ কি নির্ব্বাহ করা যাইবে না।

কিন্তু ঐ অধিবেশন হইবার নোটিসে যেং বিষয়ের উল্লেখ হইয়া থাকে শান্তিরক্ষার্থ কোন জষ্টিস তদ্ভিন্ন কোন নির্দ্ধারণ উপস্থিত করিতে চাহিলে, তিনি ন্যূনকল্পে দুই দিন থাকিতে জষ্টিসদের আফিসে ঐ নির্দ্ধারণ পত্রের এক কেতা নকল রাখিয়া আপনার সেই কল্পনার নোটিস দিলে পর বিশেষ কিম্বা বিশেষ সাধারণ সভায় ঐ নির্দ্ধারণ অর্পণ করিতে পারিবেন ইতি।

সভায় অধিকাংশ ব্যক্তির সম্মতি ক্রমে প্রশ্ন নির্ণয়ের কথা।

২৪ ধারা। শান্তিরক্ষার্থ জষ্টিসদের দ্বারা যে সকল কর্ম্ম হইবার অনুমতি কি আদেশ থাকে ও নিষ্পত্তি করিবার জন্যে তাঁহাদের সম্মুখে যে সকল প্রশ্ন উপস্থিত করা যায় অধিবিষ্ট যে জষ্টিসদের সম্মুখে সেই বিষয় উপস্থিত করা যায় এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে তাঁহাদের অধিকাংশ ব্যক্তির মতানুসারে ঐ কর্ম্ম করা যাইবে ও ঐ প্রশ্ন নিষ্পত্তি হইবে ইতি।

সভায় যিনি সভাপতি হইবেন তাঁহার কথা।

২৫ ধারা। এই আইনমতে জষ্টিসদের যে সকল সভা হয়, পীড়াহেতুক কিম্বা উপযুক্ত অন্য কারণে বাধা না হইলে, সভাপতি ও প্রতিনিধি সভাপতি সেই সকল সভায় যাইবেন। ও উক্ত প্রত্যেক সভায় সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন, ও সভাগত ব্যক্তিদের মধ্যে যত জনের এক মত ততজনের ভিন্নমত থাকিলে, তাঁহারই মতের প্রাবল্য হইবে।

সভাপতি ও প্রতিনিধি সভাপতি এই দুই ব্যক্তির অনুপস্থানে, শান্তিরক্ষার্থ যে জষ্টিসেরা সভায় উপস্থিত থাকেন, তাঁহারা আধিপত্য করিবার জন্যে আপনাদের এক ব্যক্তিকে মনোনীত করিবেন। ও কোন বিষয় লইয়া যত ব্যক্তি এক পক্ষ হন তত ব্যক্তি বিপক্ষ হইলে তাঁহার মত প্রবল হইবে।

শান্তিরক্ষার্থ যত জন জষ্টিস উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে, তত জনের অধিবেশনে যিনি আধি-

present, may with the consent of the meeting adjourn the meeting from time to time, and from place to place but no business shall be transacted at any adjourned meeting other than the business left unfinished at the meeting from which such adjournment took place

26 No business shall be transacted at any meeting unless a quorum of Justices of the Peace be present at such meeting that is to say —

What shall constitute quorum

(a) At an ordinary meeting at least six

(b) At a special meeting at least nine

( ) At a special general or quarterly meeting at least eighteen

Provided that if at any meeting there shall not be a sufficient number of Justices of the Peace present to form a quorum as above mentioned the President (whether he be the Chairman or not) shall adjourn the meeting to such convenient time and place as he shall think fit and the business which should have been brought before the original meeting had there been a quorum present shall be brough before and disposed of by the adjourned meeting in the usual manner whether there be a quorum present at such adjourned meeting or not

Provided also that no business shall be brought before an adjourned special general or quarterly meeting unless there are at least ten Justices present at such adjourned meeting

27 Minutes of the proceedings of all meetings shall be drawn up and fairly entered in a book to be kept for that purpose and shall be signed by the President after each meeting and minutes of each meeting shall be laid on the table at the next subsequent meeting and the said Minutes shall at all reasonable times be open at the office of the Justices to the inspection of any Justice of the Peace without charge and of any other person on payment of a fee of eight annas

Minutes of proceedings of Justices to be kept and to be open for inspection

28 At any special general or quarterly meeting unless a poll be demanded by at least five Justices of the Peace and at any special or ordinary meeting unless a poll be demanded by at least three Justices of the Peace

Do l t by I il t tl at lut r l w ! red

পত্য করেন, তিনি সভাগত ব্যক্তিদের অনুমতিক্রমে অধিবেশন করিবার অন্যং সময় ও অন্যান্য স্থান নিরূপণ করিতে পারিবেন। কিন্তু এক সময়ে কার্য্য স্থগিত হইয়া অন্য যে সময় নিরূপণ করা যায়, পূর্ব্ব অধিবেশন কালে যে কার্য্যটি সমাধা না হইয়া থাকিল তাহা ছাড়া সেই সময়ে অন্য কোন কার্য্য নির্ব্বাহ হইবে না ইতি।

২৬ ধারা। শান্তিরক্ষার্থ জষ্টিসদের যত জন উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারে, অধিবেশনের কোন সময়ে ততজন উপস্থিত না থাকিলে, অর্থাৎ

যত জন উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে তাহার কথা।

(ক) নিয়মিত সভায় ন্যূনকল্পে ছয় জন,

(খ) বিশেষ সভায় ন্যূনকল্পে নয় জন,

(গ) বিশেষ সাধারণ কি ত্রৈমাসিক সভায় ন্যূনকল্পে আঠারো জন উপস্থিত না থাকিলে কোন কার্য্য করা যাইবে না।

পরন্তু পূর্ব্বোক্তমতে যত জন উপস্থিত ন থাকিলে কার্য্য চলিতে পারিবে না সভার অধিবেশন কালে শান্তিরক্ষার্থ জষ্টিসদের তত জন উপস্থিত না থাকিলে, যিনি আধিপত্য করেন তিনি সভাপতি হউন বা নাই হউন অন্য যে সময় ও স্থান উচিত বোধ করেন অধিবেশনের কার্য্য চালাইবার সেই সময় ও স্থান নিরূপণ করিবেন। ও যত জন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারে পূর্ব্ব সভায় তত জন থাকিলে তাঁহাদের সম্মুখে যে কর্ম্ম উপস্থিত করা যাইত নিরূপিত ঐ অন্য সময়ে ও স্থানে তত জন উপস্থিত থাকিলে বা না থাকিলেও সেই কর্ম্ম রীতিমতে সেই উপস্থিত ব্যক্তিদের সম্মুখে আনীত হইয়া তাঁহাদের দ্বারা নিষ্পত্তি করা যাইবে।

পরন্তু বিশেষ সাধারণ কি ত্রৈমাসিক সভায় কার্য্য নিষ্পাদন না হইয়া অধিবেশন করিবার অন্য সময় নিরূপণ হইলে, সেই অধিবেশনের কালে জষ্টিসদের মধ্যে ন্যূনকল্পে দশ জন না থাকিলে ঐ সভার সম্মুখে কোন কার্য্য আনা যাইবে না ইতি।

২৭ ধারা। সকল অধিবেশনের কালে যে কার্য্য করা যায় তাহার বর্ণনা লিখিয়া লইয়া এক খানি বহীতে পরিষ্কাররূপে লেখা যাইবে। অধিবেশনের কার্য্য সমাপ্ত হইলে পর সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন। এবং এক সভার যে কার্য্যের বর্ণনা লেখা যায় তৎপশ্চাৎ ঐ সভার অধিবেশন হইলে তাহা সভার সম্মুখে অর্পণ করা যাইবে, ও সেই মিনিট বহী জষ্টিসদের আফিসে থাকিবে, শান্তিরক্ষার্থ কোন জষ্টিস উপযুক্ত কোন সময়ে বিনা খরচে তাহা দেখিতে পাইবেন ও অন্য কোন ব্যক্তি ।৷০ আট আনা ফী দিয়া তাহা দেখিতে পাইবেন ইতি।

জষ্টিসদের আনুষ্ঠানিক কার্য্যের বর্ণনাপত্র রাখিবার ও দৃষ্টির জন্যে খোলা থাকিবার কথা।

২৮ ধারা। কোন বিশেষ সাধারণ সভায় কি ত্রৈমাসিক সভায় শান্তিরক্ষার্থ জষ্টিসদের মধ্যে ন্যূনকল্পে পাঁচ জন, ও কোন বিশেষ কি নিয়মিত সভায় শান্তিরক্ষার্থ জষ্টিসদের মধ্যে ন্যূনকল্পে তিন জন, সভাগত প্রত্যেক

নির্দ্ধারণ গ্রাহ্য হইয়াছে সভাপতির এই কথা বিষয়ক কথা।

...to the President that a resolution has been carried, and an entry to that effect in the Book of Proceedings of the Justices shall, for the purposes of this Act, be sufficient evidence of the fact without proof of the number or proportion of the votes recorded in favor of or against such resolution.

...অতিরিক্ত মত গ্রহণ করিবার দাওয়া না করিলে, নির্দ্ধারণ স্থির হইয়াছে সভাপতি এই কথা প্রকাশ করিলেই এবং জষ্টিসদের আনুষ্ঠানিক কার্য্যের বর্ণনা বহিতে সেই অর্থের কথা লেখা গেলেই, ঐ নির্দ্ধারণের সপক্ষে কি বিপক্ষে যত জনের কিম্বা উপস্থিত ব্যক্তিদের মধ্যে যে অংশের মত লিপিবদ্ধ হইল, ইহার প্রমাণ না লইয়া, এই আইনের কার্য্যার্থক সভাপতির সেই কথাই ও তাহা লিখিত হওয়াই ঐ নির্দ্ধারণ সিদ্ধির প্রচুর প্রমাণ হইবে ইতি।

Poll how to be taken.

29. If a poll be demanded as in the last preceding section mentioned, the votes of all the Justices of the Peace present who desire to vote shall be taken under the direction of the President, and the result of such poll shall be deemed to be the resolution of the Justices at such meeting.

ব্যক্তিবিশেষের মত যে রূপে লওয়া যাইবে তাহার কথা।

২৯ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখনমতে প্রত্যেক ব্যক্তির মত গ্রহণ করিবার দাওয়া হইলে, শান্তিরক্ষার্থ জষ্টিসদের মধ্যে যত জন মত জানাইতে চাহেন সভাপতির আদেশানুসারে তাঁহাদের সকলের মত লওয়া যাইবে ও সেই অধিবেশনকালে সেইরূপ মতানুসারে য ফল হয় তাহাই জষ্টিসদের নির্দ্ধারণ বলিয়া জ্ঞান হইবে ইতি।

Chairman or Vice-Chairman to attend daily for the transaction of business, and to exercise the powers of the Justices.

30. The Chairman or Vice-Chairman shall, except upon such holidays as shall be allowed by the Government, and unless prevented by sickness or other reasonable cause, attend daily at the office of the Justices for the transaction of business connected with or arising under this Act, and, when so attending, shall have all the powers vested by this Act in the Justices, and they may respectively exercise the like powers at all times in carrying out the orders of the Justices, or in executing any work sanctioned by them, and generally in the management of the business aforesaid.

কার্য্য নির্ব্বাহ করিবার ও জষ্টিসদের ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে সভাপতির কি প্রতিনিধি সভাপতির প্রতিদিন উপস্থিত হইবার কথা।

৩০ ধারা। গবর্ণমেণ্ট যে বন্দের দিনের অনুমতি দেন সেই দিন ছাড়া, পীড়া-প্রযুক্ত কিম্বা অন্য উপযুক্ত কারণে বাধা না হইলে, সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি প্রতিদিন জষ্টিসদের আফিসে উপস্থিত হইয়া, এই আইন সম্পর্কীয় কি এই আইনদ্বারা উৎপন্ন কাজ কার্য্য নির্ব্বাহ করিবেন। ও তদ্রূপে উপস্থিত হইলে, এই আইনক্রমে জষ্টিসদের প্রতি যে সকল ক্ষমতা অর্পণ করা গেল তাঁহার সেই সকল ক্ষমতা থাকিবে। ও জষ্টিসদের আজ্ঞা সফল করণার্থে কিম্বা তাঁহারা যে কোন কার্য্য হইবার অনুমতি দেন সেই কার্য্য সম্পাদনার্থে ও সাধারণমতে পূর্ব্বোক্ত কার্য্যের অধ্যক্ষতা করণার্থে ঐ সভাপতি কি প্রতিনিধিসভাপতি সর্ব্বদাই সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

Provided that no Chairman or Vice Chairman shall act in opposition to, or contravention of, any order of the Justices, or exercise any power which by this Act is directed to be exercised only by the Justices in meeting.

কিন্তু সভাপতি কি প্রতিনিধি সভাপতি জষ্টিসদের কোন আজ্ঞার বিপরীতে কি অন্যথায় কার্য্য করিবেন না, এবং এই আইনে কেবল সভার অধিবিষ্ট জষ্টিসদের প্রতি যে ক্ষমতানুসারে কার্য্য করিবার অনুমতি হইল সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন না ইতি।

Mode of contracting by and on behalf of the Justices.

31. The Justices may enter into and perform all such contracts as may be necessary for carrying this Act into effect.

জষ্টিসদের কিম্বা তাঁহাদের পক্ষে চুক্তি লওনের নিয়মের কথা।

৩১ ধারা। এই আইন সফল করিবার জন্যে যে সকল চুক্তি করিয়া লওয়া আবশ্যক হয়, জষ্টিসেরা সেই চুক্তি লইতে ও তদনুসারে কার্য্য করিতে পারিবেন।

Every contract made on behalf of the Justices in respect of any sum exceeding five hundred rupees, or in respect of any property exceeding five hundred rupees in value, shall be in writing, and signed by the Chairman (or, in his absence, by the Vice-Chairman), and two other Justices of the Peace, and shall be sealed with the seal of the Justices.

জষ্টিসদের পক্ষে পাঁচ শতের অধিক টাকার কিম্বা পাঁচ শত টাকার অধিক মূল্যের সম্পত্তির বিষয়ে যে কোন চুক্তি করা যায়, তাহা লিখিয়া লওয়া যাইবে। সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি ও শান্তিরক্ষার্থ দুই জন জষ্টিস ঐ চুক্তিপত্রে স্বাক্ষর করিবেন, ও জষ্টিসদের মোহরে তাহা মোহরাঙ্কিত হইবে।

Unless so executed it shall not be binding on the Justices.

চুক্তিপত্র তদ্রূপে সম্পাদন না হইলে, জষ্টিসেরা তদ্দ্বারা বদ্ধ হইবেন না।

The Justices may compound with any contractor or other person in respect of any penalty or damages incurred by reason of the non performance of any contract entered into as aforesaid whether such penalty be mentioned in any such contract or otherwise for such sums of money or other recompense as to the Justices may seem proper

32 The Justices in meeting may from time to time appoint from among the Justices of the Peace such and so many Committees either of a general or of a special nature and consisting of such number of persons as they may think fit for the purpose of inquiring into and reporting upon any matter connected with the conservancy or improvement of the Town, or of advising and aiding the Chairman in the discharge of any portion of his executive duties which in the discretion of the Justices would be better regulated or managed with the advice and aid of any such Committee

Justices may appoint Committees.

Provided that the Chairman or Vice Chairman shall be a member of every such Committee and that the proceedings of every such Committee shall be submitted to the Justices at a meeting

Provided also that in cases where the Chairman and the majority of the Committee differ on any matter no action shall be taken in respect of such matter until it be disposed of by the Justices in meeting

PART IV.—*Of the Estimates of Income Expenditure and Audit*

33 At the quarterly meeting to be held in the month of October in each year the Chairman shall lay before the Justices a Budget or Estimate prepared by him of the income and expenditure of the Justices for the year commencing on the first day of January then next succeeding in such detail and form as the Justices shall from time to time by order passed at a quarterly or special general meeting direct

Annual Budget to be laid before the Justices.

Such Budget shall be completed and printed and a copy thereof as far as may be practicable sent by post or otherwise to each of the Justices of the Peace resident within twenty miles of Government House at least seven days prior to the meeting before which the Budget is to be laid

পূর্ব্বোক্তমতে যে চুক্তি করা গেল, তদনুসারে কার্য্য না হওয়াপ্রযুক্ত দণ্ড কি হানিপূরণের টাকা আদায় করিতে হইলে সেই দণ্ডের কথা চুক্তি পত্রে উল্লেখ হইলে বা না হইলেও, জষ্টিসেরা যত টাকা লওয়া কিম্বা অন্য যে প্রতিকার গ্রহণ করা উচিত জ্ঞান করেন ঐ চুক্তিকারির কিম্বা অন্য ব্যক্তির সঙ্গে ঐ দণ্ডের বিষয়ে তত টাকা রফা করিয়া লইতে পারিবেন ইতি।

৩২ ধারা। নগর পরিষ্কার রাখণ কি উৎকৃষ্টকরণ সম্বন্ধীয় কোন বিষয়ের তদন্ত লইয়া রিপোর্ট করিবার জন্যে কিম্বা সভাপতির যে সকল কর্ম্ম নির্ব্বাহ করিতে হইবে জষ্টিসদের বিবেচনায় কমিটীর পরামর্শ ও সহায়তা থাকিলে ঐ কার্য্যের কোন অংশের সুবিধান ও সুনিয়ম হইতে পারিলে ঐ সভাপতিকে পরামর্শ দেওনের ও তাঁহার সহায়তা করণের জন্যে জষ্টিসেরা সভায় অধিবিষ্ট হইয়া সময়েং শান্তিরক্ষার্থ জষ্টিসদের মধ্যে যত জনকে নিযুক্ত করা বিহিত বোধ করেন তাঁহাদিগকে সাধারণ কি বিশেষ কার্য্যপক্ষে এক কি কএক কমিটী স্বরূপ নিযুক্ত করিতে পারিবেন।

জষ্টিসদের নানা কমিটী নিযুক্ত করিতে পারিবার কথা।

কিন্তু সভাপতি কি প্রতিনিধি সভাপতি উক্ত প্রত্যেক কমিটীর অন্তর্গত এক জন হইবেন ও উক্ত প্রত্যেক কমিটী যেং কার্য্যানুষ্ঠান করেন তাহা সভায় অধিবিষ্ট জষ্টিসদের সম্মুখে অর্পণ হইবে।

আরো কমিটীর অধিকাংশ ব্যক্তির মতের সঙ্গে সভাপতির মতের ঐক্য না হইলে জষ্টিসেরা যত দিন সভাগত হইয়া সেই বিষয় নিষ্পত্তি না করেন তত দিন সেই বিষয়ে কোন কার্য্য করা যাইবে না ইতি

চতুর্থ পরিচ্ছেদ।—আয়ব্যয়ের অনুমানপত্রের ও আডিটের কথা।

৩৩ ধারা। প্রতিবৎসর জানুআরি মাসের প্রথম দিনাবধি একবৎসর পর্য্যন্ত জষ্টিসদের যত আয়ব্যয়ের সম্ভাবনা, সভাপতি ইহার বজেট প্রস্তুত করিয়া তৎপূর্ব্বে অকটোবর মাসের ত্রৈমাসিক সভায় জষ্টিসদের সম্মুখে সেই আয়ব্যয়ের অনুমানপত্র অর্পণ করিবেন। তন্মধ্যে বিস্তারিত যেং কথা ও তাহা যে পাঠে লিখিত হইবে, জষ্টিসেরা সময়েং ত্রৈমাসিক কিম্বা বিশেষ সাধারণ সভায় অধিবিষ্ট হইয়া এই বিষয়ের যে আজ্ঞা করেন ঐ অনুমানপত্র সেই আজ্ঞামতে প্রস্তুত করা যাইবে।

আয় ব্যয়ের অনুমানপত্র প্রতি বৎসর জষ্টিসদের সম্মুখে অর্পণ করিবার কথা।

সভার অধিবেশনের যে দিনে ঐ অনুমানপত্র জষ্টিসদের সম্মুখে অর্পণ করা যাইবে তৎপূর্ব্বে ন্যূনকল্পে সাত দিন থাকিতে ঐ অনুমানপত্র প্রস্তুত হইয় ছাপা হইবে, ও যত দূর হইতে পারে গবর্নমেন্ট হৌসহইতে বিশ মাইলের মধ্যে শান্তিরক্ষার্থ যত জন জষ্টিস বাস করেন তাঁহাদের প্রত্যেক জনের নিকট ডাকযোগে কি প্রকারান্তরে একং খানি পাঠান যাইবে ইতি।

Budget of expenditure.

34. The Budget shall shew what expenditure it is proposed to incur during the period to which it relates, and the manner in which it is proposed to meet such expenditure.

ব্যয়ের অনুমানপত্রের কথা।

৩৪ ধারা। ঐ অনুমানপত্র যে সময়ের উপলক্ষে করা যায় সেই সময়ের মধ্যে যে কার্য্যের নিমিত্ত যত টাকা ব্যয় করিতে ও সেই ব্যয় শোধ করিবার যে উপায় করিতে প্রস্তাব হয় ঐ অনুমানপত্রে এই২ কথা লেখা থাকিবে ইতি।

[illegible]

35. It shall be in the discretion of the Justices at the meeting referred to in section thirty three to pass or to reject or to modify the estimates of all or any sums entered in the Budget.

No new work or series of works the entire estimated cost of which shall exceed fifty thousand rupees shall be commenced without the sanction of the Local Government.

অনুমানপত্র পরীক্ষা করিয়া গ্রাহ্য করিবার কথা।

৩৫ ধারা। ঐ বজেটে (অর্থাৎ অনুমানপত্রে) যত টাকার কি যে২ টাকার অনুমান লেখা থাকে জষ্টিসেরা ৩৩ ধারার উল্লিখিত সভার অধিবেশন কালে আপনাদের বিবেচনামতে তাহা গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে পারিবেন।

যে কর্ম্মে মোটে পঞ্চাশ হাজার টাকার অধিক খরচ হইবার সম্ভাবনা এমত কোন নূতন কর্ম্ম কি কর্ম্মশ্রেণী স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি বিনা আরম্ভ করিতে হইবে না ইতি।

[illegible]

36. The accounts of the receipts and expenditure of the Justices shall be audited and examined at least once in every year at such time and by such auditors as shall from time to time be appointed by the Justices in meeting, other than an ordinary meeting, subject to the sanction of the Local Government.

হিসাব সকল আডিট করিয়া পরীক্ষা করিবার কথা।

৩৬ ধারা। জষ্টিসদের আয়ের ও ব্যয়ের সকল হিসাব প্রতিবৎসর ন্যূন কল্পে একবার আডিট হইয়া পরীক্ষা করিয়া দেখা যাইবে। জষ্টীসেরা সময়ে২ নিয়মিত সভাভিন্ন কোন সভায় ঐ কার্য্য করিবার সময় নিরূপণ করিয়া যে ব্যক্তিদের দ্বারা আডিট করা যাইবে তাঁহাদিগকে নিযুক্ত করিবেন। এই বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে ইতি।

[illegible]

37. For the purposes of any audit and examination of accounts under this Act the auditors may by summons in writing require the production before them of all books deeds contracts accounts vouchers and all other documents and papers which they may deem necessary and may require any person holding or accountable for any such books deeds contracts accounts vouchers documents or papers to appear before them at any such audit and examination, or adjournment thereof, and to make and sign a declaration with respect to the same.

আডিটরদের ক্ষমতার কথা।

৩৭ ধারা। এই আইনমতে হিসাব আডিট করিবার ও পরীক্ষা করিয়া দেখিবার জন্যে আডিটরেরা যে২ বহী ও দলীল ও চুক্তিপত্র ও হিসাব ও বৌচর ও যে সকল নিদর্শনপত্র ও কাগজপত্র দেখা আবশ্যক জ্ঞান করেন তাহারা সমন লিখিয়া তাঁহাদের নিকট আনাইবার আজ্ঞা দিতে পারিবেন ও তদ্রূপ কোন বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজপত্র যে ব্যক্তির নিকট থাকে কিম্বা যে ব্যক্তি ঐ বহীপ্রভৃতির নিমিত্ত দায়ী হন ঐ আডিট ও পরীক্ষা করণ সময়ে কিম্বা তৎকালে কার্য্য স্থগিত হইয়া অন্য দিন নিরূপণ হইলে সেই দিনে ঐ ব্যক্তিকে তাঁহাদের সম্মুখে উপস্থিত হইয়া তদ্বিষয়ের প্রতিজ্ঞা করিয়া সেই প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিতে আজ্ঞা দিতে পারিবেন ইতি।

[illegible]

38. If any such person neglect or refuse to make or sign such declaration or to produce any such books deeds contracts accounts, vouchers documents or papers or to make or sign such declaration he shall be liable for every neglect or refusal to a fine not exceeding one hundred rupees and to a further fine not exceeding seventy rupees, for each day during which the offence is continued after he has been convicted of such offence.

দণ্ডের কথা।

৩৮ ধারা। কোন ব্যক্তি আজ্ঞা পাইলেও বহী কি দলীল কি চুক্তিপত্র কি হিসাব কি বৌচর কি নিদর্শনপত্র কি কাগজপত্র দেখাইতে, কিম্বা উক্ত প্রতিজ্ঞা করিতে কি তাহাতে স্বাক্ষর করিতে শৈথিল্য করিলে কি অসম্মত হইলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে তদ্ভিন্ন সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ করিতে থাকেন দিন প্রতি তাঁহার আর সত্তর টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

39 All auditors acting under this Act shall, in respect of each audit, be paid out of the Municipal Fund such reasonable remuneration as the Justices in meeting, other than an ordinary meeting, shall from time to time determine

Remuneration of auditors

৩৯ ধারা। জষ্টিসেরা নিয়মিত সভাভিন্ন কোন সভায় অধিবিষ্ট হইয়া সময়েং পারিশ্রমিক বলিয়া যুক্তিমতে যত টাকা নিরূপণ করেন, এই আইনমতে যে সকল আডিটর কার্য্য করেন তাঁহারা একং বার আডিট করিলে মুনিসিপল ফণ্ডহইতে তত টাকা পাইবেন ইতি।

আডিটরদের পারিশ্রমিকের কথা।

40 Before each audit and examination of accounts, the Justices shall give ten days' notice of the time and place at which the same will be made, by advertisement in at least two of the daily newspapers, published in Calcutta and a copy of the accounts to be audited and examined shall be deposited in the office of the Justices, and be open during office hours thereat, to the inspection of all persons interested for seven days before the audit and examination and all such persons shall be at liberty to take copies of or extracts from the same, without the payment of any fee, and within fourteen days after the audit and examination shall have been completed, the auditors shall report upon the accounts audited and examined and shall deliver such report to the Justices at a meeting, who shall cause the same to be deposited in the office of the Justices and to be published in the *Calcutta Gazette*

Ten days notice of audit to be given

৪০ ধারা। প্রত্যেকবার যে সময়ে ও স্থানে হিসাব আডিট ও পরীক্ষা করিয়া দেখা যাইবে, কলিকাতায় যে দৈনিক সম্বাদপত্র প্রকাশ হইয়া থাকে জষ্টিসেরা ন্যূনকল্পে তাহার দুই খানি পত্রে দশ দিন থাকিতে ইশ্‌তিহার দিয়া ঐ সময়ের ও স্থানের নোটিস দিবেন। ও যেং হিসাব আডিট ও পরীক্ষা করিয়া দেখিতে হইবে তাহার এক কেতা নকল জষ্টিসদের আফিসে রাখা যাইবে, ও তাহাতে যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে, তিনি আডিট ও পরীক্ষা করিয়া দেখিবার পূর্ব্বে সাত দিন আফিসের কর্ম্ম চলিবার কোন সময়ে তথায় গিয়া তাহা দেখিতে পারিবেন, ও তদ্রূপ কোন ব্যক্তি ফী না দিয়া ঐ হিসাবের কোন কথা নকল করিয়া লইতে পারিবেন। আডিট ও পরীক্ষা করিয়া দেখিবার কার্য্য সমাপ্ত হইলে পর, আডিটরেরা চৌদ্দ দিনের মধ্যে ঐ আডিট করা ও পরীক্ষা করিয়া দেখা হিসাবের উপর রিপোর্ট করিয়া সভায় অধিবিষ্ট জষ্টিসদিগকে রিপোর্ট দিবেন। জষ্টিসেরা আপনাদের আফিসে সেই রিপোর্ট রাখিয়া কলিকাতা গেজেটে প্রকাশ করাইবেন ইতি।

আডিট করিবার দশ দিন থাকিতে নোটিস দিবার কথা।

PART V —*Of the Fixing of Rates*

পঞ্চম পরিচ্ছেদ।—টাক্স প্রভৃতির হার নিরূপণের কথা।

41 At the quarterly meeting to be held in the month of October in each year as aforesaid, the Justices shall fix the rates at which the rates and taxes hereinafter mentioned shall be imposed for the year commencing on the first day of January then next ensuing and the rate so fixed shall not be altered before the quarterly meeting held in the next succeeding month of October, except by a resolution passed by the Justices at a special general meeting

Rates to be fixed at the quarterly meeting in October

৪১ ধারা। প্রতিবৎসর জানুআরি মাসের প্রথম দিনাবধি এক বৎসরের নিমিত্ত পশ্চাৎ লিখিত কর ও টাক্স যে হারানুসারে লইতে হইবে, জষ্টিসেরা পূর্ব্বোক্তমতে তৎপূর্ব্ব অক্টোবর মাসের ত্রৈমাসিক সভার অধিবেশনকালে সেই হার স্থির করিবেন। ও তদ্রূপে যে হার স্থির করা যায়, তৎপশ্চাৎ অক্টোবর মাসে ত্রৈমাসিক সভার পূর্ব্বে তাহা পরিবর্ত্তন করা যাইতে পারিবে না। কিন্তু জষ্টিসেরা বিশেষ সাধারণ সভায় নিষ্কাবণ করিয়া তাহা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

অক্টোবর মাসের ত্রৈমাসিক সভায় হার নিরূপণ করিবার কথা।

CHAPTER III

OF TAXES

তৃতীয় অধ্যায়।

টাক্সের কথা।

PART I —*Of the Tax on Carriages and Animals*

প্রথম পরিচ্ছেদ।—গাড়ীর ও জন্তুর উপর টাক্সের কথা।

42 A tax at a rate not exceeding the rates specified in the first schedule shall be imposed upon all carriages and animals kept

Tax on carriages and animals

৪২ ধারা। নগরের মধ্যে যে সকল গাড়ী ও জন্তু রাখা গিয়া থাকে প্রথম তফসীলে তাহার যে হার নির্দ্দিষ্ট হইল তাহার অধিক হারে টাক্স লওয়া যাইবে। ঐ টাক্স আগাম দিতে

গাড়ী ও জন্তুর উপর টাক্সের কথা।

within the Town, and shall be payable in advance But it shall not be imposed on—

(*a*) animals belonging to Officers doing regimental duty at the Presidency, at the rate of one animal for each Officer,

(*b*) animals exempt from any municipal tax under section twenty five of the Indian Volunteers' Act, 1869,

(*c*) carriages or animals belonging to the Government or to the Justices,

(*d*) carriages, the wheels of which do not exceed twenty four inches in diameter,

(*e*) animals under eleven hands in height,

(*f*) carriages kept for sale by *bonâ fide* dealers in such carriages and not used for any other purpose,

(*g*) animals used by, or in, any cavalry regiment, or by the Police force

43 The person in possession of every carriage or animal kept within the Town shall, on or before the first day of January and the first day of July in each year, forward to the office of the Justices, a statement in writing signed by him, containing a description of the carriages and animals in his possession liable to the tax

Owners of carriages &c to take out license

Such person shall at the same time pay to the Justices such sum as shall be payable by him for the half year commencing on the first day of January or July (as the case may be) for the carriages and animals specified in such statement, according to the rates given in the first schedule

Any person becoming possessed between the first day of January and the first day of July, or between the first day of July and the first day of January, of any carriage or animal so kept shall, within a week o becoming so possessed, send to the office of the Justices a similar statement together with the amount payable for the whole of the then current half year, according to the rates specified in the first schedule

The Justices may, if they are satisfied that any carriage or animal has been kept for only a portion of the then current half year,

remit the whole, or such portion thereof as they may think fit, of the amount so payable

For the purposes of this section a livery stable keeper shall be deemed to be possessed of every animal in his stables

হইবে। কিন্তু এইং জন্তু প্রভৃতির উপর টাক্স লাগিবে না,—

(ক) যে সৈনিকেরা রাজধানীতে সৈন্যসংক্রান্ত কর্ম্ম করিয়া থাকেন তাঁহাদের একং সৈনিকের একং ঘোড়া।

(খ) ভারতবর্ষীয় বলন্টের বিষয়ক ১৮৬৯ সালের আইনের ২৫ ধারামতে যেং জন্তুকে মুনিসিপল টাকুসহইতে মুক্তি দেওয়া গেল সেইং জন্তু।

(গ) গবর্ণমেণ্টের কিম্বা জষ্টিসদের গাড়ী ও জন্তু।

(ঘ) যেং গাড়ীর চাকার আইল ২৪ ইঞ্চির অধিক নয় সেইং গাড়ী।

(চ) যেং জন্তু ৪৪ ইঞ্চির উচ্চ নয় সেইং জন্তু।

(ছ) যাঁহারা গাড়ীর ব্যবসায়ী তাঁহাদের নিকট কেবল বিক্রয় করিবার জন্যে যে গাড়ী থাকে তাহা।

(জ) ঘোড়সওয়ারের পল্টনে কিম্বা পোলীস দলে যে ঘোড়ার ব্যবহার হয় তাহা ইতি।

৪৩ ধারা। নগরের মধ্যে যে গাড়ী ও জন্তু রাখা যায় তাহা যে ব্যক্তির অধিকারে থাকে, তিনি প্রতিবৎসর জানুআরি মাসের প্রথম দিনে ও জুলাই মাসের প্রথম দিনে, আপনার নিকট টাকুস দিবার যোগ্য গাড়ীর ও জন্তুর বর্ণনা লিখিয়া স্বাক্ষর করিযা ঐ বর্ণনাপত্র জষ্টিসদের আফিসে পাঠাইবেন।

গাড়ীপ্রভৃতির স্বামির লাইসেন্স লইতে হইবার কথা।

ঐ বর্ণনাপত্রে যেং গাড়ীর ও জন্তুর কথা লেখা আছে প্রথম তফসীলে তাহার যে হার ধরা গেল সেই হারানুসারে জানুআরি কিম্বা বিষয়বিশেষে জুলাই মাসের প্রথমাবধি অর্দ্ধ বৎসরের নিমিত্তে ঐ ব্যক্তির যত টাকা দেওযা উচিত তিনি তৎকালে জষ্টিসদের নিকট তত টাকা দিবেন।

তদ্রূপে যে গাড়ী কি জন্তু রাখা যায় তাহা জানুআরি মাসের প্রথম ও জুলাই মাসের প্রথম দিনের মধ্য কিম্বা জুলাই মাসের প্রথম ও জানুআরি মাসের প্রথম দিনের মধ্য কোন সময়ে কোন ব্যক্তির অধিকারে আইলে, তিনি তাহার অধিকার পাইলে পর এক সপ্তাহের মধ্যে জষ্টিসদের আফিসে সেই প্রকারের বর্ণনাপত্র, ও প্রথম তফসীলের নির্দ্ধারিত হারানুসারে তৎকালের চলিত পুরা অর্দ্ধ বৎসরের দেনা টাকা পাঠাইযা দিবেন।

ঐ গাড়ী কি জন্তু তৎকালীন চলিত অর্দ্ধ বৎসরের একাংশমাত্র ঐ ব্যক্তির অধিকারে আছে জষ্টিসেরা ইহা হৃদ্বোধমতে জানিলে

ঐ সমুদয় টাকা, কিম্বা তাহার যে অংশ উচিত বোধ করেন সেই অংশ ক্ষমা করিতে পারিবেন।

আড়গড়াওযালার আস্তাবলের মধ্যে যত জন্তু থাকে এই ধারার কার্য্যপক্ষে সেই সকল জন্তু তাঁহার অধিকারে আছে বলিয়া জ্ঞান হইবে ইতি।

44 Whenever any person shall pay to the Justices the amount of the tax which under the two last preceding sections shall be payable by him in respect of all carriages and animals kept within the Town, the Justices shall grant to such person a license to keep within the Town such carriages and animals during the current half year ending upon the first day of January or the first day of July which shall occur next after the grant of such license and no longer

On payment of tax Justices to grant license

45 Whoever keeps or is in possession of any carriage or animal without the license required by the two last preceding sections, shall be liable to a fine not exceeding three times the amount payable by him in respect of such license, exclusive of the amount so payable

Penalty

46 The Justices at their discretion, may compound for any period not exceeding one year with livery stable keepers, and other persons keeping carriages for hire, or animals for sale or hire, for a certain sum to be paid for the carriages or animals so kept by such persons in lieu of the taxes specified in the first schedule

Justices may compound for carriages with livery stable keepers and others

47 Whoever having compounded for the payment of a certain sum under the last preceding section, refuses to pay such sum shall be liable to a fine not exceeding three times the amount payable by him in respect of such composition exclusive of the amount so payable

Penalty

96 The Chairman or Vice Chairman may at any time amend the assessment book by inserting therein the name of any person whose name ought to be so inserted, or by inserting any house or land liable to the rate, after giving notice to any person interested in the making of the amendment, of a day, not being less than fifteen days from the date of the service of such notice, when such amendment is to be made or

Alteration or amendment of assessment

অবধারিত যে টাক্সের মিবাদ তৎকালে প্রায় গত হইযা থাকে তদনুসারে ঘবেব তিন মাসেব রেট যত টাকা হয জষ্টিসদেব নিকট তত টাকা গচ্ছিত না করিলে ইহার পূর্ব্ব বিধানমতে আপীল কবা যাইতে পাবিবে না।

ও যে ঘবের কি জমীব বিষযে আপীল করা যায আপীল কবিবাব সমযে উক্ত বহীতে তাহার স্বামী বলিযা যে ব্যক্তিব নাম লেখা থাকে সেই ব্যক্তি কিম্বা ঐ ঘবেব কি ভুমিব প্রজা কিম্বা তাহাদেব কোন ব্যক্তিব মোক্তাব ঐ আপীল উপস্থিত না কবিলে তাহা গ্রাহ্য হইবে না ইতি।

৯৩ ধাবা। জষ্টিসেবা যে তাবিখে (ক) প্রকরণমত আপীল শুনিতে প্রবর্ত্ত হইবেন নোটিস প্রচার কর ণেব তারিখ অবধি পনের দিনেব অন্যূন কোন দিনের নোটিস দিবেন।

আপীল শুনিবার দিনের নোটিস দিবার কথা।

ইহাব পূর্ব্ব ধাবামতে জষ্টিসদের আফিসে যে নোটিস দিতে হইবে, (খ) প্রকবণমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে আপীল হইলে ঐ নোটিস দিবার তাবিখ অবধি সাত দিনেব মধ্যে আপীল কবিতে হইবে ইতি।

৯৪ ধারা। জষ্টিসের যে রেট ধার্য্য করেন তাহার উপর ইহার পূর্ব্ব বিধান মতে আপীল ন কবা গেলে তাহাই চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে, এবং আপীল হইলেও ইহাব পূর্ব্ব দুই ধাবামতে যে নিষ্পত্তি হয তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে ইতি।

জষ্টিসদের নির্দ্ধারিত রেট যে সময়ে চূড়ান্ত হইবে তাহার কথা।

৯৫ ধাবা। জষ্টিসেরা ৮৬ ধাবাব বিধানমতে যে২ টাক্স ধার্য্য কবেন তাহাব উপব আপীল হইয় সমযে২ নিযমমতে পবিবর্ত্তন কবা গেলে তদনুসারে ঐ অবধারিত টাক্স আসেসমেণ্ট বহীতে লেখা যাইবে পূর্ব্বোক্তমতে যে২ কথা পবিবর্ত্তন কবা যায তাহা প্রবল মানিযা তদ্রূপে যে রেট ধার্য্য হইয়া থাকে ও যত কালেব নিমিত্ত ধার্য্য হইল তত কাল ঐ রেট নিদ্ধাবিত বলিযা জ্ঞান হইবে। উক্ত সংশোধিত কথা যে তাবিখে স্থির করা যায় তৎপশ্চাৎ যে তিন মাস আইসে সেই তিন মাসের আরম্ভ অবধি ঐ মিযাদ চলিবে ও পুরাতন বেট যত কালের নিমিত্ত ধার্য্য হইযা ছিল সেই কাল গত হইলেও ঐ অবধারিত রেট সেই তারিখ পর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

আসেসমেণ্ট বহীতে অবধারিত সকল টাক্স লিখিবাব কথা।

৯৬ ধারা। আসেসমেণ্ট বহীতে যে ব্যক্তির নাম লেখা উচিত ছিল, কিম্বা রেট দিবার যোগ্য যে ঘব কি ভুমি লেখা উচিত ছিল, সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি কোন সমযে সেই ব্যক্তিব নাম কিম্বা সেই ঘব কি ভুমি লিখিযা ঐ আসেসমেণ্ট বহী সংশোধন করিতে পারিবেন। এমত স্থলে ঐ সংশোধন কার্য্যে যে ব্যক্তির সম্পর্ক থাকে, তাঁহাকে এই মর্ম্মের নোটিস দেওয়া যাইবে যে, ঐ নোটিস পাইবার পর অন্যূন

আসেসমেণ্ট বহীর কোন কথা পরিবর্ত্তন কি সংশোধন করিবার কথা।

by striking out the name of any person or any house or land not liable to the rate or reducing the amount of the assessment, without notice

পঞ্চদশ দিন গত হইলে অমুক দিনে ঐ রূপে বহী সংশোধন করা যাইবে। অথবা যে ব্যক্তি কিম্বা যে ঘর কি ভূমি রেট দিবার যোগ্য নয় পূর্ব্বে নোটিস না দিয়া তাহার নাম উঠাইয়া কিম্বা তাহার নামে যে রেট ধার্য্য হইল তাহা কমাইয়া দিয়া ঐ বহী সংশোধন করিতে পারিবেন।

and if any amendment shall be made, in cases where notice is required, the same shall be deemed to have been made on the expiration of fifteen days after service of the said notice, and any person interested in such amendment may appeal by application in writing to the Justices, to be left at their office three clear days before the day fixed in the said notice for such amendment and the provisions of sections ninety one and ninety two, shall, so far as may be practicable apply to such appeal

আরও যে স্থলে নোটিস দেওয়া প্রয়োজন এমত স্থলে যদি কোন কথা সংশোধন করা গিয়া থাকে, তবে ঐ নোটিস দিবার পর পঞ্চদশ দিন গত হইলে ঐ সংশোধন কার্য্য করা গেল এমত জ্ঞান হইবে। ও সেই কথা সংশোধনে যে ব্যক্তির সম্পর্ক থাকে তিনি ঐ নোটিস সংশোধন করিবার নিদ্ধারিত দিনের পূর্ব্বে তিন দিন থাকিতে জষ্টিসদের আফিসে দরখাস্ত লিখিয়া দিয়া তাঁহাদের নিকট ঐ সংশোধনের উপর আপীল করিতে পারিবেন, এবং ৯১ ও ৯২ ধারার বিধান যত দূর খাটিতে পারে ঐ আপীলের প্রতি তত দূর খাটিবে ইতি।

97 It shall not be necessary to prepare a new assessment book at the expiration of each period of assessment but the Justices in meeting other than an ordinary meeting may adopt the valuation or measurement and assessment contained in any assessment book for any previous period with such alterations as may, in particular cases, be deemed necessary, as the valuation, or measurement and assessment for the period next following

New assessment book need not be prepared every three year

৯৭ ধারা। নির্দ্ধারিত রেটের মিয়াদ ফুরাইলেই নূতন আসেসমেণ্ট বহী প্রস্তুত করিবার প্রয়োজন নাই। পূর্ব্ব কোন মিয়াদের আসেসমেণ্ট বহীতে যে মূল্য কি পরিমাণ ও যে রেট গ্রাহ্য হইয়াছিল, জষ্টিসেরা নিয়মিত সভাছাড়া কোন সভায় অধিবিষ্ট হইয়া তাহার মধ্যে বিশেষ স্থলের যেং কথা পরিবর্ত্তন করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিয়া, সেই মূল্য কি পরিমাণ ও রেট নূতন মিয়াদের নিরূপিত মূল্য কি পরিমাণ ও রেট বলিয়া গ্রাহ্য করিতে পারিবেন।

তিনং বৎসরান্তর নূতন আসেসমেণ্ট বহী প্রস্তুত করিবার প্রয়োজন না থাকার কথা।

Provided that sections eighty seven eighty nine, ninety, ninety one, ninety two, ninety three, ninety four and ninety five shall, as far as may be practicable, be applicable to such valuation or measurement and assessment, and to the assessment book or books in which it is contained

কিন্তু ঐ নিরূপিত মূল্য কি পরিমাণ ও রেটের প্রতি ও তাহা যে বা যেং আসেসমেণ্ট বহীতে লেখা থাকে তাহার প্রতি ৮৭ ৮৯, ৯০, ৯১, ৯২ ৯৩ ৯৪, ও ৯৫ ধারা যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

CHAPTER VI

Of Levying the Rates

ষষ্ঠ অধ্যায়।

রেট আদায় করিবার কথা।

98 When any rate is due, the Justices shall cause to be presented, to the person liable to the payment thereof, a bill for the sum due which shall also contain a statement of the period, and a description of the property for which the rate is charged

Bills to be presented

৯৮ ধারা। রেট পাওনা হইলে যে ব্যক্তি তাহা দিবার যোগ্য জষ্টিসেরা তাঁহার নামে বিল দেওয়াইবেন। যে সময়ের নিমিত্ত ও যে সম্পত্তির কি বিষয়ের উপর ঐ রেটের দাওয়া হয় ঐ বিলে তাহা লেখা থাকিবে।

বিল দিবার কথা।

Provided that whenever any rate is payable by the owner of the land and the said owner is not the owner of the house situated on the said land the assessment on the land and on the house shall be separately entered in the said bill

কিন্তু ভূমির স্বামির কোন রেট দিতে হইলে, ও ঐ ভূমিতে যে ঘর আছে ভূমির স্বামী ঐ ঘরের স্বামী না হইলে, ঘরের উপর ও ভূমীর উপর যে রেট ধার্য্য হইল তাহা বিলে স্বতন্ত্র লিখিতে হইবে ইতি।

99 If the bill is not paid by the person liable to pay the same within seven days from the presentation thereof, the Justices may cause to be served upon such person a notice of demand, in

Notice of demand

৯৯ ধারা। যে ব্যক্তি ঐ বিলের টাকার দায়ী হন তাঁহাকে বিল দেওয়া গেলে পর তিনি সাত দিনের মধ্যে টাকা না দিলে, জষ্টিসেরা তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে বা তাহার মর্ম্মানুসারে ঐ ব্যক্তির

দাওয়ার নোটিসের কথা।

the form contained in the third schedule, or to the like effect, and if he shall not, within seven days from the service of such notice of demand, pay the sum due, or show sufficient cause, to the satisfaction of the Justices, for non payment of the same, such sum, with all costs, may be levied by distress and sale of the moveable property of the defaulter, or if the defaulter be the occupier of any house or land in respect of which a rate is due, by distress and sale of any moveable property found on the house or land, under a warrant in the form contained in the fourth schedule, or to the like effect, to be issued for that purpose by the Justices

Distress

উপর দাওয়ার নোটিস জারী করিবেন। ঐ দাওয়ার নোটিস জারী হইলে পর তিনি সাত দিনের মধ্যে ঐ দেনা টাকা না দিলে, কিম্বা জষ্টিসদের হুবোধমতে না দেওয়ার উপযুক্ত কারণ না জানাইলে, জষ্টিসেরা চতুর্থ তফসীলের লিখিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে পরওয়ানা জারী করিয়া ঐ বাকীদারের অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া, কিম্বা যে জমীর নিমিত্ত রেট পাওনা থাকে বাকীদার সেই জমীর প্রজা হইলে ঐ জমীতে যে অস্থাবর দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করিয়া সমস্ত খরচা সমেত ঐ টাকা আদায় করিয়া লইতে পারিবেন।

ক্রোক করণের কথা।

For every notice of demand under this section which the Justices shall cause to be served upon any person, a fee, not exceeding one rupee, shall be paid by such person

এই ধারামতে দাওয়ার নোটিস জারী করা গেলে, জষ্টিসেরা প্রত্যেক স্থলে ১৲ টাকার অনধিক যত ফী নির্দ্ধার্য্য করেন ঐ নোটিসের উপর ঐ ব্যক্তির তত ফী দিতে হইবে।

Such fee shall be added to the amount of the rate in respect of which the notice is given, and if not duly paid, shall be levied in the same manner as such rate may be levied

যে রেটের নিমিত্ত ঐ নোটিস দেওয়া যায় ঐ ফী সেই রেটের উপর চড়াইয়া দেওয়া যাইবে, ও নিয়মমতে না দেওয়া গেলে, ঐ রেট যে প্রকারে আদায় করা যাইতে পারে ঐ ফীও সেই প্রকারে আদায় করা যাইবে ইতি।

100 The officer charged with the execution of a warrant of distress under the last preceding section shall make an inventory of the moveable property seized under such warrant and shall at the time give a notice in writing, in the form contained in the fifth schedule to the person in possession thereof at the time of the seizure, that the said moveable property will be sold as therein mentioned

Inventory—notice of distress

১০০ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে কার্য্যকারককে ক্রোক করিবার পরওয়ানা জারী করিতে দেওয়া যায় তিনি, ঐ পরওয়ানা জারী করিয়া অস্থাবর যেং দ্রব্য ক্রোক করেন, তাহার তালিকা করিবেন, ও ক্রোক করিবার সময়ে ঐ দ্রব্য যে ব্যক্তির দখলে ছিল, তাহার নামে সেই সময়ে পঞ্চম তফসীলের লিখিত পাঠে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিবেন যে, ঐ অস্থাবর দ্রব্য ঐ নোটিসের লিখনমতে বিক্রয় করা যাইবে ইতি।

তালিকার ও ক্রোক করার নোটিসের কথা।

101 If the warrant is not in the meantime discharged or suspended by the Justices the moveable property seized shall be sold under the orders of the Justices, who shall apply the proceeds, or such part thereof as may be necessary in discharge of the said arrears and costs

Sale

১০১ ধারা। সেই সময়ের মধ্যে ঐ পরওয়ানামতে টাকা না দেওয়া গেলে কিম্বা জষ্টিসেরা তাহা স্থগিত না রাখিলে, উক্ত যে অস্থাবর দ্রব্য ক্রোক করা গেল তাহা জষ্টিসদের আজ্ঞামতে বিক্রয় করা যাইবে। ও বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহা কিম্বা তাহার যত টাকা প্রয়োজন তত টাকা লইয়া তাঁহারা ঐ বাকী ও খরচা শোধ করিবেন।

বিক্রয়ের কথা।

and the surplus if any shall be returned on demand, to the person in possession of the moveable property at the time of the seizure

কিছু উদ্বর্ত্ত থাকিলে ঐ অস্থাবর দ্রব্য ক্রোক করিবার সময়ে যে ব্যক্তির অধিকারে ছিল তাঁহার দাওয়ামতে তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে।

All sales of property under this section shall, so far as may be practicable, be regulated by the procedure now in force or hereafter to be in force of the Court of Small Causes with respect to sale after distress

মাল ক্রোক করিয়া বিক্রয় করা গেলে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের যে কার্য্যপ্রণালী চলন আছে কি পশ্চাৎ চলন হইবে, এই ধারামতে সম্পত্তির বিক্রয় যত দূর হইতে পারে তত দূর সেই প্রণালীমতে বিক্রয় হইবে।

Fees shall be payable upon distraints under this Act according to the rates set forth in the Table of Fees in the fifth schedule

পঞ্চম তফসীলে ফীর যে ফর্দ্দ লেখা আছে তাহাতে যে হার ধরা গেল, এই আইনমতে ক্রোক করণহেতুক সেই হারে ফী লওয়া যাইবে ইতি।

102 The moveable property of any person from whom any rate is due may be distrained wherever the same may be found, for default in payment of the money due from him

Goods of defaulter wherever found may be distrained

১০২ ধারা। যে ব্যক্তির স্থানে কোন রেট পাওনা থাকে, তাঁহার দেনা ঐ টাকা না দেওয়াতে তাঁহার অস্থাবর দ্রব্য যে স্থানেই পাওয়া যাউক ক্রোক হইতে পারিবে ইতি।

বাকীদারের দ্রব্য যে স্থানেই পাওয়া যাউক ক্রোক হইতে পারিবার কথা।

103 If the sum due on account of any rate from the owner of any house or land remains unpaid after notice of demand has been duly served, the Justices may demand the amount from the occupier for the time being of the house or land and, on non payment thereof may recover the same by distress and sale of any moveable property found on the house or land and, in such case, the occupier may deduct from the next and following payments of his rent, the amount which may be so paid by, or recovered from, him

Rate due from owner may be recovered from occupier and deducted by him from his rent

Provided that no arrear of rate which has remained due from the owner of any house or land for more than one year shall be so recovered from the occupier thereof

১০৩ ধারা। কোন ঘরের কি জমীর স্বামির স্থানে কোন রেটের টাকা পাওনা হইলে, নিয়মমতে দাওয়ার নোটিস জারী করা গেলে পর সেই টাকা না দেওয়া গেলে, যৎকালে যে ব্যক্তি ঘরের কি জমীর প্রজা হন জষ্টিসেরা তাঁহার স্থানে ঐ টাকার দাওয়া করিতে পারিবেন। তাহা না দেওয়া গেলে, ঐ ঘরে কি জমীতে অস্থাবর যে দ্রব্য পাওয়া যায় তাঁহারা তাহা ক্রোক ও নিলাম করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। এমত স্থলে প্রজা যত টাকা দিলেন কিম্বা তাঁহার স্থানে যত টাকা আদায় করিয়া লওয়া যায়, তৎপরে তাঁহার যে খাজানা কি ভাড়া দেনা থাকে তাহাহইতে তিনি তত টাকা কাটিয়া লইতে পারিবেন।

স্বামির স্থানে যে রেট পাওনা থাকে রায়তের নিকট তাহা আদায় হইতে ও তাহার খাজানা কি ভাড়া হইতে কাটিয়া লইতে পারিবার কথা।

কিন্তু কোন ঘরের কি জমীর স্বামির স্থানে কোন টাকা এক বৎসরের অধিক কাল পাওনা থাকিলে তাহা প্রজার স্থানে সেই প্রকারে আদায় করা যাইতে পারিবে না ইতি।

104 No distress levied under this Act shall be deemed unlawful nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the notice schedule, summons notice of demand, warrant of distress, inventory, or other proceeding relating thereto, nor shall such party be deemed a trespasser on account of any irregularity committed by him but all persons aggrieved by such irregularity may recover full satisfaction for any special damage sustained by them in any court of competent jurisdiction

Distress not unlawful for want of form

১০৪ ধারা। এই আইনমতে ক্রোক করিয়া টাকা আদায় করা গেলে নোটিসে কি তফসীলে কি সমনে কিম্বা দাওয়ার নোটিসে কি ক্রোক করিবার পরওয়ানায় কি তালিকায়, কিম্বা তৎসক্রান্ত আনুষ্ঠানিক অন্য কার্য্যে ত্রুটি কি দাঁড়ার ব্যতিক্রম থাকা প্রযুক্ত ঐ ক্রোক অবৈধ হইবে না, ও কোন ব্যক্তিকে অনধিকার প্রবেশক বলিয়া জ্ঞান হইবে না, ও সেই ব্যক্তি অনিয়মিত কার্য্য করিলেও তাঁহাকে অনধিকার প্রবেশক বলিয়া জ্ঞান হইবে না। কিন্তু ঐ অনিয়মিত কার্য্যদ্বারা যে সকল ব্যক্তির হানি হয়, তাঁহারা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে কোন বিশেষ হানির সম্পূর্ণ প্রতিকার পাইতে পারিবেন ইতি।

দাঁড়ার ব্যতিক্রম হেতুক ক্রোক অবৈধ না হওয়ার কথা।

105 Instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress and sale the whole or any part of the sum due in respect of any rate the Justices may sue the person liable to pay the same in any Court of competent jurisdiction

Justices may sue instead of proceeding by distress

১০৫ ধারা। কোন রেটের নিমিত্তে যত টাকা পাওনা থাকে, জষ্টিসেরা তত টাকা কি তাহার কোন অংশ আদায় করিবার জন্যে ক্রোক ও নিলাম না করিয়া, কিম্বা ক্রোক ও নীলাম করিয়াও আদায় করিতে না পারিলে, উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে দায়ী ব্যক্তির নামে নালিশ করিতে পারিবেন ইতি।

ক্রোক না করিয়া জষ্টিসদের নালিশ করিতে পারিবার কথা।

CHAPTER VII

Of the Water supply

106 The Justices shall provide a supply of water within the Town, and shall for that purpose cause such mains and pipes to be

The Justices to provide water supply

সপ্তম অধ্যায়।

জল যোগাইবার কথা।

১০৬ ধারা। জষ্টিসেরা নগরের মধ্যে জল যোগাইবার বিধান করিবেন। তদর্থে নগরের প্রধান২ সকল রাস্তায় পরিষ্কৃত জল যোগাই

জষ্টিসদের জল যোগাইয়া দিবার কথা।

laid, and such tanks, reservoirs, or other works to be made and constructed, as shall be necessary for the supply of filtered water in all the chief public streets of the Town, and shall also erect, in all such streets, sufficient and convenient stand pipes or pumps for the gratuitous use of the inhabitants of the Town for domestic purposes

বার নিমিত্ত বড় ও ছোট যত নল ও যত পুষ্করিণী ও জলাশয় কিম্বা অন্য যে বিষয় করিয়া প্রস্তুত করা আবশ্যক, তাহা প্রস্তুত করাইয়া দিবেন। ও যত কল থাকিলে নগর বাসিরা, গৃহ কার্য্যের নিমিত্তে বিনামূল্যে সুবিধামতে জল পাইতে পারে উক্ত রাস্তায়২ তত কল বসাইয়া দিবেন।

The said stand pipes or pumps shall be so placed that there shall not be any portion of any such chief street at a greater distance than one hundred and fifty yards from some such stand pipe or pump

উক্ত সকল কল এমন২ স্থানে বসান যাইবে যেন কোন রাস্তার কোন স্থান উক্ত কোন না কোন কলহইতে দেড় শত গজের অধিক দূর না হয় ইতি।

107 A supply of water for domestic purposes shall not include a supply of water for animals, or for washing carriages, where such animals or carriages are kept for sale or hire or a supply for any trade, manufacture, or business or for fountains, or for watering gardens or roads, or for any ornamental or mechanical purpose

What are not domestic purposes

১০৭ ধারা। কোন ব্যক্তি ঘোড়াপ্রভৃতি জন্তু কি গাড়ী বিক্রয় করিবার কি ভাড়া দিবার জন্যে রাখিলে, সেই জন্তুর নিমিত্ত কি গাড়ী ধুইবার নিমিত্ত যে জল চাহে, কিম্বা কোন ব্যবসায়ের কি কারখানার কি কর্ম্মের নিমিত্ত, কিম্বা ঝরণার কি বাগানে কি পথে ছিটাইয়া দিবার নিমিত্ত, কিম্বা অন্য প্রকারের শোভার কি কলের নিমিত্ত, যে জল চাহে, তাহা গৃহকার্য্যের মধ্যে ধরা যায় না ইতি।

গৃহ কার্য্য কাহাকে না বলে তাহার কথা।

108 The Justices shall, between the hours of six in the forenoon and nine in the afternoon, so far as may be reasonably practicable, keep and maintain in their pipes and mains a sufficient supply of filtered water under a pressure of not less than ten feet for the domestic use of the rate payers, and shall daily, from the hour of seven in the forenoon to nine in the forenoon, and from the hour of five in the afternoon to six in the afternoon, maintain a pressure of water in the service pipes and mains sufficient to raise the water in all houses and places in which the same may be introduced, to a height of not less than fifty feet

Pressure at which water must be kept

০৮ ধারা। যাহারা রেট দিয়া থাকেন তাঁহাদের ব্যবহারের জন্যে ও অন্য যেং কার্য্যের নিমিত্তে জল যোগাইতে হইবে, সেইং কার্য্যের জন্যে জষ্টিসেরা যুক্তিমতে যত দূর পারেন তত দূর পূর্ব্বাহ্ন ৬ ঘণ্টা অবধি অপরাহ্ন ৯ ঘণ্টা পর্য্যন্ত আপনাদের বড ও ছোট নলে প্রচুররূপে পরিষ্কৃত জল এমত চাপ দিয়া রাখিবেন যে তাহা দশ ফুট উচ্চ উঠিতে পারে এবং যে সকল ঘরে ও স্থানে জল আনা যায়, তথায় পূর্ব্বাহ্ন ৭অবধি ৯ ঘণ্টাপর্য্যন্ত ও অপরাহ্ন ৫ অবধি ৬ ঘণ্টাপর্য্যন্ত যেন অন্যূন পঞ্চাশ ফুট পর্য্যন্ত ঊর্দ্ধে উঠিতে পারে এই কারণে আপনাদের বড২ ও ছোট২ নলের জলে উপযুক্ত চাপ দিয়া রাখিবেন ইতি।

জলের যত বেগ রাখিতে হইবে তাহার কথা।

109 The Justices may supply water through a meter, for purposes other than domestic purposes, provided that the person requiring such supply make application to the Justices in writing, specifying the purpose for which such supply is required and the quantity likely to be consumed

Supply for business

৯ ধারা। ঘরের নানা কর্ম্মের নিমিত্ত যত জলের প্রয়োজন, কোন ব্যক্তি তাহা ছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল পাইতে চাহিলে, যে কার্য্যের নিমিত্তে যত জল খরচ হইবার সম্ভাবনা দরখাস্ত লিখিয়া এই কথা জষ্টিসদিগকে জানাইলে, তাঁহারা জল পরিমাপক যন্ত্রদ্বারা সেই জলও যোগাইয়া দিতে পারিবেন।

অন্য কার্য্যের নিমিত্ত জল যোগাইবার কথা।

The Justices may thereupon, subject to such charges or rates as may have been fixed by the Justices in meeting, other than an ordinary meeting, lay down, or allow to be laid down, the necessary communication pipes and works of such dimensions and character as may be fixed by the Justices

তাহা হইলে জষ্টিসেরা নিয়মিত সভা ছাড়া কোন সভায় অধিষ্ঠিত হইয়া খরচা ও রেট স্থির করিয়া, যত বড ও যেং প্রকারের নলপ্রভৃতি করিতে স্থির করেন, সেই প্রকারের তত বড নল বসাইবেন কি বসাইতে দিবেন, ও অন্যাং কার্য্য করিবেন ইতি।

110 The occupier of every house shall be entitled to have, free of further charge, one thousand gallons of filtered water for every rupee paid to the Justices as Water rate on account of such house to be supplied from the service pipes of the Justices for domestic use through a ferrule of such size as the Justices may determine If the Justices have reason to believe that the occupier of any house consumes more filtered water than he is entitled to as aforesaid it shall be lawful for the Justices to provide a water meter at their own expense and attach the same to the water pipes of the said house, and any water which may be used over and above the quantity to which the occupier is entitled as aforesaid, shall be paid for by him at the rate of one rupee for every thousand gallons

Householder entitled to supply of water for domestic use

Provided that no charge shall be made by the Justices for unfiltered water supplied under the next succeeding section

111 It shall be at the option of the Justices to provide filtered or unfiltered water for all latrines and water closets and wherever filtered water has been already supplied to such latrines or water closets it shall be lawful for the Justices at their own expense, and not otherwise, to stop the supply of filtered water, and in lieu thereof to provide unfiltered water for such latrines and water closets

Justices may provide filtered or unfiltered water for latrines

112 All latrines and water closets now supplied, or hereafter to be supplied with water filtered or unfiltered shall be provided with a cistern of such size and description as the Justices shall direct, and all such cisterns shall be put up at the cost of the owner of the house or land so supplied with water

All latrines to be provided with cistern

113 Every person paying the Water rate hereinbefore mentioned shall be entitled to lay down communication pipes from the service pipes of the Justices, for bringing into his house or land a reasonable supply of water for domestic use provided that the Justices shall be at liberty to cut off the supply of water to any house or land during the time the said house or land is unoccupied

Communication pipes &c to be made of required dimensions and at expense of householder

The communication pipes leading the water from the service pipes of the Justices into the house of any rate payer and the pipes and works within the house connected therewith, shall be of such character, dimensions, and material as the

১১০ ধারা। ঘরের প্রজা ঐ ঘরের জন্যে জলের রেট বলিয়া জষ্টিসদিগকে যত টাকা দিয়া থাকেন, তাহার টাকাপ্রতি তাঁহার আর খরচ বিনা পরিষ্কৃত জলের এক হাজার গ্যালন পাইবার অধিকার থাকিবে। জষ্টিসেরা যে পরিমাণের নলদ্বারা ঐ জল দিতে স্থির করেন সেই নলদ্বারা গৃহ কার্য্যের নিমিত্ত ঐ জল যোগাইয়া দেওয়া যাইবে। পূর্ব্বোক্তমতে গৃহস্থের যত পরিষ্কৃত জল পাইবার অধিকার থাকে তিনি তাহা-হইতে অধিক খরচ করিয়া থাকেন জষ্টিসদের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তাঁহার আপনাদের খরচে জল পরিমাপক যন্ত্র যোগাইয়া ঐ ঘরসংযুক্ত জলের নলে তাহা সংযোগ করিয়া রাখিবেন। পূর্ব্বোক্তমতে প্রজার যত জল পাইবার অধিকার থাকে, তাহার অধিক ও অতিরিক্ত যত জল খরচ করেন তাহার জন্যে এক২ হাজার গ্যালনের নিমিত্ত এক২ টাকার হিসাবে দিতে হইবে।

গৃহ কার্য্যের নিমিত্ত গৃহস্থের জল পাইবার অধিকারের কথা।

কিন্তু ইহার পশ্চাৎ ধারামতে জষ্টিসেরা যে অপরিষ্কৃত জল যোগাইয়া দেন তাহার জন্যে তাঁহারা খরচ লই-বেন না ইতি।

১১১ ধারা। জষ্টিসেরা সকল পাইখানায় ও শৌচস্থানে স্বেচ্ছামতে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবেন। ইতিপূর্ব্বে যদি তদ্রূপ পাইখানায় কি শৌচস্থানে অপরিষ্কৃত জল দেওয়া গিয়া থাকে, তবে জষ্টিসেরা আপনাদের খরচে পরিষ্কৃত জলসম্পোষ্য বন্ধ করিয়া ঐ পাইখানার ও শৌচস্থানের নিমিত্ত অপরিষ্কৃত জল যোগাইয়া দিতে পারিবেন। কিন্তু নিজ খরচভিন্ন অন্যের খরচে তাহা করিবেন না ইতি।

পাইখানার জন্যে জষ্টিসদের পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবার কথা।

১১২ ধারা। যে সকল পাইখানায় ও শৌচস্থানে এই-ক্ষণে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দেওয়া গিয়া থাকে কি পশ্চাৎ দেওয়া যায়, তথায় জলাধার দিতে হইবে। সেই আধার কত বড় ও কি প্রকারের হইবে, জষ্টিসেরা তাহা নির্ণয় করিবেন। যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায় তাহার স্বামির খরচে ঐ সকল জলাধার দিতে হইবে ইতি।

সকল পাইখানায় জলাধার দিবার কথা।

১১৩ ধারা। ইহার পূর্ব্বে জলের যে রেটের কথা লেখা গেল কোন ব্যক্তি সেই রেট দিলে তাঁহার গৃহ-কার্য্যের নিমিত্তে উপযুক্তমতে যত জলের প্রয়োজন থাকে জষ্টিসদের জলের নলের সঙ্গে নল সংযোগ করাইয়া ঘরে কি জমীতে তাঁহার তত জল আনাইবার অধিকার থাকিবে, কিন্তু ঐ ঘর কি ভূমি যত দিন খালি থাকে, জষ্টিসেরা তত দিন তাহার জলসম্পোষ্য বন্ধ করিয়া দিতে পারিবেন।

জলের নল যত বড় হইবে তাহার কথা ও গৃহস্থের খরচে করিতে হইবার কথা।

যে ব্যক্তি রেট দিয়া থাকেন, জষ্টিসদের নলদ্বারা তাঁহার ঘরে জল আনাইবার জন্য যে নল সংযোগ করা গিয়া থাকে, ও তাহার সঙ্গে ঘরের মধ্যে যে২ নল ও অন্য কার্য্য সংযুক্ত থাকে সেই২ নল যে প্রকারের ও যত বড় ও যে দ্রব্যে নির্ম্মিত হইবে জষ্টিসেরা তাহা স্থির ও

Justices shall fix and approve; and shall be made and constructed at the expense of the person requiring the same

Communication pipes, & must be made to satisfaction of Officer of the Justices

114 The communication pipes and all fittings thereon leading water from the service pipes of the Justices into any house or land and the pipes works, and fittings inside the house or land, must in all cases be executed subject to the inspection and to the satisfaction of the Justices

Such communication pipes works and fittings may be made by the servants and workmen of the Justices upon such terms as may be agreed upon between the Justices and the person requiring the supply or subject to such charges as may be fixed by the Justices

and the Justices may require the amount necessary for the execution of such works to be paid or deposited before such works are executed

and such charges and expenses shall be recoverable in the same manner as the water rate

I w to enter premi e

115 The Officer authorised in that behalf by the Justices may between the hours of seven in the forenoon and five in the afternoon enter into or on any house or land supplied with water as aforesaid, in order to examine all pipes works and fittings connected with the supply of water and to ascertain if there be any waste or misuse of such water

and if such Officer at any such time be refused admittance into such house or land for the purposes aforesaid or be prevented from making such examination as aforesaid, the Justices may forthwith turn off the water from such house or land

When pipes are out of r Justice m turn ff water

116 In the event of any pipes works, or fittings connected with the supply of water to any house or land being at any time found on examination by any officer of the Justices authorised in that behalf to be out of repair to such an extent as to cause any waste of water the Justices may cause the water to be turned off from such house or land and may recover the expense incurred for turning off the water from the occupier of such house or land

Water may be cut off on neglect to pay the rate

117 If any person supplied with water shall neglect to pay the Water rate hereinbefore mentioned at any of the times of payment thereof or the charge made for the said

অনুমোদন করিবেন। ও যে ব্যক্তি সেই জল চাহে তাহারই খরচে ঐ নল প্রস্তুত করিয়া দেওয়া যাইবে ইতি।

ঘরের জল আনাইবার নল জষ্টিসদের কার্য্যকারকের সন্তোষমতে করিতে হইবার কথা।

১১৪ ধারা। ঘরে কি ভূমিতে জষ্টিসদের বড ও ছোট নলহইতে কোন জল আনাইবার জন্যে ঐ নলের সঙ্গে যে নল সংযোগ করিয়া দেওয়া যায় ও অন্য যে কার্য্য করা যায় এবং ঘরের কি ভূমির মধ্যে যে নল ও অন্য কার্য্য থাকে সেই নল সংযোগ করণপ্রভৃতি কার্য্য জষ্টিসদের তত্ত্বাধীনে ও সন্তোষমতে করা যাইবে।

যিনি ঐ জল পাইতে চাহেন তিনি জষ্টিসদের সঙ্গে নিয়ম করিলে সেই নিয়মানুসারে কিম্বা জষ্টিসেরা যত খরচ নির্দ্ধায্য করেন তদনুসারে, জষ্টিসদের চাকরেরা ও কর্ম্মকারকেরা ঐ নলসংযোগ করাইয়া দিবেন ও তৎসংক্রান্ত অন্য২ কার্য্য করিবেন

ও সেই কার্য্য করিবার জন্যে যত টাকা আবশ্যক হয় জষ্টিসেরা তাহার পূর্ব্বে তত টাকা দিবার কি গচ্ছিত করিবার আজ্ঞা দিবেন।

ও জলের রেট যে প্রকারে আদায় হইতে পারে ঐ দাবীর ও খরচার টাকাও সেই প্রকারে আদায় হইতে পারিবে ইতি।

বাড়ীর মধ্যে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

১১৫ ধারা। পূর্ব্বোক্ত মতে যে ঘরে কি জমীতে জল যোগাইয়া দেওয়া যায় তাহার মধ্যে জল যোগাইবার সকল নল ও অন্যান্য কার্য্য দেখিবার নিমিত্ত, ও অকারণে জল নষ্ট না হয় কিম্বা তাহার অযথা ব্যবহার না হয় ইহা দেখিয়া লইবার জন্যে জষ্টিসেরা যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তিনি পূর্ব্বাহ্ণ ৭ ঘন্টা ও অপরাহ্ণ ৫ ঘন্টার মধ্য কোন সময়ে কোন ঘরে কি ভূমিতে যাইতে পারিবেন।

আর উক্ত সময়ে উক্ত কার্য্যের নিমিত্ত ঐ কার্য্যকারককে সেই ঘরে কি জমীতে যাইবার অনুমতি না দেওয়া গেলে কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার সেই বিষয় দেখিয়া লইবার বাধা দেওয়া গেলে জষ্টিসেরা তৎক্ষণাৎ সেই ঘরের কি জমীর জল বন্ধ করিয়া দিতে পারিবেন ইতি।

নল বেমরামত হইলে জষ্টিসদের জল বন্ধ করণের কথা।

১১৬ ধারা। কোন ঘরে কি জমীতে জল যোগাইবার যে নল কি অন্য কার্য্য থাকে তাহা দেখিবার নিমিত্ত জষ্টিসদেরহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক কোন সময়ে তাহা দেখিয়া মেরামতের না থাকা প্রযুক্ত জল নষ্ট হইয়া থাকে জানিতে পাইলে জষ্টিসেরা ঐ ঘর কি জমীহইতে ঐ জল বন্ধ করিয়া দিতে পারিবেন ও বন্ধ করিয়া দেওনের খরচ ঐ ঘরের কি জমীর প্রজার স্থানে লইতে পারিবেন ইতি।

রেট দিবার ত্রুটি হইলে জল বন্ধ করিতে পারিবার কথা।

১১৭ ধারা। ইহার পরে জলের যে রেটের কথা লেখা আছে তাহা যে২ সময়ে দেওয় উচিত যাহাকে জল দেওয়া গিয়া থাকে এমত কোন ব্যক্তি উক্ত কোন

water when supplied for other than dommestic purposes, the Justices may turn off the water from the house or land in respect of which such rate or charge is payable by cutting off the pipe to such house or land, or by such means as the Justices may think fit and may recover the expenses of turning off the water from such person,

সময়ে ঐ রেট দিতে, কিম্বা ঘরের কার্য্য ছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল যোগাইয়া দেওয়া গেলে তাহার জন্যে খরচার দাওয়া হইলে তাহা দিতে ত্রুটি করিলে, যে ঘরের কি জমীর নিমিত্ত ঐ রেট কি দাবী দেনা হয় সেই ঘরে কি জমীতে যে নল যায়, জষ্টিসেরা তাহা কাটিয়া কিম্বা অন্য যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে ঐ জমীর জল বন্ধ করিয়া দিতে পারিবেন ও সেই ব্যক্তির স্থানে জল বন্ধ করিবার খরচ ফিরিয়া লইতে পারিবেন।

Provided that the stopping or cutting off the supply of water shall not relieve any person from any penalties or liabilities which he may otherwise have incurred

কিন্তু কোন ব্যক্তির প্রতি দণ্ড কি দায় বর্ত্তিলে ঐ জলসম্পোষ্য বন্ধ হওয়াতেই তিনি সেই দণ্ড কি দায় হইতে নিষ্কৃতি পাইবেন না ইতি।

O 1 h 1 w t 1 a t l h ll t penalty

118 The occupier of any house or land in which water supplied by the Justices under this Act is from negligence or other circumstances under the control of the said occupier wasted or in whose house or land the pipes works and fittings for the supply of water shall be found to be out of repair to such an extent as to cause any waste of water, shall be liable to a fine not exceeding twenty rupees

যাহার ঘরে জল নষ্ট হইল তাহার দণ্ড হইতে পারিবার কথা।

১১৮ ধারা। এই আইনমতে জষ্টিসেরা কোন ঘরের কি জমীর জল যোগাইয়া দিলে, প্রজার শৈথিল্য হেতুক কিম্বা অন্য যে ভাবগতিকের উপর তাহার কর্ত্তৃত্ব থাকিতে পারে এমত ভাবগতিক হেতুক জল নষ্ট হইলে কিম্বা যে নল কি অন্য কার্য্যাদি দ্বারা ঐ ঘরের কি জমীর জলসম্পোষ্য হয় তাহা সারাইয়া না রাখা প্রযুক্ত জল নষ্ট হইয়া থাকিলে, সেই প্রজার ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Pe on ai ng w t l all t penalty

119 Any person causing waste of water supplied by the Justices shall be liable to a fine not exceeding five rupees

কোন ব্যক্তি জল নষ্ট করিলে তাহার দণ্ড হইতে পারিবার কথা।

১১৯ ধারা। জষ্টিসেরা যে জল যোগাইয়া দেন কোন ব্যক্তি সেই জল নষ্ট করাইলে তাহার পাঁচ টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

J t c al tl l ci t may ll p roi t t tl T w t k wate

120 It shall be within the discretion of the Justices to allow any person, not residing within the limits of the Town to take or be supplied with water for his domestic use on such terms as the Justices in meeting other than an ordinary meeting may from time to time prescribe And any person taking or causing to be taken for use outside the limits of the Town water supplied by the Justices without the permission of the Justices shall be liable to a fine not exceeding fifty rupees

Penalty

নগরের বাহিরে যাঁহারা থাকেন তাঁহাদিগকেও জষ্টিসদের জল লইতে অনুমতি দিবার কথা।

২০ ধারা। কোন ব্যক্তি নগরের সীমার মধ্যে বাস না করিলেও, জষ্টিসেরা ইচ্ছা করিলে নিয়মিত সভা ছাড়া কোন সভায় অধিবিষ্ট হইয়া তাঁহার গৃহ কার্য্যের নিমিত্ত জল দিবার যে২ নিয়ম সময়ে২ নির্দ্দেশ করেন সেই২ নিয়মানুসারে ঐ ব্যক্তির জল লইবার কিম্বা তাহার জল যোগাইয়া দেওয়ার অনুমতি দিতে পারিবেন। আর জষ্টিসেরা যে জলসম্পোষ্যের বিধান করেন কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না পাইয়া নগরের সীমার বাহিরে খরচ করিবার জন্যে সেই জল লইলে কি আনাইলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

দণ্ডের কথা।

P rson e ecutin a y w rk for lay g wate mu t h ld a li e fr m the J t ces

121 It shall not be lawful for any person to execute any work in connection with the laying on of water from any service pipes of the Justices to any house or land, unless he shall hold a license from the Justices authorising him to act as a plumber under such rules and regulations as the Justices

যে ব্যক্তি জলযোগাইবার কোন কার্য্য করে জষ্টিসদের স্থানে তাহার লাইসেন্স পাইতে হইবার কথা।

১২১ ধারা। কোন ঘরে কি জমীতে জষ্টিসদের কোন জলের নলহইতে জল যোগাইয়া দিবার নিমিত্ত যে কার্য্য করা আবশ্যক, কোন ব্যক্তি জষ্টিসদের স্থানে প্লমরস্বরূপ কর্ম্ম করিবার ক্ষমতা সূচক লাইসেন্স না পাইলে, তিনি সেই কার্য্য করিতে পারিবেন না। জষ্টিসেরা সময়ে২ যে

may from time to time lay down, and which shall be printed on the back of his license Any person licensed by the Justices as a plumber, who shall infringe or break any rules or regulations under which he holds his license, shall be liable to have his license at once cancelled by the Justices and shall also be liable to a fine not exceeding twenty rupees

Penalty

122 Any owner or occupier of any house or land who shall cause or allow works, pipes or fittings for the supply of water from the service pipes of the Justices to be executed by any person other than a plumber licensed by the Justices, shall not be entitled to demand a connection with the Justices' service pipes

Owner or occupier when not entitled to demand a connection with the Justices service pipes

123 Before a connection for the supply of water from the service pipes of the Justices to any house or land is sanctioned by the Justices, the Engineer of the Justices shall cause all the works, pipes, and fittings within the said house or land to be inspected by a duly qualified officer and the cost of such inspection shall be payable in advance at such rates as the Justices in meeting other than an ordinary meeting shall from time to time direct, by the person applying for the said connection and until the Engineer of the Justices shall have certified that the said works, pipes and fittings have been executed and put up in a satisfactory manner, a connection with the Justices service pipes shall not be permitted

Before connection [illegible] all works [illegible] to be inspected

124 The connection with the service pipes of the Justices, as also the laying of supply pipes under any public road or thoroughfare, shall be executed by an officer of the Justices authorised in that behalf and by no other person, and the expense of making such connection shall be payable in advance by the person applying for the same, at such rates as the Justices in meeting, other than an ordinary meeting, shall from time to time direct

Connection with service pipes to be executed only by an officer of the Justices

125 When the Engineer of the Justices shall certify that any licensed plumber has executed any works or put up any fittings within any house or land for the supply of water from the pipes of the Justices in a careless

Penalty on licensed plumber who executes works badly

নিয়ম ও বিধি নির্দ্দেশ করেন, তদনুসারে তাঁহাকে সেই ক্ষমতা দিবেন ও লাইসেন্সের পৃষ্ঠে ঐ নিয়ম ও বিধি ছাপা হইবে। কোন ব্যক্তি জষ্টিসদেব স্থানে পমরেব লাইসেন্স পাইযাও যে নিযম ও বিধিমতে লাইসেন্স পাইলেন তাহা লঙ্ঘন কি অমান্য কবিলে জষ্টিসদেব দ্বাবা তাঁহাব সেই লাইসেন্স তৎক্ষণাৎ বহিত করা যাইতে পারিবে। ও তাঁহাব ২০ টাকার অনধিক অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

১২২ ধাব। কোন ঘরের কি ভুমিব স্বামী কি প্রজা জষ্টিসদেব লাইসেন্স প্রাপ্ত প্লমব ছাড়া কোন ব্যক্তির দ্বারা জষ্টিসদেব জলের নল হইতে জল আনাইবার কোন কার্য্য করাইলে কি নল বসাইলে কিম্বা কোন কার্য্য করিতে কি নল বসাইতে দিলে, জষ্টিসদের নলের সঙ্গে তাঁহাব সেই নল সংযোগ করিতে দাওযা করিবাব অধিকার নাই ইতি।

জষ্টিসদের নলের সঙ্গে স্বামির কি প্রজার নল সংযোগ করিবার দাওয়ার অধিকার যে স্থানে না থাকে তাহাব কথা।

১২৩ ধাবা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবাব নিমিত্ত জষ্টিসদের জলেব নলেব সঙ্গে নল সংযোগ কবিবাব অনুমতি দেওযাব পূর্ব্বে জষ্টিসদেব ইঞ্জিনিযব উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকেব দ্বারা সেই ঘবের কি জমীব অন্তর্গত সকল কার্য্য ও নলপ্রভৃতি দেখিযা লইবেন। যে ব্যক্তি নল সংযোগ কবিবাব প্রার্থনা কবেন ঐ দেখিযা লওযাব খরচ তাঁহার আগাম দিতে হইবে। জষ্টিসেরা নিযমিত সভাছাড়া অন্য সভায অধিবিষ্ট হইযা সমযে২ যে হাব নির্দ্ধার্য্য করেন ঐ খরচ সেই হাবানুসারে দিতে হইবে। ও সেই কার্য্য ও নলাদি উপযুক্তমতে করা গিয়াছে ও বসান গিযাছে জষ্টিসদেব ইঞ্জিনিয়র যত কাল এই মর্ম্মেব সর্টিফিকট না দেন তত কাল জষ্টিসদের নলেব সঙ্গে সংযোগ কবিবাব অনুমতি হইবে না ইতি।

সংযোগ করিবার পূর্ব্বে জষ্টিসদেব ইঞ্জিনিযবের সকল কার্য্য ও নল দেখিতে হইবাব কথা।

১২৪ ধাবা। জষ্টিসদের নলেব সঙ্গে অন্য নল সংযোগ করণ ও কোন বাজপথেব কি লোকদেব গমনীয পথেব নীচে জল যোগাইবার নল বসাওন কার্য্য জষ্টিসদের তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক ভিন্ন অন্য ব্যক্তির দ্বাবা করা যাইবে না। ও যে ব্যক্তি সংযোগ কবিতে প্রার্থনা করেন, ঐ কার্য্যেব খরচ তাঁহার আগাম দিতে হইবে। জষ্টিসেরা নিযমিত সভাছাড়া কোন সভায অধিবেশন করিযা সমযে২ যে হার নিরূপণ করেন ঐ খরচ সেই হাবানুসাবে দেওযা যাইবে ইতি।

জলের নলেব সঙ্গে সংযোগ করণ কেবল জষ্টিসদেব কার্য্যকাবক দ্বারা হইবার কথা।

১২৫ ধাবা। লাইসেন্সপ্রাপ্ত কোন প্লমর জষ্টিসদের নলহইতে কোন ঘরে কি জমীতে জল আনাইবাব কোন কার্য্য কি সাজ সরঞ্জাম শৈথিল্যভাবে ও অমনোযোগে কবিয়াছে বা বসাইযাছে কিম্বা নিকৃষ্ট সাজ

লাইসেন্সপ্রাপ্ত প্লমর নিকৃষ্টরূপে কর্ম্ম করিলে দণ্ডেব কথা।

and negligent manner, or made use of bad materials or fittings the said licensed plumber shall be liable to a fine not exceeding twenty rupees and upon a third conviction shall be liable to have his license cancelled at the discretion of the Justices

সরঞ্জাম দিয়াছে জষ্টিসদের ইঞ্জিনিয়র সাহেব এই মর্ম্মের সর্টিফিকট দিলে, ঐ লাইসেন্সপ্রাপ্ত প্লমবের ২০ টাকার অনধিক দণ্ড হইবে। ও তৃতীয়বার তাহার সেই দোষ নির্ণয় হইলে জষ্টিসদের বিবেচনামতে তাহার লাইসেন্স রহিত করা যাইতে পারিবে ইতি।

126 Any person who shall unlawfully flush, draw off divert, or take water from any water works belonging to or under the management or control of the said Justices or from any water or streams by which such water works are supplied shall be liable to a fine not exceeding one hundred rupees

Ob t ti r liv tin wat r

১২৬ ধারা। উক্ত জষ্টিসদের জলের কল কিম্বা তাঁহাদের তত্ত্ব কি কর্ত্তৃত্বাধীন কোন জলের কল হইতে, কিম্বা যে জল কি স্রোতহইতে ঐ কলের জল পাওয়া যায়, কোন ব্যক্তি অবৈধমতে তাহা নিস্থত করাইয়া দিলে কি জল বাহির করাইলে কি অন্য মুখ করিলে কি গ্রহণ করিলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

জল আটকাইবার কি অন্য মুখ করাইবার কথা।

127 Any occupier holding direct from the owner of any house may by notice in writing signed by him require the owner of such house to perform all such necessary works as may be required for bringing into such house a supply of water for domestic use

I w t qu r to pr id v k f r wat r pply

১২৭ ধারা। কোন প্রজা ঘরের স্বামির স্থানে পাট্টা পাইয়া ঐ ঘরে থাকিলে তিনি স্বামির নামে নোটিস লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া ঐ ঘরের স্বামিকে এই আদেশ করিতে পারিবেন যে গৃহকার্য্যের নিমিত্তে ঐ ঘরে জল আনাইবার আবশ্যক সকল কার্য্য করিয়া দেন।

জল যোগাইয়া দিবার নিমিত্ত এবং কার্য্যকরা প্রয়োজন স্বামিদ্বারা সেইং কার্য্য করাইবার ক্ষমতার কথা।

Every such notice shall contain an agreement on the part of such occupier to pay interest at the rate of one per cent per mensem calculated from the date of the completion of the works, on the cost of such works during the residue of his term of occupation

সেই নোটিসে ঐ প্রজার এমত করারও লিখিয়া দিতে হইবে যে ঐ কার্য্য করিতে যত টাকা খরচ লাগে তাহা সমাপ্ত হইবার তারিখ অবধি যত দিন সেই ঘরে থাকিবেন তত দিন তিনি ঐ খরচের উপর মাসে শতকরা ১ টাকার হিসাবে সুদ দিবেন।

Provided that, if the house and the premises belonging thereto shall not abut upon some street in which there is a supply main, such occupier shall, in the agreement undertake to pay the cost of connecting the house with the nearest supply main

কিন্তু যে রাস্তায় জলের বড় নালা থাকে, ঐ ঘর ও বাড়ী এমত রাস্তার ধারে না থাকিলে, জলের যে বড় নালা নিকট থাকে তাহার সঙ্গে ঘর সংযোগ করিবার নল করিয়া দিতে যত খরচ লাগে ঐ প্রজা সেই করার নামায় ঐ খরচও দিবার করার করিবেন ইতি।

128 If any owner shall not, within the space of three months from the service of such notice as is mentioned in the last preceding section, cause such necessary works as aforesaid to be completed the occupier who shall have given such notice, may cause the same to be completed and may deduct from the rent payable by him the cost of such works save so much of such cost as may be incurred in connecting with a supply main any house and premises belonging thereto which may not abut upon a street in which there may be a supply main, and such deduction shall be made by six equal monthly instalments

I wa too pi rt i k o k I f ilt f wner

১২৮ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নোটিসের কথা লেখা আছে, সেই নোটিস দেওয়া গেলে পর, যদি স্বামী তিন মাসের মধ্যে পূর্ব্বোক্ত আবশ্যক সকল কার্য্য সমাপ্ত করিয়া না দেন, তবে যে প্রজা ঐ নোটিস দিলেন, তিনি তাহা সমাপ্ত করাইয়া দিতে পারিবেন, এবং যে রাস্তায় জলের বড় নল থাকে ঘর ও বাড়ী এমত রাস্তার ধারে না থাকাতে তাহার সঙ্গে ঘর সংযোগ করিবার নল বসাইয়া দিতে যত খরচ লাগে তাহা ছাড়া, তিনি ঐ কার্য্যে আর যত টাকা খরচ করিলেন তাহা ঐ ঘরের ভাড়াহইতে কাটিয়া লইতে পারিবেন। ঐ টাকা ছয় মাসের সমানং কিস্তি করিয়া কাটিয়া লওয়া যাইবে।

স্বামী না করিলে বাসের কবিবার ক্ষমতার কথা।

Interest on each such instalment shall be payable to the owner by the occupier at the rate of one per cent per mensem, from the time when it shall have been so deducted

যে তারিখঅবধি তাহা কাটিয়া লওয়া যায়, সেই তারিখঅবধি প্রজা উক্ত প্রত্যেক কিস্তির উপর স্বামিকে মাসে শতকরা ১ টাকার হিসাবে সুদ দিবেন ইতি।

129 The supply of water to a house shall not be deemed sufficient for domestic use unless it provides two taps in each floor of such house, one other such tap in the cookroom of or attached to such house, and one other such tap in the premises, or in or near the stables belonging to such house, and the necessary works for such taps

What works to be made for a house

But if the annual rent of such house, with the land attached thereto shall be less than three hundred rupees, it shall be sufficient to provide one tap only within the said premises, and the necessary works for the same

১২৯ ধারা। ঘরের একং তালায় দুইটি কাক, ও সেই ঘরের রন্ধনাগারে একটা, ও বাড়ীর মধ্যে কিম্বা আস্তাবলে কি তাহার নিকটে আর একটি কাক না দেওয়া গেলে, ও তৎসংক্রান্ত আবশ্যক সকল কর্ম্ম করা না গেলে, ঘরের কার্য্যের নিমিত্ত প্রচুর জল যে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে না।

কোন ঘরের নিমিত্ত যেং কার্য্য করিতে হইবে তাহার কথা।

কিন্তু যদি ঘরের ও তৎস যুক্ত ভুমির ভাড়া বৎসর তিন শত টাকার কম হয়, তবে উক্ত বাড়ীর মধ্যে একটি কাক ও তৎসংক্রান্ত অন্য আবশ্যক কর্ম্ম করিয়া দেওয়া গেলে তাহাই প্রচুর বলিয়া জ্ঞান হইবে ইতি।

130 No works for introducing a supply of water to any house shall be commenced by the owner without sending a specification and estimate of the cost thereof to the occupier, nor by the occupier without sending such specification and estimate to the owner

Estimate and specification of works to be sent

১৩০ ধারা। স্বামী আপনার ঘরে জল আনাইবার উপক্রম করিলে, প্রজার নিকট ঐ কর্ম্মের খরচের বেওরা ও ইষ্টিমেট না পাঠাইলে, কিম্বা প্রজা ঐ কর্ম্ম করিবার উপক্রম করিলে স্বামির নিকট ঐ কর্ম্মের খরচের বেওরা ও ইষ্টিমেট না পাঠাইলে, সেই কর্ম্মের আরম্ভ করিবেন না ইতি।

যে কর্ম্ম করিতে হইবে তাহার ইষ্টিমেট ও বর্ণনার কথা।

131 In case there shall be any difference between the owner and the occupier respecting the cost or the sufficiency of the proposed works, either the owner or the occupier may refer such difference to the Justices, and the written award of the Engineer of the Justices, or of any officer authorized by them in that behalf, shall be binding on the owner and the occupier

Power of arbitration

১৩১ ধারা। যে কার্য্য করিতে প্রস্তাব হয় তাহাই প্রচুর হইবে কি না এই বিষয়ে কিম্বা খরচের বিষয়ে স্বামির ও প্রজার মধ্যে অনৈক্য হইলে স্বামী কিম্বা প্রজা জষ্টিসদের প্রতি ঐ বিবাদ অর্পণ করিবেন এবং জষ্টিসদের ইঞ্জিনিয়র সাহেব কিম্বা সেই কার্য্যের নিমিত্ত অন্য যে কার্য্যকারক ক্ষমতা প্রাপ্ত হন তিনি যে মীমাংসা লিখিয়া দেন স্বামী ও রায়ত তাহাতে বদ্ধ থাকিবেন ইতি।

সালিসী করিবার ক্ষমতার কথা।

132 There shall be payable to the Justices in respect of every such reference a fee at the rate of two rupees for every hundred rupees of the monthly rent of the land in respect of the water supply to which the difference may have arisen —

Fee on reference

Provided that such fee shall in no case exceed ten rupees, and shall be paid by the person making the reference

১৩২ ধারা। যে জমীতে জল যোগাইয়া দিবার বিষয়ে ঐ বিবাদ হয়, সেই জমীর মাসিক খাজানা যত শত টাকা হয় ঐ বিবাদ জষ্টিসদের প্রতি অর্পণ করণ প্রযুক্ত তাঁহাদিগকে প্রতি শতের উপর দুই টাকার হারে ফী দিতে হইবে।

বিবাদ অর্পণ হইলে যে ফী দিতে হইবে তাহার কথা।

কিন্তু কখন দশ টাকার অধিক ফী লাগিবে না, ও যে ব্যক্তি বিবাদ অর্পণ করেন তিনি ঐ ফী দিবেন ইতি।

133 Any occupier on whose requisition as aforesaid any works for the supply of water shall have been introduced to any house shall, during his term of occupancy, bear the expense of keeping such works in substantial repair

Occupier making requisition to keep works in repair

১৩৩ ধারা। পূর্ব্বোক্ত মতে প্রজার আদেশ অনুসারে কোন ঘরে জল আনাইবার কার্য্য করা গেলে তিনি যত দিন ঐ ঘরে থাকেন তত দিন সেই কার্য্য উপযুক্তমতে সারাইয়া রাখিবার খরচ তাঁহারই দিতে হইবে ইতি।

প্রজা ঐ কার্য্য করিবার আদেশ করিলে তাঁহার সেই কার্য্য সারাইয়া রাখিতে হইবার কথা।

134 Any owner to whom any sum is payable under sections one hundred and twenty seven and one hundred and twenty eight, may recover such sum from the person liable to pay

Power of recovery by owner of sums payable

১৩৪ ধারা। ১২৭ ও ১২৮ ধারামতে স্বামির টাকা পাওনা থাকিলে যে ঘরের নিমিত্ত ঐ টাকা খরচ হইল তাহা ঐ ঘরের ভাড়া হইলে যে প্রকারে আদায় করিতে

টাকা দেনা থাকিলে স্বামির তাহা আদায় করিবার ক্ষমতার কথা।

the same as if the same were rent payable by such person for the house in respect of which the expenses have been incurred

পারিতেন, সেই প্রকারে ঐ ব্যক্তির স্থানে ঐ টাকা আদায় করিয়া লইতে পারিবেন ইতি।

135 All public tanks reservoirs cisterns wells aqueducts conduits tunnels, pipes, pumps and other water works whether made laid or erected at the cost of the Justices or otherwise and all bridges buildings engines works materials and things connected therewith or appertaining thereto and also any adjacent land (not being private property) appertaining to any public tank shall become vested in the Justices

Tanks &c t d the Justice

১৩৫ ধারা। সাধারণের ব্যবহার্য্য সকল পুষ্করিণী ও জলাশয় ও জলাধার ও কূপ ও জলের নালা ও প্রণালী ও সুড়ঙ্গ ও নল ও কল ও জল সংযুক্ত অন্য সকল কার্য্য জষ্টিসদের খরচে কিম্বা প্রকারান্তরেও করা কি বসান কি নির্ম্মাণ করা গেলে ঐ পুষ্করিণী প্রভৃতি ও তৎসম্পর্কীয় কি তৎসংযুক্ত সকল পুল ও কোটা ও কল ও বিষয় ও সরঞ্জাম ও দ্রব্য এবং সাধারণের ব্যবহার্য্য পুষ্করিণী সংক্রান্ত যে জমী কোন ব্যক্তির সম্পত্তির মধ্যে নয় সেই জমা জষ্টিসদের প্রতি অর্শিবে ইতি।

পুষ্করিণী প্রভৃতি জষ্টিসদের প্রতি বর্ত্তিবার কথা।

136 If any person being the proprietor of any gas works or being engaged or employed in the manufacture or supply of gas or being the occupier or owner of any place where an offensive trade or manufacture is carried on wilfully does any act connected with the said business whereby the water in any stream tank reservoir well cistern, conduit aqueduct, or other water works belonging to the Justices is fouled or corrupted the Justices may after twenty four hours notice in writing lay open and examine any pipes, conduits, and works belonging to such person

Water f l l by ffe ive tr d

১৩৬ ধারা। কোন ব্যক্তি কোন গ্যাসের কারখানার অধিকারী হইয়া কিম্বা গ্যাস প্রস্তুত কি যোগাইয়া দিবার কার্য্যে নিযুক্ত থাকিয়া, কিম্বা যে স্থানে দুর্গন্ধজনক ব্যবসায় কি কারখানা চলে এমত স্থানের প্রজা কি স্বামী হইয়া, জষ্টিসদের কোন স্রোতের কি পুষ্করিণীর কি জলাশয়ের কি কূপের কি জলাধারের কি মুহরির কি জল নালার কি জলসংক্রান্ত অন্য কার্য্যের জল যাহাতে ময়লা কি নষ্ট হয় ঐ ব্যবসায় সম্পর্কে ইচ্ছাপূর্ব্বক এমত কোন কর্ম্ম করিলে জষ্টিসেরা চব্বিশ ঘণ্টা থাকিতে নোটিস লিখিয়া দিয়া ঐ ব্যক্তির কোন নল কি মুহরি কি কার্য্য খুলিয়া দেখিতে পারিবেন।

দুর্গন্ধজনক ব্যবসায়দ্বারা জল ময়লা করিবার কথা।

and if upon such examination it appears that the water has been fouled or corrupted by any thing proceeding from or contained in the pipes, conduits or works examined the expenses of such examination shall be paid by the person to whom such pipes conduits or works belong or under whose management or control they may be

ও তদ্রূপে দেখিলে পর ঐ নল কি মুহরি কি কার্য্য-হইতে যে বিষয় বাহির হয় কি তাহার মধ্যে যে বিষয় থাকে তদ্দ্বারা জল ময়লা কি নষ্ট হইয়াছে দেখিতে পাইলে ঐ নল কি মুহরি কি কার্য্য যে ব্যক্তির হয় কি যাহার অধীনে কি তত্ত্বাবধারণে থাকে তাঁহারই সেই দেখিয়া লইবার খরচ দিতে হইবে।

but if it appear that the water has not been so fouled or corrupted then such expenses and all damage occasioned by the examination, shall be paid by the Justices

কিন্তু তদ্দ্বারা জল ময়লা কি নষ্ট হয় নাই, ইহা দেখিতে পাইলে ঐ সকল খরচ এবং ঐ নলপ্রভৃতি দেখিয়া লওয়াতে যে হানি হইল তাহা জষ্টিসদের দিতে হইবে ইতি।

137 The water rate and all monies collected received, or recovered for or in respect of the supply of water or the execution of works and all fines connected therewith, or in any respect relating to the water supply, shall be applied by the said Justices in defraying the expense of making, extending or maintaining the said water works,

Applic t f t d cei i i ti pply f water

১৩৭ ধারা। জলের রেট এবং জল যোগাওনের ও তৎসম্পর্কীয় কার্য্য করণের দ্বারা যে সকল টাকা আদায় হয় কি পাওয়া যায় কি ফিরিয়া পাওয়া যায়, এবং জলসংক্রান্ত কার্য্যসম্পর্কে কিম্বা জল যোগাওন সম্পর্কীয় কোন বিষয়ের নিমিত্ত যে সকল অর্থদণ্ড আদায় হয়, উক্ত জষ্টিসেরা সেই সকল টাকা লইয়া উক্ত জলসংক্রান্ত কার্য্য প্রস্তুত করণ ও বাড়াইয়া দেওনের ও সারাইয়া রাখণের খরচ শো করিবেন,

জল যোগাওন দ্বারা যে রেট ও টাকা পাওয়া যায় তাহা যে কার্য্যে প্রয়োগ হইবে তাহার কথা।

in paying the interest of money borrowed for the said water works,

and in the liquidation of debts incurred connected therewith, or for some other purpose connected with the supply of water

CHAPTER VIII

OF THE POLICE BUDGET

Commissioner of Police to prepare Budget

138 The Commissioner of Police shall on or before the first day of September in each year transmit to the Justices a Budget or Estimate of the expense of the Police Force for the year commencing on the first day of January then next ensuing

Form of Budget

139 The Police Budget shall show the various heads of the estimated expenditure of the Police Force and the intended distribution of the Police Force during the year to which it relates

Chairman to lay the Budget before the Justices

140 The Chairman shall forthwith upon the receipt of any such Budget cause the same to be printed and a copy thereof as far as may be practicable sent by post or otherwise to each of the Justices of the Peace resident within twenty miles of Government House and shall lay every such Budget before the Justices at the next quarterly meeting of the Justices, or at a special general meeting

The Justices shall thereupon forward such Budget to the Local Government, with such remarks as to them may seem fit, and it shall be in the discretion of the Local Government to pass or to reject, or to modify the estimates of all or any sums entered in the same

Power to bring in a supplemental Budget

141 If during any period for which a Police Budget shall have been passed and submitted as aforesaid, it shall appear that the amount provided by such Budget is insufficient to defray the necessary expense of the Police Force for such period the Commissioner of Police may prepare a supplemental Budget for such period and the provisions of the last three preceding sections shall apply to such supplemental Budget

Amount of estimates to be paid to Government

142 The amount of the estimates passed shall, after deducting therefrom such amount as may from time to time be allowed by the Government from the General Revenues towards the maintenance

ও উক্ত জলসংক্রান্ত কার্য্যের নিমিত্ত যে টাকা ঋণ লওয়া যায় তাহার সুদ দিবেন,

ও তৎসংক্রান্ত ঋণ কিম্বা জল যোগাওন সম্পর্কীয় অন্য কার্য্যের নিমিত্ত যে ঋণ লওয়া যায় সেই ঋণ শোধ করিবেন ইতি।

অষ্টম অধ্যায়।

পোলীসের বজেটের কথা।

পোলীসের কমিশ্যনর সাহেবের বজেট প্রস্তুত করিবার কথা।

১৩৮ ধারা। প্রতিবৎসর জানুআরি মাসের প্রথম দিনাবধি পোলীসদলের নিমিত্ত এক বৎসর যত টাকা খরচ হওয়া সম্ভাবনা, পোলীসের কমিশ্যনর সাহেব তৎপূর্ব্ব সেপ্টেম্বর মাসের প্রথম দিনে কি তাহার পূর্ব্বে ইহার বজেট কি অনুমানপত্র জষ্টিসদের নিকট পাঠাইবেন ইতি।

বজেট যেরূপে লেখা যাইবে তাহার কথা।

১৩৯ ধারা। যে২ দফামতে পোলীসদলের অনুমান যত টাকা খরচ হইবে, ও যত দিনের বজেট হয় তত দিন যে২ প্রকারে পোলীস দল নিযুক্ত করিবার অভিপ্রায় থাকে, এই২ কথা পোলীসের বজেটে লেখা যাইবে ইতি।

জষ্টিসদের সম্মুখে সভাপতির ঐ বজেট অর্পণ করিতে হইবার কথা।

১৪০ ধারা। সভাপতি সেই বজেট পাইলেই, ছাপা ইবেন, ও গবর্ণমেণ্ট হৌস হইতে শান্তিরক্ষার্থ জষ্টিসদের যত জন কুড়ি মাইলের মধ্যে বাস করেন সাধ্যমতে তাঁহাদের প্রত্যেক জনের নিকট ডাকযোগে কি প্রকারান্তরে ঐ বজেটের এক২ প্রস্থ পাঠাইয়া দিবেন। ও আগামি ত্রৈমাসিক সভায় কিম্বা জষ্টিসদের বিশেষ সাধারণ সভার সম্মুখে বজেট অর্পণ করিবেন।

তাহা হইলে জষ্টিসেরা ঐ বজেটের বিষয়ে আপনাদের মন্তব্য যে কথা লেখা আবশ্যক বোধ করেন তাহা লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টের নিকট পাঠাইবেন। তন্মধ্যে যে সকল খরচের অনুমান লেখা থাকে স্থানীয় গবর্ণমেণ্ট স্বীয় বিবেচনামতে সেই সকল কি তন্মধ্যে কোন খরচ গ্রাহ্য কি অগ্রাহ্য কি মতান্তর করিতে পারিবেন ইতি।

পরিশিষ্ট বজেট আনিবার ক্ষমতার কথা।

১৪১ ধারা। পোলীসের বজেট যে সময়ের নিমিত্তে পূর্ব্বোক্তমতে গ্রাহ্য হইয়া সমর্পিত হয়, ঐ বজেটে যত টাকা নিরূপণ হইল পোলীস দলের সেই সময়ের আবশ্যক সকল খরচ তত টাকাতে কুলাইবে না, ইহা ঐ সময়ের মধ্যেই দেখিতে পাওয়া গেলে, পোলীসের কমিশ্যনর সাহেব সেই সময়ের নিমিত্তে পরিশিষ্ট বজেট প্রস্তুত করিবেন। ঐ পরিশিষ্ট বজেটের প্রতি ইহার পূর্ব্ব তিন ধারার বিধান খাটিবে ইতি।

ঐ অনুমানপত্রে যত টাকা ধরা গেল তাহা গবর্ণমেণ্টে দিতে হইবার কথা।

১৪২ ধারা। গবর্ণমেণ্ট সময়ে২ পোলীস দলের ভরণ পোষণের নিমিত্ত সাধারণ রাজস্বহইতে যত টাকা নিরূপণ করিয়া থাকেন উক্ত যে অনুমানপত্র গ্রাহ্য হয়

of the Police Force be paid to the Local Government, or to such Officer as the Local Government may from time to time direct, by the Justices out of the annual proceeds of the Police rate, and it shall not be lawful for the Justices to expend from the said proceeds any sums for purposes other than those provided in the Budget of the Commissioner of Police and duly sanctioned by the Local Government under section one hundred and forty

তাহার নিরূপিত টাকাহইতে ভত টাক বাদ দিয়া, জষ্টিসেরা বৎসর২ পোলাসের রেটের উৎপন্ন টাকাহইতে ঐ অনুমানপত্রের অবশিষ্ট টাকা স্থানীয় গবর্ণমেণ্টকে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাকে দিবেন এবং পোলীসের কমিশ্যনর সাহেবের বজেটে যে২ বিষয়ের বিধান হইযা ১৪১ ধাবামতে স্থানীয় গবর্ণমেণ্ট কর্তৃক উপযুক্তমতে অনুমোদিত হয়, জষ্টিসেবা সেই বিষয় ছাডা অন্য কোন বিষয়ে ঐ টাকা খরচ করিতে পারিবেন ন ইতি।

Commissioner to give accounts of Police expenditure

143 On or before the first day of April in every year, the Commissioner of Police shall present to the Chairman, to be laid before the Justices at their next monthly meeting an account of the expense of the Police Force for the year ending the thirty first day of December then next preceding and in case the amount which shall during such year have been paid to the Local Government under the provisions hereinbefore contained, shall not have been expended in the maintenance of the Police Force the balance remaining unexpended shall be deemed to have been paid by the Justices in or towards discharging the expense of the Police Force during the ensuing year

পোলীসে যত টাকা খরচ হয় কমিশ্যনর সাহেবের ইহার হিসাব দিতে হইবার কথা।

১৪৩ ধারা। পোলীসদলের নিমিত্ত ডিসেম্বর মাসের ৩১ তারিখ পর্য্যন্ত এক বৎসরাবধি যত টাকা খরচ হয পোলীসের কমিশ্যনর সাহেব প্রতি বৎসর তৎপশ্চাৎ আপ্রিল মাসের ১ তারিখে কি ত পূর্ব্বে সভাপতি সাহেবকে ঐ টাকার হিসাব দিবেন। তৎপবে যে মাসিক সভা হইবে তিনি সেই সভায জষ্টিসদের সম্মুখে ঐ হিসাব অর্পণ করিবেন। আর ইহার পূর্ব্ব বিধ নমতে ঐ বৎসরে স্থানীয় গবর্ণমেণ্টকে যত টাকা দেওযা গেল, যদি পোলীসদলেব ভরণপোষণে তত টাকা খরচ না হইযা থাকে, তবে জষ্টিসেরা পোলীস দলের আগামি বৎসরের খরচের নিমিত্ত ঐ অবশিষ্ট টাকা দিলেন এমত জ্ঞান কদিতে হইবে ইতি।

CHAPTER IX

Of the System of Drainage for the Town and its Environs

নবম অধ্যায।

নগরের ও শহরতলীব জল বাহিব হইবার বিধানের কথা।

J st ces to fra th r w

144 The Justices may carry out such a complete system of sewerage and drainage within the Town as they may think fit subject to the approval of the Local Government, and to such alterations as may from time to time be ordered by it

নগরের জল বাহির হইবার পথ জষ্টিসদের করিবার কথা।

১৪৪ ধারা। জষ্টিসদের বিবেচনায নগরের জল বাহির হইবার জন্যে নরদমার ও পয়নালার যেরূপ নিয়ম কবা উপযুক্ত হয, স্থানীয গবর্ণমেণ্টেব অনুমোদনক্রমে, ও ঐ গবর্ণমেণ্ট সময়ে২ তাহার যদ্রূপে পবিবর্ত্তন করিতে আজ্ঞা করেন তদ্রূপে নরদমা ও পযনালা প্রস্তুত করাইয়া দিবেন ইতি।

Local Government may declare environs within the drainage system

145 The Local Government may determine what portions if any of the environs of the Town shall be included in the said system of sewerage and drainage and may declare the boundaries thereof in the *Calcutta Gazette*, and for the purposes of the Drainage rate the land within such boundaries as aforesaid shall be deemed to be part of the Town

ঐ নরদমা বিষযক নিযম নগরের বহির্ভূত যে২ স্থানে করা যাইবে তাহা স্থানীয় গবর্ণমেণ্টের স্থির করিবার কথা।

১৪৫ ধারা। নবদমা ও পযনালাব উক্ত নিয়মানুযায়ি কার্য্য নগরের বহির্ভূত স্থানে করিতে হইলে, তাহা কোন স্থানে করা যাইবে, স্থানীয গবর্ণমেণ্ট ইহা নির্ণয করিযা কলিকাতা গেজেটে ঐ অংশেব সীমা প্রকাশ করিবেন ও উক্ত সীমার মধ্যে যে ভূমি থাকে নরদমার রেটের কার্য্যপক্ষে তাহা নগরের একাংশ বলিয়া জ্ঞান হইবে ইতি।

CHAPTER X

OF THE REGISTRATION OF BIRTHS AND DEATHS

Justices may keep a Register of births and deaths and appoint Registrars

146 The Justices shall keep in their office a Register of all births and deaths in the Town, and for this purpose shall divide the Town into such and so many districts as they shall think fit, and for every such district shall appoint a person to be a Registrar of births and deaths within such district and the Justices shall at each burning ghât and native burial ground appoint a Sub Registrar for the registration of all corpses brought to such burning ghât or burial ground for cremation or interment

Every Registrar to live in his district list of Registrars to be published &c

147 Every Registrar shall dwell within the district of which he is Registrar and every Sub Registrar shall dwell in the vicinity of the burning ghât or native burial ground for which he is appointed and they shall cause their names with the addition of Registrar for the district, or Sub Registrar for the burning ghât or native burial ground for which they shall be so appointed to be placed in some conspicuous place on or near the outer door of their own dwelling houses, and the Justices shall cause to be printed and published a list containing the name and place of abode of every Registrar and Sub Registrar in the Town

Justices to have Register books prepared and numbered

148 The Justices shall cause to be prepared and printed a sufficient number of Register books for making entries of all births and deaths which may take place in the Town according to the forms prescribed in the seventh and eighth schedules, and the pages of such book shall be numbered progressively from the beginning to the end

Registrar to inform himself and register births and deaths

149 Every Registrar shall inform himself of every birth and of every death which shall happen in his district, and shall ascertain and register as soon as conveniently may be after the event, without fee or reward the particulars required to be registered according to the forms in the seventh and eighth schedules respectively touching every such birth and every such death, as the case may be, which shall not have been already registered, every such entry being made in order from the beginning to the end of the book

দশম অধ্যায়।

জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করণের কথা।

জন্মের ও মৃত্যুর রেজিষ্টর রাখিতে ও রেজিষ্ট্রার নিযুক্ত করিতে জষ্টিসদের ক্ষমতার কথা।

১৪৬ ধারা। নগরের মধ্যে যত জনের জন্ম ও মৃত্যু হয়, জষ্টিসেরা আপনাদের আফিসে তাহার রেজিষ্টর রাখিতে পারিবেন। এই কার্য্য হেতুক, তাঁহারা যত পল্লী করিয়া নগর বিভাগ করা উচিত বোধ করেন, তত পল্লীতে ভাগ করিয়া প্রত্যেক পল্লীতে যত জনের জন্ম ও মৃত্যু হয় তাহার রেজিষ্ট্রার বলিয়া কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, আরও শবদাহ করিবার ঘাটে ও এদেশীয় লোকদের কবরস্থানে দাহ করিবার কি কবর দিবার জন্যে যত শব আনা যায় জষ্টিসেরা তাহা রেজিষ্টর করিবার জন্যে উক্ত প্রত্যেক ঘাটে ও কবর স্থানে এক২ জন সব-রেজিষ্ট্রার নিযুক্ত করিবেন ইতি।

রেজিষ্ট্রারদের আপন২ পল্লীতে বাস করিবার কথা ও রেজিষ্ট্রার প্রভৃতির নির্ঘণ্টপত্র প্রকাশ হইবার কথা।

১৪৭ ধারা। যে ব্যক্তি যে পল্লীর রেজিষ্ট্রার হন তিনি সেই পল্লীতে বাস করিবেন, ও প্রত্যেক জন সব-রেজিষ্ট্রার শবদাহ করিবার যে ঘাটে কি এদেশীয় লোকদের যে কবরস্থানে নিযুক্ত হন, তাহার নিকটে বাস করিবেন, এবং যে২ পল্লীতে নিযুক্ত হন আপন২ বাসস্থলের বাহিরের দ্বারে কি তাহার নিকট কোন প্রকাশ স্থানে সেই পল্লীর রেজিষ্ট্রার কিম্বা শবদাহ করিবার ঘাটের কি কবরস্থানের সব রেজিষ্ট্রার বলিয়া আপনাদের নাম লাগাইয়া রাখিবেন, এবং জষ্টিসেরা নগরের প্রত্যেক জন রেজিষ্ট্রার ও সব রেজিষ্ট্রারের নামের ও বাসস্থানের নির্ঘণ্টপত্র ছাপাইয়া প্রকাশ করিবেন ইতি।

জষ্টিসদের রেজিষ্টরী বহী প্রস্তুত করিয়া ও নম্বর দিয়া রাখিবার কথা।

১৪৮ ধারা। নগরের মধ্যে যত জনের জন্ম ও মৃত্যু হয় তাহা লিখিয়া রাখিবার নিমিত্ত যত খানি রেজিষ্টরী বহীর আবশ্যক, জষ্টিসেরা তাহা প্রস্তুত করিয়া রাখিবেন। সপ্তম ও অষ্টম তফসীলে যে২ পাঠ নির্দ্দিষ্ট হইল ঐ রেজিষ্টর সেই২ পাঠে লেখা যাইবে, ও সেই বহীর পৃষ্ঠায়২ প্রথমাবধি শেষপর্য্যন্ত ১ একাদিক্রমে অঙ্ক দেওয়া যাইবে ইতি।

জন্মের ও মৃত্যুর সন্ধান রেজিষ্ট্রারের জানিয়া লইতে হইবার কথা।

১৪৯ ধারা। কোন পল্লীতে যত ব্যক্তির জন্ম ও যত ব্যক্তির মৃত্যু হয়, ঐ পল্লীর রেজিষ্ট্রার তাহার সন্ধান জানিয়া লইবেন, ও পূর্ব্বে কোন ব্যক্তির জন্ম কি মৃত্যু রেজিষ্টরী করা না গেলে সপ্তম ও অষ্টম তফসীলের পাঠানুসারে তাহার যে২ বর্ণনা রেজিষ্টরী করা আবশ্যক, সুবিধামতে শীঘ্র করিয়া তাহার সন্ধান জানিয়া ফী কি পুরস্কার না লইয়া রেজিষ্টরী করিবেন। ঐ সকল কথা ক্রমশ বহীর প্রথমাবধি আরম্ভ করিয়া সমাপ্তি পর্য্যন্ত লিখিত হইবে ইতি।

Information of birth to be given within eight days

150 The father or mother of every child born in the Town, or in the case of the death, illness, or absence, or inability of the father and mother, the occupier of the house in which such child shall have been born, shall, within eight days after the day of the birth, give information to the Registrar of the district, according to the best of his or her knowledge and belief of the several particulars by this Act required to be known and registered touching the birth of such child

আট দিনের মধ্যে জন্মের কথা জানাইতে হইবার কথা।

১৫০ ধারা। নগরের মধ্যে জন্ম হইলে, জন্মের পর আট দিনের মধ্যে শিশুর পিতা কি মাতা কিম্বা পিতার ও মাতার মৃত্যু কি পীড়া হইলে কিম্বা তাহারা বর্ত্তমান না থাকিলে, যে জমীতে শিশুর জন্ম হয় সেই জমীর স্বামী এই আইনমতে শিশুর জন্মবিষয়ের যেং বর্ণন জানিয়, রেজিস্টরী করিতে হইবে আপনার জ্ঞান ও বিশ্বাসমতে পল্লীর রেজিষ্ট্রারকে ঐ বর্ণনা জানাইবেন ইতি।

Information of death to be given

151 Some one of the persons present at the death, or in attendance during the last illness, of every person dying in the Town, or in case of the death, illness inability or default of all such persons the occupier of the house or if the occupier be the person who shall have died some person living in the house in which such death shall have happened shall forthwith give information to the Registrar of the district, or Sub Registrar at the burning ghât or burial ground, according to the best of his or her knowledge and belief, of the several particulars hereby required to be known and registered touching the death of such person

Provided that, in lieu of the information herein before stated, in the case of persons dying in any hospital it shall be the duty of the Medical Officer in charge forthwith to send a notice in writing to the Justices in the form prescribed in the eighth schedule of the occurrence of any death in the hospital under his charge

মৃত্যুর সম্বাদ দিতে হইবার কথা।

১৫১ ধারা। নগরের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু হইলে, এই আইনমতে মৃত্যু সম্পর্কীয় যেং বর্ণনা জানিয়া রেজিস্টরী করিতে হইবে, যাহারা ঐ ব্যক্তির মরণসময়ে উপস্থিত ছিলেন, কিম্বা চরমপীড়ার সময়ে তাঁহার সেবা করিয়াছিলেন তাঁহাদের কোন এক জন, কিম্বা উক্ত সকল ব্যক্তির মৃত্যু কি পীড়া হইলে কিম্বা তাঁহারা সকলেই অক্ষম হইলে কিম্বা না জানাইলে যে ঘরে ঐ ব্যক্তির মৃত্যু হয় সেই ঘরের প্রজা, কিম্বা নিজ প্রজার মৃত্যু হইলে অন্য যে ব্যক্তি ঐ ভূমিতে বাস করেন তিনি ঐ ব্যক্তির মরণের পর আট দিনের মধ্যে আপনার জ্ঞান ও বিশ্বাসমতে পল্লীর রেজিষ্ট্রারকে কিম্বা শবদাহের ঘাটের কি কবর স্থানের সব রেজিষ্ট্রারকে ঐ বর্ণনা জানাইবেন।

কিন্তু কোন ব্যক্তি হাস্পাতালে মরিলে পূর্ব্বোক্ত সন্ধান জানাইবার পরিবর্ত্তে ঐ হাস্পাতালে যে চিকিৎসক অধ্যক্ষতা কার্য্য করেন তিনি অষ্টম তফসীলের নিৰ্দ্ধারিত পাঠে আপনার অধীন হাস্পাতালে সকল মৃত্যুর নোটিস লিখিয়া অগৌণেই জষ্টিসদের নিকট পাঠাইবেন ইতি।

Penalty

152 Any person whose duty it shall be to give information to a Registrar or Sub Registrar under the two last preceding sections, who shall refuse or neglect to give such information or who shall give false information, shall be liable to a fine not exceeding one hundred rupees

দণ্ডের কথা।

১৫২ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে রেজিষ্ট্রারকে কি সব রেজিষ্ট্রারকে সন্ধান জানান যে ব্যক্তিদের কর্ত্তব্য তাঁহারা তদ্রূপ সন্ধান জানাইতে না চাহিলে কি শৈথিল্য করিলে কি মিথ্যা সন্ধান জানাইলে, তাঁহাদের এক শত টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

Person giving information to sign the Register

153 Every person by whom the information contained in any Register of births or deaths under this Act shall have been given, shall sign in the Register his name, description, and place of abode and no such registration shall be deemed to be complete or of any effect until such person shall have so signed it

Provided that the Registrar may fill up and sign the Register for any person who is unable to write

যাঁহারা সন্ধান জানান রেজিষ্টরে তাঁহাদের স্বাক্ষর করিতে হইবার কথা।

১৫৩ ধারা। এই আইনমতে জন্মের কি মৃত্যুর রেজিস্টরী বহীতে যেং সন্ধান লিখিতে হইবে, যে ব্যক্তি ঐ সন্ধান জানান, তিনি রেজিস্টরী বহীতে আপ - নাম ও ব্যবসায়াদি ও বাসস্থান লিখিবেন। ঐ ব্যক্তি তদ্রূপে স্বাক্ষর না করিলে, ঐ রেজিস্টরী কার্য্য সম্পাদন হইল বলিয়া জ্ঞান হইবে না, ও তাহার কোন ফল হইবে না।

কিন্তু কোন ব্যক্তি লিখিতে না জানিলে, রেজিষ্ট্রার তাহার হইয়া লিখিয়া রেজিস্টরে স্বাক্ষর করিতে পারিবেন।

Provided further that in the case of a person dying in any hospital the registration of the death shall be deemed to be complete on receipt by the Justices of the written notice from the Medical Officer in charge of the said hospital prescribed in section one hundred and fifty one

আরো কোন ব্যক্তি হাস্পাতালে মরিলে, যিনি সেই হাস্পাতালে চিকিৎসকতা কার্য্যের ভার প্রাপ্ত হন, ১৫১ ধারার বিধানমতে জষ্টিসেরা তাঁহার স্থানে লিখিত নোটিস পাইলে সেই মৃত্যুর রেজিষ্টরী হইযাছে এমত জ্ঞান হইবে ইতি।

154 It shall not be lawful for any sexton, keeper of a cemetery, burial ground, or burning ghât to bury, burn, or allow to be buried or burned, any corpse, unless the said corpse is accompanied by a certificate in the form specified in the eighth schedule and signed by a Registrar or Sub Registrar appointed under section one hundred and forty six, or by a Medical Officer

Corpse must be accompanied by a certificate before it is buried or burnt

১৫৪ ধারা। কবর স্থানে কিম্বা দাহ করিবার স্থানে শব আনা গেলে যদি সেই শবের সঙ্গে২ অষ্টম তফসীলের নির্দ্ধারিত পাঠে সর্টিফিকট না আনা যায়, ও সেই সর্টিফিকটে যদি ১৪৬ ধারামতে নিযুক্ত রেজিষ্ট্রারের কি সব রেজিষ্ট্রারের কিম্বা চিকিৎসকের স্বাক্ষর না থাকে, তবে ঐ ঘাটের কি কবর স্থানের রক্ষক ঐ শব কবর দিবে কি দাহ করিবে না ও কবর দিতে কি দাহ করিতে দিবে ন ইতি।

শব কবর দিবার কি দাহ করিবার পূর্ব্বে সর্টিফিকট দেখাইতে হইবার কথা।

155 Whoever buries, burns or allows to be buried or burnt, a corpse without the certificate mentioned in the last preceding section shall be liable to a fine not exceeding one hundred rupees

Penalty

১৫৫ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে সর্টিফিকটের কথা লেখা আছে কোন ব্যক্তি সেই সর্টিফিকট না পাইয়াও শব কবর দিলে কি দাহ করিলে কি কবর দিতে কি দাহ করিতে অনুমতি দিলে, তাহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

Of taking a Census

লোক গণনার কথা।

156 At such times and in such manner as the Justices may from time to time appoint, an account shall be taken of the number of persons who, at the time of taking such account shall be within the Town, and the persons employed in taking such account shall set down the several particulars respecting the same which are hereinafter prescribed

Account of population to be taken

১৫৬ ধারা। জষ্টিসেরা সময়ে২ যে২ সময় ও যে২ নিযম নিরূপণ করেন সেই২ সময়ে নগরের মধ্যে যত জন থাকে তাহাদের হিসাব সেই নিযমমতে লইতে পারিবেন যাঁহারা ঐ লোক সংখ্যা লন তাঁহারা পশ্চাৎ লিখিতমতে ঐ লোকদের নামা বৃত্তান্তও লিখিযা লইবেন ইতি।

লোক সংখ্যা লওয়ার কথা।

157 The Chairman or Vice Chairman shall superintend the taking of such account, and shall cause to be prepared and issued, for the use of the persons to be employed, such forms and instructions as he shall with the sanction of the Local Government, deem necessary, and the expenses thereby incurred shall be paid out of the Municipal Fund

Chairman or Vice Chairman to superintend the taking an account of the population

১৫৭ ধারা। সভাপতি কি প্রতিনিধি সভাপতি ঐ হিসাব লওন কার্য্যের তত্ত্বাবধান করিবেন, ও যে ব্যক্তিদিগকে ঐ কর্ম্মে নিযুক্ত করা যাইবে তাঁহাদের যে২ পাঠের ব্যবহার কর ও তাহাদিগকে যে২ উপদেশ দেওযা আবশ্যক জ্ঞান করেন স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া সেই২ পাঠ ও উপদেশ প্রস্তুত করাইয়া প্রকাশ করিবেন। ইহাতে যে খরচ লাগে তাহা মুনিসিপল ফণ্ডহইতে দেওয়া যাইবে ইতি।

লোক সংখ্যা লওয়ার কার্য্য সভাপতির কি প্রতিনিধি সভাপতির তত্ত্বাধীনে হওয়ার কথা।

158 Each Police division of the Town shall be formed into one or more enumeration districts

Enumeration Districts

১৫৮ ধারা। নগরের এক২ থানার এলাকায় যে স্থান আছে তাহা লোক সংখ্যা গ্রহণের নিমিত্ত এক২ পল্লী হইবে কিম্বা কএক পল্লী করিয়া বিভাগ করা যাইতে পারিবে ইতি।

সংখ্যা গ্রহণ সম্পর্কীয় পল্লীর কথা।

159 At such times as shall be appointed under section one hundred and fifty-six, and as shall be notified in the *Calcutta Gazette* by the Local Government, every occupier of a dwelling-house, or of any part of a

At the appointed time, occupiers of houses shall give the required information

১৫৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে ১৫৬ ধারামতে নিরূপিত যে২ সময়ের নোটিস প্রচার করেন, সেই২ সময়ে প্রত্যেক বসতবাটীর প্রজা কিম্বা ঐ বাটীর নানা ভাগে প্রজা পৃথক২ থাকিলে ঐ২ ভাগের

নিরূপিত সময়ে ঘরের রায়তদের সন্ধান জানাইতে হইবার কথা।

dwelling house distinctly occupied, and every person to whom a form, as mentioned in section one hundred and sixty one, may have been delivered, shall afford such information in regard to all persons who were abiding in his house, or in the place under his charge, on the night immediately preceding, and in such manner as may under this Act be required of them

প্রজা এবং যেং ব্যক্তিকে ১৬১ ধারার লিখিত ফারম দেওয়া যায়, ঐ ফারম পাইবার পূর্ব্ব রাত্রিতে কত জন তাঁহার ঘরে কিম্বা তাঁহার অধিকার স্থানে ছিল, তিনি তাহাদের বিষয়ে ঐ ফারমের উল্লিখিত সন্ধান জানাইবেন, ও এই আইনমতে তাহাদের সেই সন্ধান যেরূপে জানাইতে হইবে সেইরূপে জানাইবেন ইতি।

Persons to be employed as enumerators

160 The Chairman shall select a sufficient number of competent persons to act as enumerators, and every such enumerator under the direction of the Chairman shall visit every house within his district, and, except as hereinafter provided, shall take an account in writing of the name, sex, age, caste, nationality, and occupation of every living person who shall abide therein on the night immediately preceding the day appointed as aforesaid, and shall also take an account of the occupied houses and the houses then being built and therefore uninhabited and also of all other uninhabited houses within his district and in all respects conform to and obey the instructions which may be issued to him by the Chairman in this behalf

সংখ্যা লওনের নিমিত্ত ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার কথা।

১৬০ ধারা। সংখ্যা গ্রাহক বলিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন যত ব্যক্তির প্রয়োজন, সভাপতি সাহেব তাঁহাদিগকে মনোনীত করিবেন। তাঁহারা প্রত্যেক জন সভাপতির আদেশমতে আপনং পল্লীর অন্তর্গত প্রত্যেক ঘরে যাইবেন। ও পূর্ব্বোক্তমতে যে দিন নিরূপণ হয় সেই দিনের পূর্ব্ব রাত্রিতে জীবিত যত ব্যক্তি সেইং ঘরে ছিল, পশ্চাৎ লিখিত উপবিধির বিধান মানিয়া, তাহাদের নাম ও পুরুষ বা স্ত্রী ও বয়স ও জাতি ও জন্ম দেশ ও ব্যবসায় লেখাইয়া লইবেন ও আপন পল্লীর অন্তর্গত যত ঘরে প্রজা থাকে ও তৎকালে নির্ম্মীয়মান যত ঘরে প্রজা নাই ও অন্য যত ঘর খালী থাকে সেইং ঘরেরও হিসাব লইবেন। ও সভাপতি এই বিষয়ে যেং উপদেশ দেন ঠিক সেইং উপদেশমতে কর্ম্ম করিয়া তাহা মানিবেন।

Provided that in the case of females, no account shall be taken either of their name or age

পরন্তু স্ত্রীর নাম ও বয়স লিখিয়া লইতে হইবে না ইতি।

Forms for Census

161 The Chairman, when he deems such a course to be advisable, may cause such a form as shall be sanctioned by the Justices in meeting subject to the approval of the Local Government to be delivered to any occupier of any dwelling house who may be able to write, and such occupier shall fill in all the particulars required in the form on the day to be appointed, and shall deliver the same to the person authorized to demand the same

সংখ্যা লইবার ফারমের কথা।

১৬১ ধারা। কোন বসতবাটীর প্রজা লিখিতে পারিলে, সভাপতি যদি বিহিত বোধ করেন তবে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষায় সভাগত জষ্টিসেরা যে পাঠের ব্যবহার করিতে অনুমতি দেন, তিনি সেই পাঠে একখানি ফারম ঐ প্রজাকে দেওয়াইবেন, তাহা হইলে ঐ ফারমে যে সকল বৃত্তান্ত লিখিবার আদেশ থাকে ঐ প্রজা নিরূপিত দিনে সেই সকল বৃত্তান্ত লিখিয়া রাখিবেন ও যে ব্যক্তি তাহা লইয়া যাইবার নিমিত্ত নিযুক্ত হন তাঁহার দাওয়ামতে তাঁহাকে দিবেন ইতি।

Military and naval officers and certain others required to act as enumerators

162 Any military or naval Officers in command of bodies of military or naval men, or of vessels of war, or any master of a merchant vessel or nacodah, or tindal of a vessel or boat or any person in charge of a lunatic asylum hospital or prison, or of any public or private charitable or scholastic institution, or any keepers of hotels or lodging houses, shall, if required act as enumerators for the purpose of taking account of persons under their command or charge, or abiding in their houses, on the night immediately preceding the day to be appointed

সৈনিক ও জাহাজীয় মালিমপ্রভৃতির সংখ্যাগ্রাহকের কর্ম্ম করিতে হইবার কথা।

১৬২ ধারা। সৈনিক কি জাহাজীয় যে কর্ম্মকারকদের অধীনে সেনাদল কি জাহাজীয় লোক কি যুদ্ধ জাহাজ থাকে, তাঁহারা ও সওদাগরী জাহাজের কাপ্তান, কিম্বা কোন জাহাজের কি নৌকার নাখোদা কি তিণ্ডেল ও ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর কি হাস্পাতালের কি কারগারের কিম্বা ধর্ম্মার্থ কি বিদ্যাশিক্ষার্থ সাধারণ কি ব্যক্তি বিশেষের আলয়ের অধ্যক্ষ, কিম্বা হোটেলের কি পান্থ ঘরের রক্ষক আজ্ঞা পাইলে, নিরূপিত দিনের পূর্ব্ব রাত্রিতে তাহাদের আজ্ঞা কি তন্বাধীন লোকদের কি গৃহবাসিদের হিসাব লইবার নিমিত্ত সংখ্যাগ্রাহকের কর্ম্ম করিবেন ইতি।

163 Whoever, being required under section one hundred and sixty one to fill in any form, or under section one hundred and sixty to act as an enumerator, fails so to do shall be liable to a fine not exceeding one hundred rupees for every such offence

Penalty

Every person so required to act as an enumerator shall receive and conform to all instructions in writing which may be issued to him by the Chairman in that behalf

১৬৩ ধারা। কোন ব্যক্তির প্রতি ১৬১ ধারামতে কোন ফারম পূর্ণ করিয়া দিতে কিম্বা ১৬০ ধারামতে লোকদের সংখ্যা গণিয়া লইতে আজ্ঞা হইলে, তিনি তাহা না করিলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত এক শত টাকার অনধিক দণ্ড হইবে।

দণ্ডের কথা।

যাহাদের প্রতি সেইরূপে সংখ্যাগ্রাহকের কর্ম্ম করিতে আদেশ হয়, সভাপতি সেই কার্য্যপক্ষে তাঁহাদের নিকট লিখিয়া যে উপদেশ দেন, তাঁহারা তাহা পাইয়া সেই সকল উপদেশমতে কর্ম্ম করিবেন ইতি।

164 The Chairman shall obtain, by such ways and means as shall appear to him best adapted for the purpose, and as shall be sanctioned by the Justices in meeting returns of the particulars required by this Act with respect to all houseless persons and all persons who, during the said night preceding the day to be appointed, were on out door night duty, or for any other reason were not abiding in any house of which account is to be taken by the enumerators

Returns of houseless persons

১৬৪ ধারা। এই আইনমতে যে সকল বৃত্তান্ত লওয়া প্রয়োজন, যে সকল ব্যক্তি নিরাশ্রয়ী, ও নিরূপিত দিনের পূর্ব্ব রাত্রিতে যাঁহারা কর্ম্মোপলক্ষে ঘরের বাহিরে থাকেন, কিম্বা সংখ্যাগ্রাহকদের যেং ঘরের হিসাব লইতে হইবে যে ব্যক্তিরা অন্য কারণে এমত ঘরে না ছিলেন, তাঁহাদের বিষয়ের সেই বৃত্তান্ত জানিবার জন্যে সভাপতি সাহেব যেং উপায় ও নিয়ম করা অত্যুপযুক্ত জ্ঞান করেন, সভাগত জষ্টিসেরা অনুমোদন করিলে সেইং উপায় ও নিয়ম দ্বারা ঐ বৃত্তান্ত গ্রহণ করিবেন ইতি।

নিরাশ্রয় ব্যক্তিদের রিটর্ণের কথা।

165 The enumerators shall fill in all forms for those persons who are unable to write

Enumerators to fill in for those unable to write

১৬৫ ধারা। যাহারা লিখিতে না পারে সংখ্যাগ্রাহকেরা তাহাদের হইয়া ফারমের সকল কথা লিখিয়া দিবেন ইতি।

যাহারা লিখিতে না পারে তাহাদের হইয়া রেজিষ্টারদের ও সংখ্যাগ্রাহকদের লিখিতে হইবার কথা।

CHAPTER XI

OF CONSERVANCY AND IMPROVEMENT

PART I — *Of the Streets*

একাদশ অধ্যায়।

নগর পরিষ্কার ও উৎকৃষ্ট করিবার কথা।

১ পরিচ্ছেদ।—রাস্তার কথা।

166 All public streets in the Town (not being the property and kept under the control of the Government) and the pavements stones and other materials thereof and also all erections materials, implements and other things provided for such streets shall vest in and belong to the Justices

Public streets vested in the Justices

১৬৬ ধারা। নগরের মধ্যে যে সকল রাস্তা গবর্ণমেণ্টের সম্পত্তি নয় ও গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে না রাখা যায়, সেই সকল রাস্তা ও তাহার পাষাণপাতের ও পাতর ও অন্য সরঞ্জাম এবং ঐং রাস্তার নিমিত্ত যে সকল গাঁথনি ও সরঞ্জাম ও হাতিয়ার ও অন্য দ্রব্য করা যায় তাহা সকলই জষ্টিসদের প্রতি বর্ত্তিবে ইতি।

রাজপথ জষ্টিসদের প্রতি বর্ত্তিবার কথা।

167 The Justices, making due compensation to the owners and occupiers of any houses or land which may be required for any such purposes may

Power to make and improve streets

(a) lay out and make new streets,

(b) build and construct new bridges

(c) turn, divert, discontinue, or stop up any public street, and

(d) widen, open, enlarge, or otherwise improve any such street.

১৬৭ ধারা। নিম্নলিখিত কোন কার্য্যের নিমিত্তে ভূমি লওয়া প্রয়োজন হইলে, জষ্টিসেরা উপযুক্তমতে ঐ ভূমির স্বামিদের ও দখিলকারদের হানিপূরণ করিয়া ঐ ভূমি লইয়া,

রাস্তা করিবার ও তাহা উৎকৃষ্ট করিবার ক্ষমতার কথা।

(ক) নূতনং রাস্তার চিহ্নাদি দিয়া তাহা প্রস্তুত করিতে পারিবেন,

(খ) নূতন পুল গাঁথিয়া প্রস্তুত করিতে পারিবেন

(গ) কোন রাজপথ ফিরাইতে কি অন্য মুখ করিতে কিম্বা তাহার ব্যবহার রহিত করা ইতে কি তাহা বন্ধ করিতে পারিবেন, ও

(ঘ) তদ্রূপ কোন পথ ওসার করিতে কি খুলিতে কি বাড়াইয়া দিতে কিম্বা প্রকারান্তরে তাহা উৎকৃষ্ট করিতে পারিবেন।

For the purposes of this section the Justices in meeting may purchase any land necessary for houses and buildings to form any public street, or for the improvement of any public street

168 The Justices shall, so far as the Municipal Fund permits, from time to time cause the public streets to be maintained and repaired and for such purpose may do all things necessary for the public safety and convenience

Maintenance and repair of streets

169 The Justices shall cause the public streets of the Town to be sufficiently lighted, and the sum applicable annually to the current expenses of lighting the said streets shall be the gross proceeds of the said Lighting rate and no more but the Justices may expend, out of the Municipal Fund such further sums as may from time to time be requisite for the purchase, setting up cleaning and maintenance of lamps lamp posts pipes, and other necessary apparatus

Gross proceeds of Lighting rate to be appli d f purposes of lig ting

Proviso

170 The Justices shall cause the public streets to be regularly swept and cleansed, and the dust, dirt, filth, and refuse of every kind whatsoever found thereon to be collected and removed

Cleansing streets

171 The Justices may cause any number of moveable or fixed dust boxes or other convenient receptacles, wherein dust dirt, filth and refuse, arising from the ordinary domestic use of houses may be temporarily deposited until removed and carried away, to be provided and placed in proper and convenient situations, and may require the occupiers of houses in public streets to cause all such matter as aforesaid to be deposited daily, or otherwise periodically, in such receptacles and between such hours as they may from time to direct

Dust boxes in streets

172 Every person who after such receptacles have been provided, and after such requisition as above mentioned, shall deposit or cause or permit to be deposited any such matter in any public street except in such receptacles shall be liable to a fine not exceeding ten rupees

Penalty

173 Whoever deposits, or suffers to be deposited any dust dirt filth or refuse of any kind whatsoever in any public street or on any public quay jetty, ghaut or landing place, or on any part of a river bank whether above or below high water

Penalty

কোন রাস্তা করিবার কিম্বা উৎকৃষ্ট করিবার জন্যে যেং ঘর ও কোটা গাঁথা উচিত, তাহার জন্যে যে ভূমি লওয়া আবশ্যক জষ্টিসেরা এই ধারার কার্য্যপক্ষে তাহা ক্রয় করিতে পারিবেন ইতি।

১৬৮ ধারা। মুনিসিপল ফণ্ডহইতে যত দূর হইতে পারে, জষ্টিসেরা সময়েং রাজপথ সকল ততদূর সারাইয়া রাখিবেন, ও তদর্থে সাধারণের নিরাপদের ও সুবিধার জন্যে যে সকল কর্ম্ম করা আবশ্যক তাহাও করিতে পারিবেন ইতি।

পথ সারাইয়া রাখিবার কথা।

১৬৯ ধারা। নগরের মধ্যে সাধারণের গমনীয় যে পথ থাকে তাহাতে জষ্টিসেরা উপযুক্তমতে আলো দেওয়াইবেন। আলোর রেটদ্বারা মোটে যত টাকা উৎপন্ন হয় বৎসরং ঐং পথে আলো দিবার খরচের জন্যে তত টাকা প্রয়োগ হইবে তাহার অধিক নয়। কিন্তু লাণ্ঠন ও লাণ্ঠনের থাম ও নল প্রভৃতি প্রয়োজনীয় অন্য সরঞ্জাম ক্রয় করিতে ও বসাইতে ও পরিষ্কার ও সুবিধামতে রক্ষা করিতে আর যত টাকা আবশ্যক হয়, জষ্টিসেরা মুনিসিপল ফণ্ডহইতে সময়েং তত টাকা খরচ করিতে পারিবেন ইতি।

আলোর রেটদ্বারা যে টাকা উৎপন্ন হয় আলো দেওনে তাহা খরচ করিবার কথা।

উপবিধি।

১৭০ ধারা। জষ্টিসেরা নিয়মিতরূপে সকল সরকারী রাস্তায় ঝাঁটি দেওয়াইয়া তাহা পরিষ্কার রাখিবেন, ও রাস্তায় যে ধুলা ও ময়লা ও জঞ্জাল ও যে প্রকারের ওঁচলা পাওয়া যায় তাহা জড করিয়া স্থানান্তর করিতে পারিবেন ইতি।

রাস্তা পরিষ্কার করিবার কথা।

১৭১ ধারা। ধুলার যে বাক্স তুলিয়া লওয়া যাইতে পারে কি আঁটা থাকিবে ঘরের সচরাচর কার্য্যেরদ্বারা ধুলা ময়লা ওঁচলা প্রভৃতি যে জঞ্জাল বাহির হয় তাহা যত কাল স্থানান্তর করিয়া না লওয়া যায়, জষ্টিসেরা তত কাল রাখিবার নিমিত্ত সুবিধাজনক ও উপযুক্ত স্থানেং এমত ধুলার বাক্স করাইয়া রাখিতে পারিবেন, ও রাস্তার ধারে যেং ঘর থাকে সেইং ঘরের প্রজাদিগকে দিনং কিম্বা নিরূপিত কোন সময়ে যেং ঘণ্টা নির্দ্দেশ করেন সেইং ঘণ্টায় ঐং বাক্সে পূর্ব্বোক্ত দ্রব্য ফেলিতে আদেশ করিতে পারিবেন ইতি।

রাস্তায়ং ধুলার বাক্সের কথা।

১৭২ ধারা। তদ্রূপ আধার করাইয়া দেওয়া গেলে পর কোন ব্যক্তি পূর্ব্বোক্ত আজ্ঞা পাইয়া সেই আধার ভিন্ন কোন সরকারী রাস্তায় তদ্রূপ কোন দ্রব্য ফেলিলে কি ফেলাইলে কি ফেলিতে দিলে, তাহার দশ টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

দণ্ডের কথা।

১৭৩ ধারা। জষ্টিসের ধূলা কি মল কি ওঁচলা কিম্বা অন্য কোন প্রকারের জঞ্জাল ফেলিবার যেং স্থান নিরূপণ করেন ও যেং প্রকারে ও যেং সময়ে ফেলিতে অনুমতি দেন, কোন ব্যক্তি সেইং স্থান ছাড়া কোন সরকারী রাস্তায় কি সরকারী গুদিতে কি জেটীতে কি

দণ্ডের কথা।

mark, except in such places, and in such manner, and at such hours, as shall be fixed by the Justices, shall be liable to a fine not exceeding ten rupees for every such offence

ঘাটে কি নৌকাহইতে নামিবার ঘাটে কিম্বা অত্যুচ্চ জলের মাপের উপরের কি নীচে নদীর ধারের কোন স্থানে অন্যপ্রকারে বা অন্য সময়ে ফেলিলে কি ফেলিতে দিলে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

Penalty for allowing sewerage to flow on streets

174 Whoever causes or allows the water of any sink or sewer, or any other offensive liquid matter belonging to him or being in his house or land, to run, drain or be thrown or put upon any street (public or otherwise), or causes or allows any offensive matter from any sewer or privy, to run drain or be thrown into, a surface drain in any street (public or otherwise) shall be liable to a fine not exceeding ten rupees for every such offence

নরদমার ময়লা জল রাস্তায় পড়িতে দিলে দণ্ডের কথা।

১৭৪ ধারা। কোন ব্যক্তি নিজের কিম্বা আপন ঘরের কি ভুমির কোন কুণ্ডের কি নরদমার জল, কিম্বা অলবৎ অন্য কোন দুর্গন্ধ দ্রব্য সরকারী কি অন্য রাস্তায় যাইতে কি পড়িতে দিলে, কিম্বা ফেলাইলে কি রাখাইলে কি ফেলিতে কি রাখিতে দিলে, কিম্বা কোন নরদমার কি পাইখানার দুর্গন্ধদ্রব্য সরকারী কি অন্য রাস্তার ধারের খোলা নরদমায় যাইতে কি পড়িতে কি ফেলিতে দিলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

Watering street

175 The Justices, so far as the Municipal Fund permits and so far as they may deem requisite for the public convenience, shall cause the chief public streets to be watered, and for that purpose may Provide such works and engines as they may think necessary

রাস্তায় জল দিবার কথা।

১৭৫ ধারা। মুনিসিপল ফণ্ডহইতে যত দূর হইতে পারে ও জষ্টিসেরা সাধারণের সুবিধার জন্যে যত দূর আবশ্যক বোধ করেন তত দূর সকল রাজপথে জল দেওয়াইবেন। ও তদর্থে যে২ বিষ ও কল আবশ্যক হয় তাহারও বিধান করিতে পারিবেন ইতি।

Penalty for making obstructions in public streets

176 Whoever builds any wall, or erects, or sets up any fence, rail, post, or other obstruction or encroachment, in any public street, or in or over any drain, sewer, or aqueduct, after the commencement of this Act, shall be liable to a fine not exceeding one hundred rupees, and the Justices shall have

Power to remove

power to remove any such obstruction or encroachment, as also all walls, fences rails, posts, or other obstruction or encroachment erected in any public street, or in or over any open drain, sewer, or aqueduct, subsequent to the first of June in the year one thousand eight hundred and sixty three and the expense of such removal shall be paid by the person erecting the same and shall be recoverable as hereinafter provided

সরকারী রাস্তায় অবরোধ করিবার দণ্ডের কথা।

১৭৬ ধারা। কোন ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পর কোন সরকারী রাস্তার কিম্বা কোন নরদমার কি ময়নজুলির কি পয়নালার ভিতরে কি উপরে কোন প্রাচীর গাঁথিলে কি বেড়া কি গরাদিয়া কি থাম কিম্বা বাধাজনক কি স্থান যোড়াকারি অন্য দ্রব্য বসাইলে, তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং জষ্টিসেরা উক্ত অবরোধক

সরাইয়া দিবার ক্ষমতার কথা

ও স্থান যোড়াকারি সকল দ্রব্য স্থানান্তর করিয়া দিতে পারিবেন, ও ১৮৬৩ সালের জুন মাসের ১ পয়লা তারিখের পর কোন সরকারী রাস্তার কিম্বা খোলা নরদমার কি ময়নজুলির কি পয়নালার মধ্যে কি উপরে যে প্রাচীর কি বেড়া কি গরাদিয়া কি থাম কিম্বা অবরোধক কি স্থান যোড়াকারি অন্য যে দ্রব্য থাকে তাহাও স্থানান্তর করিয়া দিতে পারিবেন। যে ব্যক্তি ঐ প্রাচীর প্রভৃতি গাঁথিলেন তাহা স্থানান্তর করিবার খরচ তাঁহার দিতে হইবে, ও পশ্চাৎ লিখিত বিধানমতে তাহা আদায় হইতে পারিবে।

Temporary erections on occasions of festivals &c

Nothing herein contained shall prevent the Justices from allowing any temporary erections in any public street on occasions of festivals and ceremonies, or for building purposes

পূজাপ্রভৃতির সময়ে মাচাপ্রভৃতি বাঁধিবার কথা।

কিন্তু পর্ব্ব ও যাত্রাদির সময়ে কোন কার্য্যের জন্যে কিম্বা অল্পকালীন গাঁথনির নিমিত্ত কোন রাজপথে কোন বিষয় তুলিয়া দিবার যে অনুমতি দিতে না পারেন, এই ধারায় জষ্টিসদের প্রতি এমত নিষেধ নাই ইতি।

Private persons laying out new streets

177 Every person who wishes to make or lay out any new street, shall give notice in writing thereof to the Justices showing the intended level and width of such street and the level and width of every such street shall be fixed or approved by the Justices,

সাধারণ ব্যক্তিরা নূতন রাস্তা করিতে চাহিলে তাহারকথা।

১৭৭ ধারা। কোন ব্যক্তি নূতন পথ করিতে কি তাহার চিহ্ন দিতে চাহিলে ঐ রাস্তার যে মাটাম ধরিয়া যত পরিসর করিতে চাহেন, তিনি প্রথমে জষ্টিসদের নিকট লিখিয়া, তদ্বিষয়ের নোটিস দিবেন। জষ্টিসেরা ঐ২ পথের মাটাম ও প্রশস্ততা স্থির কিম্বা অনুমোদন করিবেন।

and the Justices may, if they think fit, cause any such street laid out or made at a level or width otherwise than in accordance with the level or width so fixed or approved as aforesaid, to be altered

or may cause any house, erected in any such street, otherwise than in accordance with such level and width, to be altered or, if necessary, removed

and the expenses thereby incurred shall be paid by the person offending

If no such level or width be fixed and no approval or disapproval of the level or width proposed be signified by the Justices within one month from the delivery of the aforesaid notice at the office of the Justices the intended street may be laid out and made upon the level and of the width specified in the notice

178 Whoever lays out makes or builds upon any such street otherwise than in accordance with the level and width so fixed or approved shall be liable to a fine not exceeding five hundred rupees

Penalty

179 If any street or any part thereof be not levelled paved metalled, flagged, channelled and sewered to the satisfaction of the Justices they may by notice in writing to the respective owners or occupiers of the land fronting, adjoining or abutting upon, such parts thereof as may need to be levelled paved, metalled flagged channelled and sewered require them to level metal pave flag channel, and sewer the same within a time to be specified in such notice and upon non compliance the Justices may if they think fit execute the works mentioned or referred to therein

Paving &c of streets

and the expenses thereby incurred shall be paid by the owners in default according to the frontage of their respective lands and in such proportion as shall be settled by the Justices or in case of dispute as shall be settled in the manner hereinafter provided for the settlement of disputes respecting damages and expenses

Provided that, after such street shall have been so levelled paved metalled flagged channelled and sewered, on the requisition of the Justices or by the Justices as aforesaid, at the expense of the owners such owners shall have a right to require

ও তাঁহারা পূর্ব্বোক্তমতে যে মাটাম ও প্রশস্ততা স্থির কি অনুমোদন করিলেন, ঐ রাস্তা সেই মাটাম কি প্রশস্ততা না ধরিয়া প্রকারান্তরে তাহার চিহ্ন দেওয়া গেলে কি তাহা করা গেলে জষ্টিসেরা উচিত বোধ করিলে তাহা পরিবর্ত্তন করাইতে পারিবেন।

এবং উক্ত কোন রাস্তার ধারে, কোন ঘর সেই মাটাম ও প্রশস্ততা না ধরিয়া গাঁথা গেলে তাহা পরিবর্ত্তন করাইতে কিম্বা আবশ্যক হইলে উঠাইয়া দিতে পারিবেন।

ঐ কার্য্যে যে খরচ লাগে অপরাধির তাহা দিতে হইবে।

উক্ত মতে মাটাম কি প্রশস্ততা স্থির করা না গেলে কিম্বা জষ্টিসদের আফিসে ঐ নোটিস দেওয়া গেলে পর এক মাসের মধ্যে প্রস্তাবিত মাটামের কি প্রশস্ততার বিষয়ে মতামত না জানাইলে, নোটিসে যে মাটাম ধরিয়া ও যত পরিসর করিয়া ঐ রাস্তা করিবার কল্পনা লেখা ছিল সেই মাটাম অনুসারে তত পরিসরের রাস্তার চিহ্ন দিয়া তাহা প্রস্তুত করা যাইতে পারিবে ইতি।

১৭৮ ধারা। তদ্রূপে যে মাটাম ও প্রশস্ততা স্থির কি অনুমোদিত হইল কোন ব্যক্তি তাহা না মানিয়া অন্য প্রকারে উক্ত কোন রাস্তার চিহ্ন দিলে কি তাহা প্রস্তুত করিলে কি তাহার উপর গৃহাদি গাঁথিলে, তাঁহার ৫০০ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

৭৯ ধারা। কোন পথ কি তাঁহার কোন অংশ যে মাটাম ধরিয়া করা গেল কিম্বা তাহাতে যেরূপে শান করা গেল কি পাতর কি টালি বসান গেল ও তাহার ধারে যে পয়নালা ও নরদমা করা গেল জষ্টিসেরা তাহাতে সন্তুষ্ট না হইলে, ঐ রাস্তার যে অংশটির মাটাম মানাইতে কি শান করিতে কি পাতর কি টালি বসাইতে কিম্বা পয়নালা কি নরদমা করিতে হইবে জষ্টিসেরা সেই অংশের সম্মুখ কি লাগাও কি ধারস্থ ভূমির স্বামিদের কি প্রজাদের নামে নোটিস লিখিয়া ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে মাটাম মানাইয়া রাস্তায় শান করিতে কি পাতর কি টালি বসাইতে কি নরদমা কি পয়নালা করিতে আজ্ঞা দিবেন। সেই আজ্ঞামতে কর্ম্ম না হইলে জষ্টিসেরা বিহিত বোধ করিলে নিজে ঐ নোটিসের লিখিত কি উল্লিখিত কর্ম্ম করিয়া দিতে পারিবেন।

সাধারণ ব্যক্তির পথে শানাদি করিবার কথা।

তাহাতে যে খরচ লাগে ত্রুটিকারি যে ব্যক্তির জমীর সম্মুখে ঐ রাস্তার যে অংশ থাকে জষ্টিসেরা যে হার নির্দ্ধার্য্য করেন তিনি সেই হারানুসারে সেই অংশের খরচ দিবেন। এই বিষয়ের বিবাদ হইলে হানিপূরণের ও খরচের বিবাদ নিষ্পত্তি করিবার জন্যে যে বিধান পশ্চাৎ করা যাইতেছে ঐ বিবাদ সেই বিধানমতে যদ্রূপে নিষ্পত্তি হয় তদনুসারে খরচ দিবেন।

পরন্তু জষ্টিসদের আজ্ঞামতে ঐ রাস্তার মাটাম মানান গেলে, কি তাহাতে শান করা গেলে কি পাতর কি টালি বসান হইলে কি তাহার নরদমা কি পয়নালা করা গেলে কিম্বা স্বামিদের খরচে জষ্টিসেরাই পূর্ব্বোক্তমতে ঐ কার্য্য করিলে, ঐ রাস্তা যেন রাজপথ বলিয়া প্রকাশ হয় ও

that the street shall be declared a public street, to be from time to time repaired by the Justices out of the Municipal Fund

180 If any street be levelled, paved, metalled, flagged, channelled, and sewered to the satisfaction of the Justices, they may if they think fit, by notice in writing put up in any part of such street, declare the same to be a public street and thereupon the same shall become a public street and be from time to time repaired by them out of the Municipal Fund

Certain streets to be deemed public and repaired by the Justices

181 The Justices in meeting shall, from time to time cause to be put up or painted on a conspicuous part of some house wall or place at or near each end corner or entrance of every public street, the name by which such street is to be known and whoever destroys, pulls down, or defaces any such name or puts up any name different from that put up by order of the Justices, shall be liable to a fine not exceeding twenty rupees

Names of public streets

Penalty

182 The Justices may, from time to time, fix a number in a conspicuous place on the outer side of any house or at the entrance of the enclosure thereof and whoever destroys, pulls down or defaces any such number shall be liable to a fine not exceeding twenty rupees

Numbers on houses

Penalty

183 All doors, gates bars and ground floor windows (whether hung or placed before or after the commencement of this Act), which open upon any public street shall be hung or placed so as not to open outwards and cause obstruction

Doors not to open outwards

and if any such door, gate, bar or window be hung or placed so as to open outwards on any such public street, the owner of the house or land to which the same is attached shall, within eight days after notice from the Justices to that effect cause the same to be altered so as not to open outwards, and if he neglects so to do, the Justices may make such alteration, and the expenses thereby incurred shall be paid by such owner

সময়েং মুনিসিপল ফণ্ডহইতে জষ্টিসদের দ্বারা সারাইয়া রাখা যায় ঐ স্বামিদের এমত আদেশ করিবার অধিকার থাকিবে ইতি।

৮ ধারা। কোন রাস্তা যে মাটাম ধরিয়া করা গেল ও যেরূপে তাহার শান করা গেল কি পাতর কি টালি বসান গেল ও তাহার যেরূপ পয়নালা ও নরদমা করা গেল জষ্টিসেরা যদি তাহাতে সন্তুষ্ট হন, তবে তাঁহারা উচিত বোধ করিলে ঐ রাস্তার ধারের কোন স্থানে নোটিস লিখিয়া দিয়া, ঐ রাস্তা রাজপথ বলিয়া প্রকাশ করিতে পারিবেন। তাহা হইলে সেই পথ রাজপথ হইবে ও সময়েং মুনিসিপল ফণ্ডহইতে সারাইয়া দেওয়া যাইবে ইতি।

কোনং পথ রাজকীয় বলিয়া জ্ঞান হইবার ও জষ্টিসদের দ্বারা সারাইয়া রাখিবার কথা।

১৮১ ধারা। কোন রাজপথ যে নামে জানা যাইবে জষ্টিসেরা সময়েং সভাগত হইয়া ঐং পথের মোড়ের কি কোণের কি প্রবেশ স্থানের নিকট কোন ঘরের কি প্রাচীরের কি স্থানের কোন প্রকাশ স্থানে ঐ পথের নাম লাগাইয়া কি রঙ্গ দিয়া লেখাইয়া দিবেন ও জষ্টিসদের আজ্ঞাক্রমে যে নাম দেওয়া যায় কোন ব্যক্তি তাহা নষ্ট করিলে কি নামাইয়া দিলে কি বিকৃত করিলে কিম্বা সেই নাম তুলিয়া ফেলিয়া অন্য নাম দিলে তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

পথের নাম দিবার কথা।

দণ্ডের কথা।

৮২ ধারা। জষ্টিসেরা কোন ঘরের বহিভাগে কিম্বা বাড়ীর মধ্যে প্রবেশ করিবার যে স্থান রাস্তার ধারে থাকে এমত প্রকাশ স্থানে সময়েং ঐ ঘরের নম্বর দিতে পারিবেন। এবং কোন ব্যক্তি তদ্রূপ কোন নম্বর নষ্ট করিলে কি নামাইয়া ফেলিলে কি বিকৃত করিলে, তাহার ২০ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

ঘরের নম্বর দিবার কথা।

দণ্ডের কথা।

১৮৩ ধারা। যে সকল দ্বার ও ফাটক ও হুড়কা ও নীচের তালার যে সকল খিড়কী খুলিলে রাজপথের উপর আসিয়া পড়ে, তাহা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে বা পরে করা যাউক, এমন করিয়া ঝুলাইয়া দিতে কি রাখিতে হইবে যেন খোলা গেলে ঘরের বাহিরে আসিয়া পথ অবরোধ না করে।

পথের উপর দ্বার না খুলিবার কথা।

আর তদ্রূপ কোন দ্বার কি ফাটক কি হুড়কা কি খিড়কি খোলা গেলে যাহাতে সরকারী রাস্তার উপরে খুলিয়া থাকে এমত করিয়া ঝোলান কি রাখা গেলে, তাহা যে ভূমিতে সংযুক্ত থাকে জষ্টিসেরা সেই ভূমির স্বামিকে নোটিস দিলে পর, ঐ স্বামী আট দিনের মধ্যে ঐ দ্বার প্রভৃতি এমন করিয়া পরিবর্ত্তন করিবেন যেন খুলিলে বাহিরে না পড়ে। ও স্বামী তাহা করিতে শৈথিল্য করিলে জষ্টিসেরা তাহা তদ্রূপে পরিবর্ত্তন করিবেন। তাহাতে যে খরচ লাগে ঐ স্বামির তাহা দিতে হইবে ইতি।

184 The owner of every house in any public street shall within fifteen days after notice from the Justices put up, and keep in good condition proper troughs and pipes for catching and carrying the water from the roof and other parts of such house and for discharging the same in such manner as the Justices shall direct and in default of compliance with such notice within the period aforesaid such owner shall be liable to a fine not exceeding ten rupees for every day that he shall so make default

I (igh nd pipes to bi hxel to h u s

I nalty

১৮৪ ধারা। জষ্টিসের, কোন রাজপথের ধারের কোন ঘরের স্বামিকে নো টিস দিয়, যেরূপে আজ্ঞা করেন, ঐ ঘরের ছাদের ও অন্যান্য স্থানের জল সেই রূপে গড়িয়া পড়িয়া যায়, তিনি এই নিমিত্ত পঞ্চদশ দিনের মধ্যে উপযুক্ত ডোঙ্গা ও নল বসাইয়া উপযুক্তভাবে সারাইয়া রাখিবেন। ও সেই সময়ের মধ্যে সেই নোটিস অনুসারে কার্য্য না হইলে, স্বামী যত দিন ঐ কর্ম্ম করিতে ত্রুটি করেন দিনপ্রতি তাঁহার দশ টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

ঘরের গায়ে ডোঙ্গা ও নল লাগাইয়া দিবার কথা।

দণ্ডের কথা।

185 The Justices may give notice in writing to the owner or occupier of any house to remove or alter any projection en croachment or obstruction which after the commencement of this Act shall be erected or placed against or in front of such house or which has been so erected or placed subsequent to the first of June in the year one thousand eight hundred and sixty three, and such owner or occupier shall within fifteen days after the service of such notice upon him remove such projection encroachment or obstruction or alter the same in such manner as shall have been directed by the Justices and in default thereof shall be liable to a fine not exceeding two hundred rupees and the Justices in such case may remove such projection encroach ment or obstruction and the expense of such removal shall be paid by the owner or occupier so making default, and shall be recoverable as hereinafter provided

Pr j tioi i ctd f tur l lous t l m l

Provided that when the expense shall have been paid by the occupier except in the case in which such projections encroachments or obstructions were made or put up by him such occupier shall be entitled to deduct the expense of removing or altering the same from the rent payable by him to the owner of the house

৮৫ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কোন ঘরের সম্মুখভাগে কি আ ড়ালে ঐ ঘরের কোন অংশ আগিয়া থাকিলে ও স্থান যোড়া কি পথ অবরোধ করিলে, ৮৬৩ সালের জুন মাসের তারিখের পরে ঐ ঘরের সম্মুখভাগে কি আড়ালে ঐ বিষয় গাঁথা কি বাঁধা গেলে জষ্টিসেরা সেই ঘরের স্বামিকে কিম্বা প্রজা- কে তাহা উঠাইয়া দিতে কি পরিবর্ত্তন করিতে নোটিস লিখিয়া দিতে পারিবেন। সেই নোটিস স্বামিকে কি প্রজাকে দেওয়া গেলে পর তিনি পঞ্চদশ দিনের মধ্যে আগিয়া থাকা কি স্থানযোড়াবাবি কি অবরোধজনক ঐ অংশটি স্থানান্তর করিবেন, কিম্বা জষ্টিসেরা যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপে পরি র্ত্তন করিবেন। না করিলে তাহার ২০০ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও জষ্টিসেরা ঐ আগিয়া থাকা কি স্থানযোড়াকাবি কি অবরোধজনক অংশটি স্থানান্তর করিতে পারিবেন। ও তাহা করিতে যে খরচ লাগে এটিকাবি স্বামির কি প্রজার সেই খরচ দিতে হইবে।

ইহার পর ঘরের কোন অংশ আগিয়া থাকিলে তাহা স্থানান্তর করিবার কথা।

